# কর্মসংস্থান

দাম : ৫ টাকা

www.karmosangsthan.com

Vol. 35 ■ Issue No. 34 ■ 20th August 2022 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88



NIOS আপনি কি মাধ্যমিক / H.S ফেল? আপনি কি H.S Science নিয়ে পাশ করতে চান?
রবীন্দ্র মুক্ত ও NIOS থেকে একচান্সে পাশ করুন
100% Pass Asst., Admission Guide, Study Materials & Online Coaching
HALDAR GROUP
WB GOVT. REG. No. : IV-1903-00113/2022
ISO 9001:2008 Certified
হেড অফিস : সোনারপুর, কলকাতা- ৭০০১৫০
www.haldargroup.org
ভর্তি চলছে : 6290233645/7044064045


# ৫ কেন্দ্রীয় পুলিশ সংস্থায় ৪,৩০০ সাব-ইন্সপেক্টর

**গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য**

**নিজস্ব সংবাদদাতা :** সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সে (সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স, বর্ডার সিকিউরিটি ফোর্স, ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশ ও সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স, সশস্ত্র সীমা বল) 'সাব-ইন্সপেক্টর' আর দিল্লি পুলিশের সাব-ইন্সপেক্টর (এক্সিকিউটিভ) পদে ৪,৩০০ ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা সব পদের জন্য আবেদন করতে পারেন। তবে দিল্লি পুলিশের সাব-ইন্সপেক্টর পদের বেলায় মোটর সাইকেল ও মোটর গাড়ি চালানোর বৈধ লাইসেন্স (এল.এম.ডি) থাকতে হবে।

বয়স হতে হবে ১-১-২০২২'র হিসাবে ২০ থেকে ২৫ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৯৭ থেকে এরপর ১৫ পাতায়


VANIK
Admission open for
Bank / SSC
Rail/WBCS
SLST/TET
7449556677


স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে

# কেন্দ্রীয় অফিসে কয়েকশো জুনিয়র ইঞ্জিনিয়ার

**ডিপ্লোমা ও ডিগ্রি ইঞ্জিনিয়ার**

**নিজস্ব সংবাদদাতা :** সেন্ট্রাল পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট, মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিস, সেন্ট্রাল ওয়াটার কমিশন ও ফারাক্কা ব্যারেজে কাজের জন্য 'জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, কোয়ান্টিটি সার্ভেয়িং অ্যান্ড কন্ট্র্যাক্ট)' পদে কয়েকশো ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা সি.পি.ডব্লু.ডি.'র 'জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল)' পদের জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে। এরপর ১৩ পাতায়

**৭৬তম স্বাধীনতা দিবসে**

কর্মসংস্থান পত্রিকার পাঠক, বিজ্ঞাপনদাতা, সংবাদপত্র বিক্রেতা ও শুভানুধ্যায়ীদের জানাই শুভ ইচ্ছা।

# কলকাতায় আর্মির র‍্যালি

## র‍্যালি হবে ১০ থেকে ১৮ ডিসেম্বর, খড়গপুরে

**নিজস্ব প্রতিনিধি :** ভারতীয় স্থলবাহিনী 'অগ্নিপথ' স্কিমে 'অগ্নিবীর' পদে ৪ বছরের চুক্তিতে কয়েক হাজার ছেলেমেয়ে নিচ্ছে। কলকাতা হেড কোয়ার্টার্স রিক্রুটিং অফিস সরাসরি র‍্যালির মাধ্যমে নিয়োগ করবে এইসব পদে : অগ্নিবীর (জেনারেল ডিউটি), অগ্নিবীর (টেকনিক্যাল), অগ্নিবীর ক্লার্ক / স্টোরকীপার (টেকনিক্যাল), অগ্নিবীর (ট্রেডসম্যান)। কলকাতা, দক্ষিণ ২৪ পরগনা, এরপর ৬ পাতায়

# বর্ডার সিকিউরিটি ফোর্সে ৩২৩ হেড কনস্টেবল, স্টেনো

**নিজস্ব সংবাদদাতা :** বর্ডার সিকিউরিটি ফোর্স 'হেড কনস্টেবল (মিনিস্ট্রিয়াল)', 'অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর (স্টেনোগ্রাফার )' পদে ৩২৩ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**হেড কনস্টেবল (মিনিস্ট্রিয়াল) :** যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ইংরিজি টাইপিংয়ে (কম্পিউটারে) মিনিটে অন্তত ৩৫টি শব্দ তোলার গতি থাকলে কিংবা এরপর ২ পাতায়


ANGEL DAY SCHOOL OF NURSING
An ISO 9001:2015 Certified
পশ্চিমবঙ্গে GNM নার্সিং
(গভঃ ও কাউন্সিল স্বীকৃত)
নিজস্ব কলেজ এবং নিজস্ব হাসপাতাল
আমডাঙ্গা, উত্তর ২৪ পরগনা
E-mail : angeldayschoolofnursing@gmail.com
Log in : www.adschoolofnursing.org
For More info@ 8972046553, 8334081245


# কোস্ট গার্ডে অফিসার

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সরকারের ভারতীয় উপকূলরক্ষীবাহিনী (ইন্ডিয়ান কোস্ট গার্ড), গ্রুপ 'এ' গেজেটেড অফিসার পদমর্যাদার 'অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্ট' (ব্যাচ নং ০২/২০২৩) পদে ৭১ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট (জেনারেল ডিউটি) :** ফিজিক্স ও অঙ্ক বিষয়ের প্রতিটিতে ৫৫% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশের পর যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে ডিপ্লোমা কোর্স পাশের পর ডিগ্রি কোর্স পাশ হলে ও অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলেও যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ১-৭-১৯৯৭ থেকে ৩০-৬-২০০১'র মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ সেমি (ত্রিপুরা, অসম ও গোর্খাদের বেলায় ১৫২ সেমি), বুকের এরপর ৬পাতায়


ভেতরের পাতায় আছে :
- রেলের গ্রুপ 'ডি' পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
- বিনা খরচে ইঞ্জিনিয়ারিং পড়ে নেভিতে চাকরি


# ন্যালকোয় ১৮৯ ইঞ্জিনিয়ার

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সরকারি সংস্থা ন্যালকো 'গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার ট্রেনি' হিসাবে ১৮৯ জন লোক নিচ্ছে। মোট অন্তত ৬৫% (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর এরপর ২ পাতায়

# ৫২ কনস্টেবল

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্রমন্ত্রকের অধীন ভারত-তিব্বত সীমান্ত পুলিশ 'কনস্টেবল (অ্যানিম্যাল ট্রান্সপোর্ট)' পদে পশ্চিমবঙ্গ-সহ অন্যান্য রাজ্য থেকে ৫২ জন ছেলে নিচ্ছে। মাধ্যমিক পাশ এরপর ৪ পাতায়


GNM ও B.Sc. নার্সিং
ট্রেনিং দিয়ে চাকরি। স্টুডেন্ট ক্রেডিট কার্ড এর সহায়তা
যোগ্যতা : উচ্চমাধ্যমিক পাশ যে কোন শাখার ছেলেমেয়েরা আবেদনের যোগ্য।
নিজস্ব প্রতিনিধি : পশ্চিমবঙ্গ সরকার ও কেন্দ্রীয় সরকার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ তথা বেসরকারী স্বাস্থ্য বিভাগে স্টাফ নার্স ও ফার্মাসিস্ট পদে নিয়োগ ও চাহিদার কথা মাথায় রেখে 'Indian Institute of Higher & Professional Studies (IIHPS) with associate other state group of instutions'এর যৌথ উদ্যোগে প্রচুর ছেলেমেয়েকে - GNM ও B.Sc., PB.B.Sc. M.Sc. নার্সিং ও D.Pharm, B.Pharm ট্রেনিং ও সরাসরি কাউন্সেলিং এর মাধ্যমে ভর্তি শুরু হয়েছে।

D.Pharmacy ও B.Pharmacy ভর্তি শুরু
বিশেষ দ্রষ্টব্য : আমাদের ইনস্টিটিউশন-এর মাধ্যম দিয়ে ভর্তি হয়ে বহু ছাত্রছাত্রী পশ্চিমবঙ্গ সরকারের অধীনস্ত সরকারী ও বেসরকারী হাসপাতালে কর্মরত। www.iihps.co.in
পশ্চিমবঙ্গের নিজস্ব কলেজ থেকে করানো হয়
কলেজের বিশেষত্ব
☞ কোর্সগুলি ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল অফ গভঃ স্বীকৃত যাহা সরকারী ও বেসরকারী চাকুরীতে ১০০% মান্যতাপ্রাপ্ত। ☞ নিজস্ব কলেজ ক্যাম্পাসে থাকা-খাওয়া, ☞ ক্লাস ও নিজস্ব হসপিটালে প্র্যাকটিক্যালের সুবিধা ☞ কোর্স শেষে নিশ্চিত চাকরী ☞ বাঙালী খাবারের ব্যবস্থা। ১০০% এডুকেশন লোনের সহায়তা
SC / ST / OBC – মাইনরিটি ছাত্রছাত্রীদের ভর্তি ফি এর উপর বিশেষ ছাড়। ন্যূনতম কোর্স ফি। কোর্স শেষে চাকরির নিশ্চয়তা।
নিজস্ব হাসপাতালে ইন্টার্নশিপ করার সুযোগ
ভর্তির আবেদন করতে ও ভর্তি বিষয়ে বিস্তারিত জানতে যোগাযোগ করুন :
Indian Institute of Higher & Professional Studies (IIHPS)
(An ISO 9001 : 2015 Certified Institute)
কোলকাতা (H.O) : 033-2548 3131
9830116233, 9830116992
9874013210, 9874013370



সরাসরি ভর্ত্তির সুবর্ণ সুযোগ
নার্সিং ও ফার্মাসি কোর্সে ১৭০০ ছেলেমেয়ের ট্রেনিং দিয়ে নিশ্চিত চাকরি
NINPS এবং ইহার গ্রুপ অফ ইনস্টিটিউশনসএর যৌথ উদ্যোগে সরাসরি নিজস্ব কলেজে ভর্ত্তির কাউন্সিলিং শুরু হয়েছে।
বারাসাত সদর হাসপাতালের 2 নং গেটের পাশে মিত্রালয় ভবন ভর্ত্তির কাউন্সিলিং শুরু হয়েছে
GNM নার্সিং| B.Sc. নার্সিং
D.Pharmacy (ডি. ফার্মাসি)
যোগ্যতা : H.S পাশ আর্টস ও সায়েন্স বিভাগের ছাত্রছাত্রীরা আবেদন যোগ্য
All Courses offered under State Council, INC, PCI Approved Colleges
ন্যাশনাল ইনস্টিটিউট অফ নার্সিং এন্ড প্যারামেডিক্যাল সায়েন্স
(An ISO 9001 : 2015 Certified & MSME-Govt. of India Regd.)
ভর্ত্তির জন্য আবেদন করতে / বিস্তারিত জানতে আবেদন করুন
বারাসাত 8972046553 কোলকাতা 8334081245
বসিরহাট 8972045952 Website : www.ninps.org


# কেন্দ্রীয় সংস্থায় ১৩০ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সরকারি সংস্থা, এন.এম.ডি.সি. লিমিটেডের ছত্তিশগড়ের বাইলাডিলা আয়রণ ওর মাইন 'ট্রেড অ্যাপ্রেন্টিস' হিসাবে ১৩০ জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডের জন্য যোগ্য :

আই.টি.আই. থেকে মেকানিক ডিজেল, ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক্যাল), মেকানিক (মোটর ভেহিক্যাল), ইলেক্ট্রিশিয়ান, মেশিনিস্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন। শূন্যপদ : মেকানিক ডিজেল ২৫টি, ফিটার ২০টি, ইলেক্ট্রিশিয়ান ৩০টি, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক্যাল) ২০টি, মেকানিক (মোটর ভেহিক্যাল) ২০টি, অটো ইলেক্ট্রিশিয়ান-২টি, মেশিনিস্ট -৫টি।

ফিজিক্স ও কেমিস্ট্রি বিষয় নিয়ে বি.এসসি. কোর্স পাশরা 'কেমিক্যাল ল্যাব অ্যাসিস্ট্যান্ট' ট্রেডের জন্য যোগ্য। শূন্যপদ : ২টি।

ফিজিক্স, কেমিস্ট্রি এরপর ৪ পাতায়

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্প লাইন
:(০৩৩) ২৪৬০ ৬২১১/ ৬২১২/ ৮২৩৪ ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স, আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

### স্কুল-কলেজ-শিক্ষা

**B.Ed, D.El.Ed (কম ফি)**
Nursing, D.Pharm, LLB কোর্সগুলিতে পশ্চিমবঙ্গে সরাসরি ভর্তি চলছে। M : 9609491755
MS

**বিশেষ বিজ্ঞপ্তি**

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনী সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**।

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

### স্কুল-কলেজ-শিক্ষা

**সরকারি চাকরির প্রস্তুতিতে**
**CACES**
আমাদের তিনটি পরীক্ষিত কোর্স WBCS, SLST (PT/TET) ও CPTP প্রিলি - মেইনে বসার পূর্বশর্ত কমন সিলেবাসভিত্তিক এই পরীক্ষায় উত্তীর্ণ হওয়া। মেইন-ভাইভায় অংশ নিতে এবং র‍্যাঙ্কিংয়ে প্রথম দিকে থাকতে পৃথক সিলেবাসভিত্তিক এই পরীক্ষায় সর্বাধিক নম্বর পেতেই হবে। প্রস্তুতি - প্রস্তুতির 50% প্রিলি ও বাকি 50% মেইনের জন্য বরাদ্দ করা উচিত। সকল প্রকার প্রস্তুতি-সহায়তায় আপনাদের পাশে CACES, 2/80, দমদম রোড (GTR গেটের বিপরীতে), Kol-74, M : 9062756906
SH(A)

### স্কুল-কলেজ-শিক্ষা

**B.Sc. Nursing, GNM**
ANM, B.Pharma, D.Pharma. সরাসরি ভর্তির জন্য, Mob- 9143237745, 8910797294
M(A)

NSDC অনুমোদিত ফিজিওথেরাপি, Nursing, X-Ray কোর্সে ভর্তি চলছে। CBMC - 7980637213, 32, Surya Sen St. Kol-9
CM

**COMPETITIVE MATHS**
সকল সরকারি চাকরির পরীক্ষার অঙ্ক করানো হয়। মাসিক ফি 201/- মাত্র। M: 9007595993, মধ্যমগ্রাম।
S

LL.B (3 yrs) যে কোন বয়সে। যোগ্যতা : যে কোন গ্র্যাজুয়েট ও 45% নম্বর, SC/ST-40%, OBC-42%, ল'পয়েন্ট 9830132343
S

**স্বাস্থ্য পরিষেবায় চাকুরীমুখী কোর্স**
নার্সিং অনুমোদিত Council / UGC & BSS অনুমোদিত
GNM, B.Sc, Nursing, P.B.B Sc (নার্সিং কোর্সের স্কলারশিপ সুবিধা)
Paramedical Course : BMLT / DMLT, Diploma / Bachelor in Radiology & OT, BPT / DPT, D.Optm, ECG, Critical Care, Dental (DDH & T), CSSD, অ্যালো: (CMS & ED), আয়ু: (DAMS), হোমিও : (DHom & DHMS), ক্রেবোটমি, Dialysis, D.Pharm & B.Pharm কোর্সে ভর্তি চলছে। (Own Campus, Hostel & Hospital)
CENTRAL INSTITUTE OF MEDICAL SCIENCE & TECHNOLOGY
126E Raja Rammohan Sarani, Near Sealdah Railway St. Kolkata 700 009
9888 295 882 / 9331 062 421

**সরকার স্বীকৃত কোর্সে ভর্তি চলছে**
1. ADVANCE GDA-ICCU (NURSING) 2. PHLEBOTOMIST (BLOOD COLLECTOR) 3. YOGA THERAPY - (6 Months) Affiliated to Health Care Sector Skill Council - NSDC - M.S.D.E, Govt. of India (JOB ASSISTANCE)
Diploma Courses: 1. Diploma in Medical Laboratory Technician 2. Diploma in O.T Technician 3. Diploma in X-Ray & Imaging Technology
Affilated to Indian Medical Association HQ-New Delhi (Duration : 2 years + Internship)
Recognised by Health & Family Welfare, Govt. of NCT New Delhi
SCHOOL OF MEDICAL TECHNOLOGY
Affiliated Training Institute : 24 Girish Ch. Bose Road, Kolkata - 14
Ph : 9231520480, 33-22272310 (Entaly, above SBI)
Jhargram - 6294289478 • Burdwan - 8001508710 • Purulia - 9932965636 • Behrampore - 9733712773

### কর্মখালি

**দমদম ক্যান্টনমেন্ট ব্রাঞ্চে**
220 জন মহিলা কর্মী স্থায়ী পদে শীঘ্র নিয়োগ। বেতন 6-20,000 যোগ্যতা- ৮ম-স্নাতক। M : 8170938146
CM

**অফিস স্টাফ চাই**
Well Educated, English, Hindi, Bengali জানা Female Staff চাই। Salary-10K. Garia, Kolkata, M: 7980641353
D

**ব্যাঙ্ক, এয়ারপোর্ট**
বিনা ডোনেশনে Bank ও এয়ারপোর্টে অষ্টম/স্নাতক M/F কর্মী চাই। বেতন : 22,000/-- 42,700/-, PF, ESI, বোনাস-সহ থাকা-খাওয়া ফ্রি। 9434566004
SA

**এয়ারপোর্ট ও ব্যাঙ্ক DSA**
M/F কর্মী নিয়োগ চলছে। বেতন : 17,500-52,600, থাকা-খাওয়া, যাতায়াত ফ্রি। এছাড়া Ex-Army দের বিশেষ সুবিধা দেওয়া হচ্ছে। বিশদ জানতে Mobile : 7596831900, ফর্ম - 100+
SA

**জাহাজে ও ডকে চাকরি**
L/C No. KOL69WB, পঃবাংলার 23টি জেলার কর্মপ্রার্থীদের যোগ্যতানুযায়ী বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে 193 জন M/F নিয়োগ করানো হচ্ছে। Salary : 23,750-53800, MP-স্নাতক, Age : 18-38, 3 মাস 7 দিন জব করার পর 22 দিনের ছুটি with Salary-সহ। থাকা, খাওয়া-সহ ছুটি, বোনাস, ESI, PF, এছাড়া অন্যান্য সুবিধা - 7477530111
SA

### কর্মখালি

**প্রাঃ ব্যাঙ্কে স্থায়ী জব**
Front & Back office. Age : 18-35, HS & Graduate. Salary :12k-20K. নিজ এলাকা। হাওড়া-হুগলি : 9477762102, 6291125164, 8697616100.
R

**BANK-AIRPORT**
Govt. Reg. No.-2248 সমস্ত জেলায় বিনা ডোনেশনে ব্যাঙ্ক, Airport-এ ৮ম/স্নাতক M/F কর্মী চাই। বেতন : (17200-42000) থাকা-খাওয়া ফ্রি। PF, ESI, বোনাস। শীঘ্র যোগাযোগ Mob: 9432957601
SA

**প্রাইভেট ব্যাঙ্কে জেলাভিত্তিক স্থায়ী জব**
L/C No. KOL-WB50C97, পঃ বাংলার বিভিন্ন প্রান্তে প্রাঃ ব্যাঙ্কে Back-Office, এছাড়া বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে ৯৩ জন M/F জেলাভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। Salary - 16,500/- – 26,700/-, MP-স্নাতক, Age - 18-41, ছুটি, বোনাস, ESI, PF এছাড়া অন্যান্য সুবিধা। M - 7384333014
SA

### কর্মখালি

**সরাসরি নিয়োগ**
প্রতিটি জেলায় গার্ড, SV, ইনচার্জ, ওয়ার্ডবয়, পিওন, অফিসবয়, ক্লার্ক, ATM গার্ড চাই। বেতন : 13500-22500. M : 8961921488
SA

**জাহাজ ও ডকে চাকরি**
জাহাজে অষ্টম-স্নাতক 107 জন নিয়োগ। খিদিরপুর, হলদিয়া হইতে আন্দামান। বেতন : 27,400/-65,700/- +PF, শীঘ্র যোগাযোগ, M : 9434565014
SA

**আর্জেন্ট ভ্যাকান্সি**
মিটার রিডিং ও বিলিং কাউন্টারের কাজে জেলাভিত্তিক Male/ Female কর্মী নিয়োগ চলছে। যোগ্যতা : ৮ম-স্নাতক। বেতন : 17,500/--21,300/-+TA, ESI, PF, OT, Ex-আর্মিদের বিশেষ ছাড়। যোগাযোগ M : 8420113156
SA

### কর্মখালি

**শীঘ্র নিয়োগ**
অজন্ত (DSA)-তে বিস্কুট, মেডিসিন, চিপস, জল, Co.-তে M/F চাই। থাকা-খাওয়া ফ্রী। বেতন : 12000/-- 18000/-, M : 8370952035
SA

**Airport এ নিয়োগ**
No Donation, সরকারি কন্ট্রাক্টরের অধীনে ৮ম/স্নাতক নিয়োগ। পদ- S/V, G/FS, চেকিং - পোস্টিং দমদম, বর্ধমান, অণ্ডাল, শিলিগুড়ি। বেতন - 17,900/--42,400/- M : 9874880352, 9434564954
SA

**ব্যাঙ্কে চাকরি**
পশ্চিমবঙ্গের সমস্ত জেলাভিত্তিক ব্যাঙ্কে DSA তে নিয়োগ চলছে। যোগ্যতা : মাধ্যমিক-স্নাতক। বেতন : 13,500/- –56,000/-. M/F নিয়োগ। Ex-Army বিশেষ সুবিধা আছে। M : 8336096323
SA

**স্বাধীনতা দিবস** INDIA 75
উপলক্ষ্যে আগামী সোমবার
১৫ আগস্ট 'কর্মসংস্থান' ও 'সাফল্য' পত্রিকার
সমস্ত বিভাগ বন্ধ থাকবে।

**উচ্চশিক্ষায় পশ্চিমবঙ্গের একমাত্র নির্ভরযোগ্য প্রতিষ্ঠান**
**শ্রী রামকৃষ্ণ একাডেমী**
1.5 লাখে D.Pharm | 2.6 লাখে GNM | 3.5 লাখে B.Sc. Nursing | 1.32 লাখে LLB
এছাড়াও এখানে UGC Recognized Private University থেকে B.A., B.Sc., B.Com, MA, M.Sc., M.Com, B.Tech, M.Tech, MBA, B.Ed, Ph.D
করে জীবনে প্রতিষ্ঠা লাভ করুন
100% পাশের গ্যারান্টি সহ ভর্তি করা হয়।
542, G.T Road (S), Howrah- 711101 বেনারসী কুঠি বিল্ডিং (৩য় তল) 9477484191 / 9477484192

## বর্ডার সিকিউরিটি ফোর্সে

১ পাতার পর

ঘন্টায় ১০,৫০০ কী ডিপ্রেশনে গতি থাকলে আবেদন করতে পারেন। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : ৩১২টি (জেনাঃ ১৫৪, ই.ডব্লু.এস. ৪১, ও.বি.সি. ৬৫, তঃজাঃ ৩৮, তঃউঃজাঃ ১৪)।

**অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর (স্টেনোগ্রাফার):** যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ইংরিজি শর্টহ্যান্ডে মিনিটে অন্তত ৮০টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। কম্পিউটারে ৫০ মিনিটের ডিকটেশন টেস্ট হবে। মূল মাইনে : ২৯,২০০-৯২,৩০০ টাকা। শূন্যপদ : ১১টি (তঃউঃজাঃ)।

সব পদের বেলায়ই কম্পিউটার অ্যাপ্লিকেশনের কাজে প্রাথমিক জ্ঞান থাকা দরকার। এছাড়া শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৬৫ (আদিবাসী বা, তপশিলী উপজাতি হলে ১৬২.৫) সেমি. আর মেয়েদের বেলায় ১৫৫ (আদিবাসী বা, তপশিলী উপজাতি হলে ১৫০) সেমি.। ছেলেদের বেলায় বুকের ছাতি না-ফুলিয়ে ৭৭ সেমি., ফুলিয়ে ৮২ সেমি. (তপশিলী উপজাতি হলে ফুলিয়ে ও না ফুলিয়ে ১ সেমি. ছাড় পাবেন) আর ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। মেয়েদের বেলায় বুকের ছাতিতে কোনো কড়াকড়ি নেই। দৃষ্টিশক্তি হতে হবে ছেলে ও মেয়েদের ক্ষেত্রে দূরের বেলায় ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/৯ আর কাছের বেলায় ভালো চোখে N6 ওখারাপ চোখে N9. ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, শিরাস্ফীতি, রাতকানা ইত্যাদি রোগ থাকলে আবেদন করবেন না।

বয়স হতে হবে ৬-৯-২০২২'র হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর ও প্রাক্তন সমরকর্মী আর বিভাগীয় কর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

প্রাথমিকভাবে দরখাস্ত বাছাই করে লিখিত পরীক্ষার জন্য ডাকা হবে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এই ৫টি পেপারে : (১) ইংলিশ/হিন্দি ল্যাঙ্গোয়েজ, (২) জেনারেল ইন্টেলিজেন্স, (৩) নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড, (৪) ক্ল্যারিক্যাল অ্যাপ্টিটিউড, (৫) বেসিক কম্পিউটার নলেজ। প্রতিটি পেপারে থাকবে ২০ নম্বর। মোট ১০০ নম্বরের পরীক্ষায় সময় থাকবে ১ ঘন্টা ৪০ মিনিট। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। লিখিত পরীক্ষায় প্রতিটি পেপারে অন্তত ৩৫% (তপশিলী হলে ৩৩%) নম্বর পেলে সফল বলে গণ্য হবেন। এরপর হবে শারীরিক মাপজোখের পরীক্ষা। তারপর হেড কনস্টেবল (মিনিস্ট্রিয়াল) পদের বেলায় টাইপিং পরীক্ষা ও অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর (স্টেনো) পদের বেলায় শর্টহ্যান্ড টেস্ট হবে। সব শেষে হবে ইন্টারভিউ ও ডাক্তারি পরীক্ষা। হেড কনস্টেবল (মিনিস্ট্রিয়াল) পদের বেলায় মোট শূন্যপদের ১০ গুণ প্রার্থীকে আর অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর পদের বেলায় ৩০ গুণ প্রার্থীকে লিখিত পরীক্ষায় পাশ করানো হবে। পরীক্ষা হবে কলকাতা, গুয়াহাটি, কদমতলা, হাজারিবাগ, আগরতলা, শিলং, খুরদায়।

দরখাস্ত করবেন অনলাইনে, ৬ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : http://rectt.bsf.gov.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. ও মোবাইল নম্বর থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার ও অন্যান্য প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে নাম, মোবাইল নম্বর ও ই-মেল আই.ডি. দিয়ে ওয়ান টাইম রেজিস্ট্রেশন (স্টেপ-।) করতে হবে। তখন রেজিস্ট্রেশন আই.ডি. ও পাশওয়ার্ড পাবেন। তারপর (স্টেপ-।।) রেজিস্ট্রেশন করতে হবে। এরপর স্ক্যান করা যাবতীয় প্রমাণপত্র আপলোড করবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা অনলাইনে জমা দেবেন নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ডে। মহিলা, তপশিলী জাতি, তপশিলী উপজাতি ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ন্যালকোয় ১৮৯

১ পাতার পর

পেয়ে ইঞ্জিনিয়ারিং বা, টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। কারা কোন শাখার জন্য যোগ্য : মেকানিক্যাল বা, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'মেকানিক্যাল' শাখার জন্য, ইলেক্ট্রিক্যাল বা, পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ইলেক্ট্রিক্যাল' শাখার জন্য, ইলেক্ট্রনিক্স, ইন্সট্রুমেন্টেশন, টেলিকম বা, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ইন্সট্রুমেন্টেশন' শাখার জন্য, মেটালার্জি ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'মেটালার্জি' শাখার জন্য, সিভিল, আর্কিটেকচার বা, সেরামিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'সিভিল' শাখার জন্য, মাইনিং বা, মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিপ্লোমা কোর্স পাশরা 'মাইনিং' শাখার জন্য, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি বা, অ্যাপ্লায়েড কেমিস্ট্রির এম.টেক. কোর্স পাশরা 'কেমিক্যাল' শাখার জন্য, কেমিস্ট্রির এম.এসসি বা, এ.আই.সি. কোর্স পাশরা 'কেমিস্ট্রি' শাখার জন্য যোগ্য। সব ক্ষেত্রে ইঞ্জিনিয়ারিংয়ের ফাইনাল বর্ষের প্রার্থীরাও যোগ্য।

বয়স হতে হবে ১১-৯-২০২২'র হিসাবে ৩০ বছরের মধ্যে। ১১-৯-১৯৯২'এর আগে জন্ম হলে যোগ্য নন। মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা। শূন্যপদ : ১৮৯টি। এর মধ্যে মেকানিক্যাল ৫৮টি (জেনাঃ ২৪, ই.ডব্লু.এস. ৬, ও.বি.সি. ১৫, তঃউঃজাঃ ৪, তঃজাঃ ৯)। ইলেক্ট্রিক্যাল ৪১টি (জেনাঃ ১৭, ই.ডব্লু.এস. ৪, ও.বি.সি. ১১, তঃউঃজাঃ ৩, তঃজাঃ ৬)। ইন্সট্রুমেন্টেশন ৩২ (জেনাঃ ১৩, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৯, তঃউঃজাঃ ২, তঃজাঃ ৫)। কেমিক্যাল ১৪ (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৪, তঃউঃজাঃ ১, তঃজাঃ ২)।, মেটালার্জি ১৪ (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৪, তঃউঃজাঃ ১, তঃজাঃ ২)। সিভিল ৭ (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। মাইনিং ১০ (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তঃউঃজাঃ ১, তঃজাঃ ১)। কেমিস্ট্রি ১৩টি (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৪, তঃউঃজাঃ ১, তঃজাঃ ২)।

প্রার্থী বাছাই হবে ২০২২ সালের 'গেট' পরীক্ষায় পাওয়া স্কোর দেখে। এরপর হবে ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, ১১ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.nalcoindia.com এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার ও গেট' স্কোর স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর ফটো, সিগনেচার ও অ্যাডমিট কার্ড আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী হলে ১০০) টাকা নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ডে কিংবা এস.বি.আই. কালেক্টে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য ওই ওয়েবসাইটে পাবেন।


পশ্চিমবঙ্গে এত কম খরচে এত সুন্দর পরিবেশে **নার্সিং** পড়ার সুযোগ এনে দিল

# JOY WELFARE NURSING INSTITUTE

A Unit of S.N.R Carnival

ক্যাম্পাসের মধ্যেই নিজস্ব মাল্টি স্পেশালিটি হসপিটাল, হোস্টেল, কলেজ বিল্ডিং সব পাশাপাশি

**আর মাত্র কিছু সীটে ভর্তি চলছে। আগে আসার ভিত্তিতে নেওয়া হবে।**







ভর্তির জন্য যোগাযোগ — **9641527650**

অ্যাসোসিয়েটরা যোগাযোগ করুন — **6291613422**

---

KALYANI **Reliable** Your Future Starts Here

## কল্যাণী রিলায়েবল — ভবিষ্যৎ গড়ার কারিগর

**নার্সিং, ফার্মাসি, প্যারামেডিক্যাল, ম্যানেজমেন্ট কোর্সে ভর্তি চলছে**

**D.PHARM** **B.PHARM** **PHARM.D**

Approved By PCI

পশ্চিমবঙ্গ, ব্যাঙ্গালোর, ওড়িশা, অন্ধ্র

**GNM** **B.Sc** **PB.B.Sc**

Student Credit Card Applicable

পশ্চিমবঙ্গ, ব্যাঙ্গালোর, ওড়িশা, অন্ধ্র

**100% Education Loan Assistance**

এছাড়া আরো যেসব কোর্সে ভর্তি চলছে

- DMLT, BMLT, OT-Tech, Dialysis-Tech, Physiotherapy, Radiologo, Perfusion Technology etc Paramedical Course &
- MBBS, BDS,
- Hospital Management
- MBA, BBA,
- Agriculture, Engineering
- Ph.D
- M.P, H.S etc Course

কল্যাণী রিলায়েবেল — **H.O. : Kalyani : 9007309541, 7003007707**

**Corporate Office : 24 Park Street, Kolkata – 16, Ph. : 6290427068**

শাখা অফিস — মেদিনীপুর : 8100513198, দুর্গাপুর : 7439702836

**Franchisee & Any Enquiry Call : 8017811251 (11AM to 6 PM)**

উচ্চমাধ্যমিক যোগ্যতায় নামমাত্র কোর্স ফীতে

## বিদেশের কলেজে কোর্স করিয়ে বিদেশেই প্লেসমেন্টের নজির তৈরি করল ISHM

পারমিতা মিত্র, সল্টলেক : সল্টলেকের ইন্টারন্যাশনাল স্কুল অফ হসপিটালিটি ম্যানেজমেন্ট (ISHM)-এ অ্যাভিয়েশন, হোটেল অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্টের ১ বছরের ডিপ্লোমা কোর্সে ভরতি শুরু হয়েছে। এই প্রফেশনাল কোর্স করানোর জন্য কলকাতায় অনেক কলেজ আছে। আর তাদের মধ্যে সবাই-ই দাবি করে তারা-ই সেরা। তাহলে এই কোর্স করতে আপনাদের এখানে কেউ কেন ভরতি হবে? আমাদের এই প্রশ্নের প্রত্যুত্তরে প্রতিষ্ঠানের কর্ণধার নির্ভীক সাহা বললেন, 'দেখুন এটা সত্যিই যে, হোটেল বা হসপিটালিটি ম্যানেজমেন্ট কোর্স করাচ্ছে এমন অনেক প্রতিষ্ঠান আছে আমাদের শহরে। কিন্তু আমাদের কোর্সের ইউনিক পয়েন্ট হল হোটেল, হসপিটালিটি ম্যানেজমেন্টের সঙ্গে এতে অ্যাভিয়েশনও আছে। অর্থাৎ এই ডিপ্লোমা কোর্স পাশ করার পর ছেলেমেয়েরা শুধুমাত্র নামী পাঁচতারা হোটেলে-ই নয়, তারা সহজেই দেশের সেরা সেরা এয়ারলাইন্সে-ও মোটা মাইনের চাকরি পেতে পারে।' আপনাদের এখান থেকে পাশ করে চাকরি যে পাবে — তার নিশ্চয়তা কী? উত্তরে নির্ভীকবাবু জানালেন 'দেখুন, সারা পৃথিবীর ১৭টি দেশের নামিদামি প্রথম সারির হোটেলে গেলে একটা জিনিস কমন পাবেন। হোটেলের ম্যানেজার থেকে কুক, সার্ভিস বয় বেশিরভাগই আমাদের কলেজ থেকে পাশ করা প্রাক্তন ছাত্রছাত্রী। আর ভরতির সময়, অর্থাৎ অ্যাডমিশন ফি নেওয়ার আগে আমরা ছেলেমেয়েদের কাউন্সেলিং করাই। সেখানেই আমরা কোর্স শেষে চাকরি পাওয়ার প্রমাণ দিই। তারপর তারা সন্তুষ্ট হলেই ভরতি করি।' প্রতিষ্ঠানের মার্কেটিং ম্যানেজার মহম্মদ আতাউরের মতে, 'দেখুন এটা সত্যি যে, কলকাতার বুকে অ্যাভিয়েশন, হোটেল অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্টের (BBA) ১ বছরের ডিপ্লোমা কোর্স খুব কম প্রতিষ্ঠানেই আছে। আর সর্বোপরি প্লেসমেন্ট দেওয়ার পরিসংখ্যানের দিক থেকে আমরা এখন কলকাতার প্রথম ৫ প্রতিষ্ঠানের মধ্যে পড়ি। প্রসঙ্গত উল্লেখ্য, ২০২২ সালে ভারতের সেরা হসপিটালিটি এডুকেশন ব্র্যান্ড (লন্ডন, ২০২২) হিসাবে পুরস্কার পেয়েছে এই কলেজ।' এই কোর্সে ভরতির ক্ষেত্রে যোগ্যতা দরকার উচ্চমাধ্যমিক পাশ। ১ বছরের কোর্স। স্পেশালাইজেশন হবে কেবিন ক্রু / এয়ার হোস্টেস / হসপিটালিটি ম্যানেজমেন্টে। এছাড়াও এটি একমাত্র কলেজ যেখানে কোর্স চলাকালীন সরাসরি এয়ারপোর্টে অপারেশনস'এর ট্রেনিং দেওয়া হবে। এছাড়াও কোর্স চলাকালীন মালয়েশিয়া /. থাইল্যান্ডের মতো হোটেল ম্যানেজমেন্টের ক্ষেত্রে প্রথম সারির দেশের সেরা সেরা হোটেলে ৩ থেকে ৫ মাস ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং দেওয়া হবে এখানকার ছাত্রছাত্রীদের। এছাড়াও একমাত্র কলেজ, যারা এয়ার ইন্ডিয়া ইএসএল (AIESL)-এর সঙ্গে স্ট্র্যাটেজিক টাই আপ-এ রয়েছে — যা এখানকার ছেলেমেয়েদের কলকাতা ইন্টারন্যাশনাল এয়ারপোর্টের মতো বিশ্বখ্যাত এয়ারপোর্টে সরাসরি ট্রেনিং-এ সুযোগ দেবে। এখানকার কোর্স ফি এমন রেঞ্জে রাখা আছে, যা মধ্যবিত্ত পরিবারের ছেলেমেয়েদের ভরতির ক্ষেত্রে বিশেষভাবে সাহায্য করবে। কলেজের চেয়ারম্যান নির্ভীক সাহা আরো জানান যে, আমাদের কলেজের কোর্স করার পর যেকোনো নিম্ন বা মধ্যমেধার ছেলেমেয়েরা নিজেদের ভেতরে থাকা ক্ষমতাকে এক্সপ্লোর করে এতটাই পারদর্শী, আত্মবিশ্বাসী হয়ে ওঠে যে, চাকরির বাজারে তাদেরকে সেরা সেরা হোটেল বা এয়ারলাইন্স সংস্থা মোটা টাকার প্যাকেজ দিয়ে লুফে নেয়। তারা তখন চাকরির বাজারে হয়ে ওঠে 'অ্যাসেট'। উচ্চ মাধ্যমিক পাশ করে তাই বসে না থেকে নিজেদের স্বপ্নকে সাকার করতে ফ্রি কাউন্সেলিংয়ের জন্য সরাসরি যোগাযোগ করুন এই নম্বরে — ৮৩৩৫৮৬৫৫৫৫, ৮১০০৮৮১০০৯ অথবা চলে আসুন সরাসরি আমাদের ক্যাম্পাসে : ISHM, EN-59, Saltlake, Sector V, Electronics Complex, Saltlake, Kol- 700 091. Website : www.ishm.co.in

## কল্যাণী বিশ্ববিদ্যালয়ের স্বীকৃত প্যারামেডিক্যাল কোর্স করে নিশ্চিত চাকরির সুযোগ নিন

নিজস্ব সংবাদদাতা : কল্যাণী বিশ্ববিদ্যালয়ের স্বীকৃত ড. কে. আর. অধিকারী কলেজ অফ অপ্টোমেট্রি অ্যান্ড প্যারামেডিক্যাল টেকনোলজিতে সরকারি ও বেসরকারি চাকরির উপযোগী এই সব কোর্সে ভরতি চলছে : (1) ডিপ্লোমা ইন অপ্টোমেট্রিক্যাল সায়েন্স অ্যান্ড অফথ্যালমিক টেকনিক, (2) ডিপ্লোমা ইন ইলেক্ট্রো-কার্ডিওগ্রাফি অ্যান্ড পালমোনারি ফাংশন টেস্ট, (3) ডিপ্লোমা ইন ফিজিশিয়ান অ্যাসিস্ট্যান্ট অ্যান্ড এসেনসিয়াল ড্রাগ, (4) ডিপ্লোমা ইন ডেন্টাল টেকনোলজি অ্যান্ড ওরাল হাইজিন, (5) ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিক, (6) ডিপ্লোমা ইন মেডিক্যাল রেডিওলজি টেকনিক, (7) ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি টেকনিক। যোগ্যতা : বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ভর্তির জন্য আবেদন করতে পারেন। বিজ্ঞান ছাড়া অন্যান্য শাখার ছাত্রছাত্রীদের ক্ষেত্রে ১ বছরের ব্রিজ কোর্স (প্রি-অপ্টিমেট্রি ও প্রি-টেকনোলজি) পাশ করে ওইসব ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে পারবেন। কোর্সের মেয়াদ : ২ বছর ৬ মাস।

(8) কন্ট্যাক্ট লেন্স প্র্যাক্টিসের অ্যাডভান্সড কোর্স। যোগ্যতা : যে কোনো শাখার গ্র্যাজুয়েট বা অপ্টোমেট্রি ডিপ্লোমা কোর্স পাশ। ১ বছরের কোর্স। এছাড়াও মাধ্যমিক যোগ্যতায় সার্টিফিকেট কোর্স পড়ানো হয় এইসব ট্রেডে : (1) সার্টিফিকেট ইন কমিউনিটি, (2) মেডিক্যাল সার্ভিস অ্যান্ড এসেনসিয়াল ড্রাগ, (3) সার্টিফিকেট ইন স্যানিটারি ইন্সপেকশন, (4) সার্টিফিকেট ইন বেসিক প্র্যাক্টিক্যাল নার্সিং। সীমিত কয়েকটি সীটে ভর্তির সুযোগ পাবেন। ভর্তির জন্য এখনই যোগাযোগ করুন এই ঠিকানায় — কল্যাণী ওয়েবল আই.টি. পার্ক, ফেজ-।। (পঃবঃ সরকার), কল্যাণী-ব্যারাকপুর এক্সপ্রেস ওয়ে (ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্টের উল্টোদিকে), বুদ্ধ পার্কের কাছে, কল্যাণী, নদিয়া। ফোন- 9339218894, 9477425536, 8100149510.

## পুলিশ ও সেনাবাহিনীর চাকরির ক্ষেত্রে একমাত্র শিক্ষা প্রতিষ্ঠান বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টার

বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টারে অগ্নিবীর সেনাবাহিনী, নৌবাহিনীর ব্যারাকপুর, বহরমপুর, কলকাতা র‍্যালি আসন্ন, ভর্তি চলছে। Medical Fit হওয়ার পরও ভর্তি হতে পারেন। BSF Tradesman যারা মাঠ পাশ করেছেন, তাদের হিন্দি ও ইংরিজিতে ক্লাস চলছে। কলকাতা পুলিশের কনস্টেবলের পরবর্তী ব্যাচে ভর্তি চলছে। এছাড়া WBP Constable, Excise Constable, WBP Lady Constable, SSC GD, WBP SI ইত্যাদি শূন্যপদ গুলি আসন্ন। সব বিষয়ে ভর্তি চলছে। Primary TET এর ক্লাস শুরু 20th August. ভর্তির জন্য যোগাযোগ করুন — 9091003392, 9733894444.

## ৫২ কনস্টেবল

১ পাতার পর

ছেলেরা ২৭-৯-২০২২'এর হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শারীরিক মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৭০ (তপশিলী উপজাতি হলে ১৬২.৫, গোর্খা, অসম, ত্রিপুরার প্রার্থীদের বেলায় ১৬৫) সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৮০ (তপশিলী উপজাতি হলে ৭৬, গোর্খা, অসম, ত্রিপুরার প্রার্থীদের বেলায় ৭৮) সেমি ও ৫ সেমি প্রসারণক্ষম থাকতে হবে আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন। দৃষ্টিশক্তি হতে হবে দূরের বেলায় এক চোখে ৬/৬ ও অন্য চোখে ৬/৯। ভাঙা হাঁটু, পায়ের চ্যাটালো পাতা, শিরাস্ফীতি, ট্যারা দৃষ্টি বা, বর্ণান্ধতা থাকলে আবেদনের যোগ্য নন। মূল মাইনে: ২১,৭০০-৬৯,১০০ টাকা। শূন্যপদ : ৫২টি। এর মধ্যে ছেলে ৪৪টি (জেনাঃ ২৮, ই.ডব্লু.এস. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১০)। মেয়ে ৮টি (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, তঃউঃজাঃ ২)।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে উচ্চতা মাপা হবে। তারপর শারীরিক সক্ষমতার পরীক্ষা। এরপর লিখিত পরীক্ষা। সফল হলে সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা। দরখাস্ত করবেন অনলাইনে, ২৯ আগস্ট থেকে ২৭ সেপ্টেম্বরের মধ্যে। এইওয়েবসাইটে: www.recruitment.itbpolice.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ৩০ ইয়ং প্রফেশনাল

নিজস্ব সংবাদদাতা : ন্যাশনাল হাইওয়ে অথরিটি অফ ইন্ডিয়া 'ইয়ং প্রফেশনাল (লিগ্যাল)' পদে ৩০ জন লোক নিচ্ছে। আইনের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ২০২২ সালের কমন ল' অ্যাডমিশন টেস্ট (CLAT-2022 (Post Graduate) স্কোর করে থাকতে হবে। ল' সংক্রান্ত কাজ করায় অভিজ্ঞতা থাকলে ভালো হয়। পারিশ্রমিক মাসে ৬০,০০০ টাকা। বয়স হতে হবে ৯-৯-২০২২'এর হিসাবে ৩২ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। শূন্যপদ : ৩০টি (জেনাঃ ১৪, ও.বি.সি. ৮, তঃজাঃ : ৪, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ২)। ৬ মাসের চুক্তিতে নেওয়া হবে। পরে আরো ২ বছর মেয়াদ বাড়ানো হতে পারে। দরখাস্ত করবেন অনলাইনে, ৯ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.nhai.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র, অভিজ্ঞতার প্রমাণপত্র আর 'CLAT (PG)' স্কোর কার্ড স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

## কেন্দ্রীয় সংস্থায় ১৩০ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

ও বায়োলজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা 'মেডিক্যাল ল্যাব টেকনিশিয়ান (প্যাথলজি অ্যান্ড রেডিওলজি)' ট্রেডের জন্য যোগ্য। শূন্যপদ : ২টি।

মাধ্যমিক পাশরা 'মাইনিং মেট' ট্রেডের জন্য যোগ্য। শূন্যপদ : ২টি। মাধ্যমিক পাশরা 'ব্লাস্টার' ট্রেডের জন্য যোগ্য। শূন্যপদ : ২টি।

১ বছরের ট্রেনিং। সব ক্ষেত্রে বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : BC/DGM (MIN.) / T & S, E /APPR-301-A/Vol-XI/2022-23/ 1426, Date: 04.08.2022.

প্রার্থী বাছাই হবে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হবে সকাল ১০টা থেকে। এই ঠিকানায় : Training Institute, BIOM, Bachell Complex, Bachell. মেকানিক ডিজেল ট্রেডের ইন্টারভিউ হবে ২৫ আগস্ট, ফিটার ট্রেডের ইন্টারভিউ হবে ২৬ আগস্ট, ইলেক্ট্রিশিয়ান ট্রেডের ইন্টারভিউ হবে ২৭ আগস্ট, ওয়েল্ডার ট্রেডের ইন্টারভিউ হবে ২৮ আগস্ট, মেকানিক ট্রেডের ইন্টারভিউ হবে ২৯ আগস্ট, অটো ইলেক্ট্রিশিয়ান ট্রেডের ইন্টারভিউ হবে ৩০ আগস্ট, মেশিনিস্ট ট্রেডের ইন্টারভিউ হবে ৩০ আগস্ট, কেমিক্যাল ল্যাব অ্যাসিস্ট্যান্ট ট্রেডের ইন্টারভিউ হবে ৩০ আগস্ট, মেডিক্যাল ল্যাব টেকনিশিয়ান ট্রেডের ইন্টারভিউ হবে ৩০ আগস্ট, মাইনিং মেট ট্রেডের ইন্টারভিউ হবে ৩০ আগস্ট, ব্লাস্টার ট্রেডের ইন্টারভিউ হবে ৩০ আগস্ট। ইন্টারভিউয়ের আগে প্রার্থীদের অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করতে হবে এই ওয়েবসাইটে : www.apprenticeshipindia.org ইন্টারভিউয়ের সময় যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত জেরক্স নিয়ে যাবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.nmdc.co.in

W.B. & Others
ANM, GNM
B.Sc. নার্সিং
D.Pharm, B.Pharm
M.Pharm, Paramedical
B.Ed., M.Ed., D.El.Ed, M.P.Ed.
B.Ed. SC, ST, OBC 40% Gen - 50% No Age bar
8981214707 / 8420657379
13 years old Institute
S.R. UDYOG চুঁচুড়া, হুগলী

# সাধারণ জ্ঞান

## সাধারণ বিজ্ঞান

১। উদ্ভিদের কোন কলার মাধ্যমে রসের ঊর্ধ্বস্রোত প্রক্রিয়াটি ঘটে — জাইলেম কলা।

২। ইউগ্লিনার গমন অঙ্গের নাম কী — ফ্ল্যাজেলা।

৩। কোন উদ্ভিদ সালোকসংশ্লেষে অক্ষম — ঈস্ট।

৪। কোন উদ্ভিদে জরায়ুজ অঙ্কুরোদগম দেখা যায় না — নারকেল।

৫। সংশ্লেষের ফলে সৃষ্ট জাইগোটকে কী বলে — জুস্পোর।


৬। নিউটনের কোন গতিসূত্র থেকে বলের সংজ্ঞা পাওয়া যায় — প্রথম গতিসূত্র থেকে।

৭। কার প্রভাবে চলন্ত গাড়ি থেকে নামলে আমরা সামনের দিকে ঝুঁকে পড়ি — গতিজাড্যের প্রভাবে।

৮। এস.আই পদ্ধতিতে দ্রুতির একক কী — মিটার/সেকেন্ড।

৯। জীবনকোশে কোন যৌগের মধ্যে শক্তি জমা থাকে — অ্যাডিনোসিন ট্রাই ফসফেট।

১০। 'পেট্রোলচালিত গাড়ি' কে



আবিষ্কার করেন — কার্ল ফ্রেডরিচ বেঞ্জ।

## ইতিহাস

১১। কোন অধিবেশনে পাক-ই-স্তান প্রস্তাব গৃহীত হয় — লাহোর।

১২। কে বিদেশের মাটিতে প্রথম কমিউনিস্ট পার্টি তৈরি করেন — মানবেন্দ্রনাথ রায়।

১৩। 'সন্ধ্যা' পত্রিকার সম্পাদক কে ছিলেন — ব্রহ্মবান্ধব উপাধ্যায়।

১৪। ভক্তিবাদী আন্দোলনের একজন প্রধান প্রচারকের নাম কী — গুরু রামানন্দ।

১৫। জুনাগড় লিপি থেকে কার সম্বন্ধে জানা যায় — মহাক্ষত্রপ রুদ্রদমন।


১৬। গৌতম বুদ্ধের দেহত্যাগকে বৌদ্ধরা কী বলেন — মহাপরিনির্বাণ।

১৭। আলেকজান্ডারের সঙ্গে পুরুর যুদ্ধ কোথায় হয়েছিল — কাড়ি নামক স্থানে।

১৮। ভারতের শেষ ইন্দো-গ্রিক রাজার নাম কী — হারামাইয়স।

১৯। চতুর্থ বৌদ্ধ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়েছিল — কাশ্মীর।

২০। গুরুনানক কোথায় জন্মগ্রহণ



করেছিলেন — তালবন্দি।

## ভূগোল

২১। ভারতের গভীরতম বন্দরের নাম কী — বিশাখাপত্তনম।

২২। কোন পুণ্যতীর্থ আগে 'কপিল' নামে পরিচিত ছিল — হরিদ্বার।

২৩। এশিয়ার আর্দ্র অঞ্চলের উপকূলীয় অরণ্যের নাম কী — ম্যানগ্রোভ।

২৪। 'ব্যুফোর্ট স্কেল' দিয়ে কী পরিমাপ করা হয় — বায়ুর গতিবেগ।

২৫। পশ্চিমবঙ্গের কোন জেলাকে 'ধানের ভাণ্ডার' বলে — বর্ধমান।

২৬। 'রোটাংপাস গিরিপথ' ভারতের কোন রাজ্যে আছে — হিমাচল প্রদেশ।

২৭। গ্রানাইট শিলা গঠিত অঞ্চলের ভূমিরূপ কেমন হয় — গোলাকার।

২৮। মেরুপ্রদেশের কাছাকাছি স্থানসমূহের অক্ষাংশকে কী বলে — উচ্চ অক্ষাংশ।

২৯। ভাবরের দক্ষিণে জঙ্গলে ঢাকা জলাভূমিকে কী বলে — তরাই।

৩০। তির্যক বালিয়াড়ির আরেক নাম কী — বার্খান।

## অর্থনীতি

৩১। কোথায় সম্প্রতি প্রথম কারেন্সি ভল্ট চালু করল 'বন্ধন ব্যাঙ্ক' — পটনার দিদারগঞ্জে।

৩২। দেশে নিজেদের পার্সেল ডেলিভারি পরিষেবায় উন্নতি করতে, সম্প্রতি কোন সংস্থার সঙ্গে চুক্তি স্বাক্ষর করল 'আমাজন ইন্ডিয়া' — ভারতীয় রেলওয়ে।

৩৩। 'অয়েল ইন্ডিয়া লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — রঞ্জিত রথ।

৩৪। 'ফরচুন গ্লোবাল ৫০০' তালিকায়, সম্প্রতি ভারতীয় কোম্পানিগুলির মধ্যে শীর্ষ স্থান পেল কোন কোম্পানি — লাইফ ইন্সিওরেন্স কর্পোরেশন।

৩৫। 'ভোডাফোন আইডিয়া'র চেয়ারম্যান হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — রবিন্দর তক্কর।

সঙ্কলক : পলি দেওয়ান

## MAKAUT ও গুরুকুলের যৌথ উদ্যোগে চাকুরিমুখী B.Sc. Agriculture Biotechnology ডিগ্রি কোর্সে ভর্তি চলছে

নিজস্ব প্রতিনিধি : উচ্চমাধ্যমিক রেজাল্ট বেরিয়ে যাওয়ার সাথে সাথে ছাত্রছাত্রী ও অভিভাবকরা চিন্তিত যে কী নিয়ে গ্রাজুয়েশন করলে সুনিশ্চিত কেরিয়ার পাওয়া যাবে, কোথায় ভর্তি হবে? CCPTR (MAKAUT), গুরুকুল এর যৌথ উদ্যোগে সায়েন্স (Bio / Pue) / ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছাত্রছাত্রীদের জন্য শুরু করেছে কর্মসংস্থানমুখী কোর্স বি.এসসি এগ্রিকালচার বায়োটেকনোলজি ডিগ্রি কোর্স। ভারতবর্ষের অর্থনীতি ও সমস্ত ক্ষেত্রের মুখ্য স্তম্ভ হল কৃষি ও বায়োটেকনোলজি। ভারতবর্ষের ৭০% এমপ্লয়মেন্ট কৃষি ও বায়োটেকনোলজি কেন্দ্রীক। বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় এর প্রাক্তন ডিন Prof. R. K. Ghosh ও IAS অফিসার ও প্রাক্তন মুখ্যসচিব শ্রী রায় জানালেন, 'Agriculture Biotechnology' সেক্টরে কাজ জানা প্রশিক্ষিতদের বিপুল চাহিদা সরকারি ও বেসরকারি এবং বৈদিশিক মাল্টি ন্যাশনাল সংস্থায়। এদের চাকুরি খুঁজতে হয় না, চাকুরি এদের খুঁজে নেয়। এই কোর্স করে তাই সহজেই শিক্ষার্থী চাকুরির সুযোগ পেতে পারে সরকারি ও বেসরকারি কৃষি ও বায়োটেকনোলজি সংস্থা, ব্যাঙ্ক, মাল্টি ন্যাশনাল সার, সীড, পেস্টি সাইড সংস্থা, রিসার্চ ল্যাবে ম্যানেজার, অ্যানালিস্ট, প্রোডাক্ট রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অফিসার বা সুপারভাইজর এবং অন্যান্য নানা পদে। গুরুকুলের কলকাতা ক্যাম্পাসে রয়েছে নিজস্ব অত্যাধুনিক ফার্ম, অত্যাধুনিক বায়োটেকনোলজি ও জেনেটিক্সের ল্যাব। কোর্সের প্রথম থেকেই ক্যাম্পাসে থিওরি ও প্র্যাক্টিক্যালের সঙ্গে সঙ্গে এগ্রিকালচার ও বায়োটেকনোলজি সম্পর্কিত শিল্পক্ষেত্রে হাতে-কলমে প্রশিক্ষণের মাধ্যমে ছাত্রছাত্রীদের জব রেডি করে তোলে। রয়েছে নিখরচায় সফট স্কিল, স্পোকেন ইংলিশ ও ইন্টারভিউ সেশন। সীমিত আসনে ভর্তির জন্য এখনই যোগাযোগ করুন নিচের ঠিকানায়- গুরুকুল এডুটেক এডুকেশন অ্যান্ড রিসার্চ ফাউন্ডেশান, নাভ লবেডি যা, LASKUS ক্যাম্পাস, কলকাতা (নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের কাছে), ফোন- ৯৮০৪৭২০৪২৫, ৭০৫৯৯১৮১৮৬, ৯০৫১৩৫২৩৩৭, ওয়েবসাইট- www.gurukulinstitute.org.in


ITI-এ ভর্তি
NCVT অনুমোদিত
TIIME-ITI-এ 2022 সেশনে ভর্তির জন্য যোগাযোগ করুন :
কোর্স : ইলেকট্রিশিয়ান, সার্ভেয়র ও আমিন সার্ভেয়র
9143234509, 9143237745



JIS UNIVERSITY
B.Ed
যোগ্যতা স্নাতক ও স্নাতকোত্তরে যে কোন বিষয়ে ন্যূনতম ৫০ শতাংশ নম্বর
আবেদন করুন www.jisuniversity.ac.in
অথবা সরাসরি যোগাযোগ করুনঃ
86977 43361 | 96609 06163



**SALBONI PVT ITI**
**ADVERTISEMENT FOR JOB VACANCY**
**Recruitment Notice**

Advertisement no : SPITI/05/2022 Date: 09/08/2022

Applications are invited from eligible candidates for engagement in the following vacant position under Salboni Pvt ITI, Garhbeta Govt ITI (running under PTP mode), Salboni Govt ITI (running under PTP mode), Pingla Govt. ITI (running under PTP mode), Daspur-II Govt. ITI (running under PTP mode).

**Vacancy Details :** PRINCIPAL (JR. SCALE)-01, INSTRUCTORS- 13 Nos. (Fitter-04, Electrician-04, Welder-02, COPA- 02, Workshop Calculation & Science-01), CLERK-02, TRAINING & PLACEMENT OFFICER-01.

NB : Candidate having Teaching Expereience in ITI / Industrial Experience in relevant field will be preferred (as per DGT Norms).

Please send your CV to hr.salbonipvtiti@gmail.com within 20/08/2022. Date of interview will be notified later via email.

*CHAIRMAN, SALBONI PVT ITI*

BAKIBANDH, SAIYEDPUR, SALBONI, PASCHIM MEDINIPUR, WEST BENGAL- 721147
Website : www.salbonipiti.org



JENPAS/ বিজ্ঞান বিভাগে উচ্চমাধ্যমিক উত্তীর্ণদের অভিনন্দন



ফিজিওথেরাপি চিকিৎসার জগতে প্রতিষ্ঠার প্রতিশ্রুতি

THE WEST BENGAL UNIVERSITY OF HEALTH SCIENCES

*Affiliated*

BARACKPORE COLLEGE OF EDUCATION
(Institute of Physiotherapy and Allied Health Sciences)

Admission Process is On

*E-mail : bce.bpt.bkp@gmail.com*
*Website : bceweb.in*

BACHELOR OF PHYSIOTHERAPY ( BPT )

*8582933150, 9830619194, 7044440901*


## ৫ মাস পড়লেই একবারেই WBCS প্রিলি. পাওয়া যায়

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : গত কয়েক বছরে যেক'টি পরীক্ষা নিয়মিত নেওয়া হয়েছে তার মধ্যে একদম ওপরের দিকে থাকবে রাজ্য সরকারের WBCS পরীক্ষা। এই বছরও WBCS পরীক্ষার ফর্ম ফিল আপ শিগগিরই শুরু হবে। প্রিলি. পরীক্ষা হবে এপ্রিল-মে মাস নাগাদ। এই পরীক্ষা দেওয়ার জন্য প্রস্তুতি এখন থেকে শুরু করতে হবে। আর এই ব্যাপারে প্রস্তুতি কেমন হলে, মধ্য বা নিম্ন মেধার একটি ছেলে বা মেয়ের সরকারি আমলা হওয়ার লক্ষ্য পূরণ হতে পারে — তা জানার জন্য আমরা সরাসরি যোগাযোগ করেছিলাম ২০০৪ সাল থেকে WBCS কোচিংয়ে অভিজ্ঞ রাজ্যের অন্যতম স্বনামধন্য প্রতিষ্ঠান কৌটিল্য সিভিল সার্ভিস অ্যাকাডেমির সঙ্গে। এখানকার বিশেষজ্ঞদের মতে, WBCS পরীক্ষায় পাশ করতে হলে সবচেয়ে আগে লাগবে, কঠোর পরিশ্রম করার ক্ষমতা ও বুদ্ধি করে পরীক্ষার উপযোগী প্রিপারেশন নেওয়ার দক্ষতা। আর সর্বোপরি লাগবে, একজন অভিজ্ঞ মেন্টর যিনি পরীক্ষার ফর্ম ফিল আপ থেকে শুরু করে ইন্টারভিউ দেওয়া পর্যন্ত পুরো পদ্ধতিতে পাশে থেকে আপনাকে গাইড করবে। এ ব্যাপারে যে কৌটিল্য সিভিল সার্ভিস অ্যাকাডেমি পথিকৃৎ, তা বিগত বছরে এই প্রতিষ্ঠানের সাফল্যের হার দেখলেই বোঝা যায়। ২০২০ সালে ১০৬ জন, ২০২১ সালে ৯৩ জন এখান থেকে WBCS প্রিলিমিনারি পাশ করেছে। বিগত বছরের এই পরীক্ষায় পাশ করা ছাত্রছাত্রীদের পরিসংখ্যান বিশ্লেষণ করে দেখা গেছে, মাত্র ৫ মাস ভালোভাবে পড়লে ও ঠিকঠাক গাইডেন্স পেলে প্রথম attempt -এই WBCS প্রিলিমিনারি পাশ করা যায়। এই ব্যাপারে সম্প্রতি WBCS চাকরি পেয়েছে এমন অফিসারদের সঙ্গে কথা বলতে ও ঠিকঠাক কাউন্সেলিং করাতে সরাসরি চলে আসুন এই ঠিকানায় : কৌটিল্য অ্যাকাডেমি, দমদম ক্যান্টনমেন্ট, কলকাতা - ৬৫। ফোন : ৯৮৩৬৩৩৬২৯৮, ৯৮৩৬০৪১১৯৮।


প্রগতি ITI-এ ভর্তি
বহরমপুর ও কৃষ্ণনগরে
NCVT অনুমোদিত বহরমপুর প্রগতি ITI ও কৃষ্ণনগর প্রগতি ITI-এ ২০২২ সেশনে নিচের ট্রেডগুলিতে ভর্তির জন্য যোগাযোগ করুন:
কোর্স : ইলেক্ট্রিশিয়ান ও ফিটার
বহরমপুর : 9434900500
কৃষ্ণনগর : 9434900700



NCTE GROUP OF COLLEGES
GNM B.Sc নার্সিং
জেলাভিত্তিক ADMISSION PARTNER এর জন্য CALL 9564500100
NEET পরীক্ষার্থীরা MBBS | BDS এর জন্য যোগাযোগ করো 9733161619
National Council of Technical Education
নৈশনল কাউন্সিল অফ টেকনিকাল এডুকেশন
www.ncteonline.com
কম্পিউটার কোর্স
ভোকেশনাল কোর্স
ডিগ্রি কোর্স
BUSINESS PARTNER INVITED
200+ Centres
Most Trusted Brand in India
300+ Courses
Opportunity to Open Authorized Training Centre of NCTE
CALL FOR FRANCHISEE 9564500100 8388870782



কেরিয়ার গড়ে উঠুক
প্রকৃতির হাতে, প্রযুক্তির সাথে
JIS GROUP
Educational Initiatives



উচ্চমাধ্যমিক উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য JIS-এর পাঠক্রমে এক অভিনব সংযোজন। কৃষি প্রযুক্তি বিজ্ঞানের মাধ্যমে ভবিষ্যত উজ্জ্বল করার এক সুবর্ন সুযোগ।

Upto 100% Scholarship Available

Accreditations, Affiliations & Approvals: UGC | AICTE

ভর্তি চলছে ২০২২ - ২০২৩

JIS COLLEGE OF ENGINEERING
B. Tech (এগ্রিকালচার ইঞ্জিনিয়ারিং)
(4 বছর) [AICTE দ্বারা স্বীকৃত এবং MAKAUT -এর সাথে সংযুক্ত]
87773 41448 | 84209 34826
যোগ্যতা: পদার্থবিদ্যা, রসায়ন, গণিত / WBJEE/CEE-AMPAI-WB-22 সহ উচ্চমাধ্যমিক পাশ

JIS UNIVERSITY
School of Agricultural Sciences
B.Sc কৃষি বিজ্ঞান (অনার্স)
(4 বছর) [ICAR সিলেবাস অনুযায়ী]
62913 20657 | 72783 57829
যোগ্যতা: বিজ্ঞান ও ভোকেশনাল এগ্রিকালচার কোর্সের সাথে উচ্চমাধ্যমিক পাশ

PLACEMENT TRAINING FROM DAY 1

Block A, Phase-III
Kalyani - 741235
APPLY NOW
www.jisgroup.org

## কোস্ট গার্ডে অফিসার

১ পাতার পর

স্বাস্থ্য সুসামঞ্জস্যপূর্ণ ও অন্তত ৫ সেমি প্রসারণক্ষম বুক হতে হবে। ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/৯ ও চশমা-সহ উভয় চোখে ৬/৬। মূল মাইনে : ৫৬,১০০ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট কমান্ডান্ট (জেনারেল ডিউটি-কমার্শিয়াল পাইলট এন্ট্রি-এস.এস.এ)** : ফিজিক্স ও অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে ডিপ্লোমা কোর্স পাশরাও যোগ্য। বৈধ কমার্শিয়াল পাইলট লাইসেন্স থাকতে হবে। জন্ম-তারিখ হতে হবে ১-৭-১৯৯৭ থেকে ৩০-৬-২০০৩'র মধ্যে। মূল মাইনে : ৫৬,১০০ টাকা।

ওপরের এই দুই পদে শূন্যপদ : ৫০টি (জেনাঃ ২২, ইডব্লু.এস. ৩, তপঃজাঃ ৭, তপঃউপজাঃ ৪, ওবিসি ১৪)।

**অ্যাসিস্ট্যান্ট কমান্ডান্ট (টেকনিক্যাল-ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক্স)** : ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স, টেলিকমিউনিকেশন, ইন্সট্রুমেন্টেশন, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, পাওয়ার ইঞ্জিনিয়ারিং বা, পাওয়ার ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশ ছেলেরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে ইলেকট্রিক্যাল শাখার জন্য যোগ্য।

**অ্যাসিস্ট্যান্ট কমান্ডান্ট (টেকনিক্যাল-মেকানিক্যাল)** : ন্যাভাল আর্কিটেকচার, মেকানিক্যাল, মেরিন, অটোমোটিভ, মেকাট্রনিক্স, ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন, মেটালার্জি, ডিজাইন, অ্যারোনটিক্যাল অ্যান্ড অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশ ছেলেরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে ইঞ্জিনিয়ারিং শাখার জন্য যোগ্য।

ওপরের দুই ক্ষেত্রে জন্ম-তারিখ হতে হবে ১-৭-১৯৯৭ থেকে ৩০-৬-২০০৩'র মধ্যে। ওপরের এই দুই পদে শূন্যপদ : ২০টি (জেনাঃ ৯, তপঃজাঃ ৩, তপঃউপজাঃ ২, ওবিসি ৫, ইডব্লু.এস. ১)।

**অ্যাসিস্ট্যান্ট কমান্ডান্ট (ল' এন্ট্রি)** : আইনের ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ১-৭-১৯৯৩ থেকে ৩০-৬-২০০১'র মধ্যে। শূন্যপদ : ১টি (ওবিসি)।

ওপরের সব পদের বেলায় তপশিলীরা ডিগ্রি কোর্সে অন্তত ৫% নম্বর ছাড় পাবেন। ওবিসি'রা ৩ বছর, তপশিলীরা ৫ বছর বয়সে ছাড় পাবেন। শুরুতে ২ বছর প্রবেশন। ট্রেনিং হবে কেরালার ইঝিমালার ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমিতে। ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন। এছাড়া আছে অন্যান্য সুযোগ-সুবিধা। খেলাধুলার দক্ষতা বা, এনসিসি'র সার্টিফিকেট থাকলে গুরুত্ব পাবেন। শিক্ষাগত যোগ্যতার পাওয়া নম্বরের শতকরা হার আর খেলাধুলা ও এনসিসি'র সার্টিফিকেট দেখে প্রাথমিক বাছাই প্রার্থীদের ই-অ্যাডমিট কার্ড দেওয়া হবে।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে প্রিলিমিনারি সিলেকশন টেস্ট হবে নভেম্বর মাস নাগাদ। এই পরীক্ষায় থাকবে ১০০টি এমসিকিউ টাইপের প্রশ্ন এইসব বিষয়ে : ইংলিশ, রিজনিং অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি, জেনারেল সায়েন্স, ম্যাথমেটিক্যাল অ্যাপ্টিটিউড, জেনারেল নলেজ। ইঞ্জিনিয়ারিংয়ের প্রার্থীদের বেলায় ইঞ্জিনিয়ারিং পার্ট থাকবে। প্রতিটি প্রশ্নে থাকবে ৪ নম্বর। সময় থাকবে ২ ঘণ্টা। সফল হলে দ্বিতীয় পর্যায়ের কম্পিউটার ব্যাটারি টেস্ট, পিকচার পার্সেপশন ও গ্রুপ ডিসকাশন, সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টেস্ট ও ইন্টারভিউ হবে নয়ডা, চেন্নাই ও কলকাতায়। সবশেষে ডাক্তারি পরীক্ষা হবে।

প্রথমে ২ সপ্তাহের প্রি-ন্যাভাল ওরিয়েন্টেশন ট্রেনিং প্রোগ্রাম হবে নয়ডায়। সফল হলে বেসিক ট্রেনিং হবে ইঝিমালায়। তপশিলীরা পরীক্ষা দিতে যাতায়াতের রেল ভাড়া পাবেন। ২-৩ দিন থাকার প্রস্তুতি নিয়ে পরীক্ষা দিতে যাবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ৭ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindiancoastguard.cdac.in অনলাইনে দরখাস্ত করার আগে বৈধ একটি ই-মেল আইডি থাকতে হবে। এছাড়াও পাসপোর্ট মাপের ফটো, সিগনেচার-সহ দরকারি প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের এই ওয়েবসাইটে গিয়ে দরকারি তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ২৫০ টাকা অনলাইনে জমা দেবেন। তপশিলীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

## কলকাতায় আর্মির র‍্যালি

১ পাতার পর

পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, হাওড়া জেলার প্রার্থীরা এই র‍্যালিতে অংশগ্রহণ করতে পারবেন। র‍্যালি হবে ১০ ডিসেম্বর থেকে ১৮ ডিসেম্বর পর্যন্ত। এই ঠিকানায় : সেনা স্টেডিয়াম, খড়্গপুর (পশ্চিমবঙ্গ)। কারা কোন পদের জন্য আবেদন করতে পারেন :

**অগ্নিবীর (জেনারেল ডিউটি)** : মোট অন্তত ৪৫% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেরা মাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৩৩% (অতিরিক্ত বিষয় ছাড়া) নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ কেজি।

**অগ্নিবীর (টেকনিক্যাল)** : ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক ও ইংলিশ অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আর প্রতিটি বিষয়ে অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক ও ইংলিশ অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা আই.টি.আই. থেকে ১ বছরের সার্টিফিকেট কোর্স পাশ হলেও যোগ্য। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ (তপশিলী উপজাতিদের বেলায় ১৬২) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ (তপশিলী উপজাতি হলে ৪৮) কেজি।

**অগ্নিবীর ক্লার্ক / স্টোরকীপার টেকনিক্যাল** : আর্টস, সায়েন্স ও কমার্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৬০% নম্বর ও উচ্চমাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। তবে উচ্চমাধ্যমিকে ইংলিশ ও অঙ্ক / অ্যাকাউন্টস / বুক কীপিং বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬২ সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ কেজি।

**অগ্নিবীর ট্রেডসম্যান (মাধ্যমিক পাশ)** : মাধ্যমিক পাশ ছেলেরা মাধ্যমিকের প্রতিটি বিষয়ে ৩৩% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ (তপশিলী উপজাতিদের বেলায় ১৬২) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮১ সেমি ও না ফুলিয়ে ৭৬ সেমি আর ওজন অন্তত ৪৮ কেজি।

**অগ্নিবীর ট্রেডসম্যান (এইট পাশ)** : ক্লাস এইট পাশরা প্রতিটি বিষয়ে ৩৩% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ (তপশিলী উপজাতিদের বেলায় ১৬২) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮১ সেমি ও না ফুলিয়ে ৭৬ সেমি আর ওজন অন্তত ৪৮ কেজি।

সব ক্ষেত্রে বয়স গুনতে হবে ১-১০-২০২২'এর হিসাবে। সেনাবাহিনীতে কর্মরত সৈনিক বা, প্রাক্তন সমরকর্মীর ছেলেরা উচ্চতায় ২ সেমি, ওজনে ২ কেজি ও বুকের ছাতিতে ১ সেমি ছাড় পাবেন।

অগ্নিবীরদের ৪ বছরের জন্য নিয়োগ করা হবে। চাকরি হবে চুক্তিতে। শুরুতে ৬ মাসের মিলিটারি ট্রেনিং। ট্রেনিং চলার সময় স্টাইপেন্ড পাবেন।

প্রথম বছর মাইনে পাবেন মাসে ৩০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২১,০০০ টাকা। বাকি ৯,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ৯,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

দ্বিতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৩,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৩,১০০ টাকা। বাকি ৯,৯০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ৯,৯০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

তৃতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৬,৫০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৫,৫৫০ টাকা। বাকি ১০,৯৫০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ১০,৯৫০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

চতুর্থ বছর মাইনে পাবেন মাসে ৪০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৮,০০০ টাকা। বাকি ১২,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ১২,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

এছাড়াও অগ্নিবীরদের নন-কনট্রিবিউটরি হিসেবে ৪৮ লাখ টাকার জীবন বিমা করিয়ে দেওয়া হবে। কর্তব্যকালীন মৃত্যু হলে প্রায় ১ কোটি টাকা দেওয়া হবে। শরীরের ৭৫% ক্ষতি হলে ২৫ লাখ আর ৫০% ক্ষতি হলে ১৫ লাখ টাকা পাবেন। সেইসঙ্গে ড্রেস, হার্ডশিপ, রেশন, পোশাক, ভ্রমণ ভাতা দেওয়া হবে। এছাড়াও বছরে ৩০ দিন ছুটি থাকবে। সেইসঙ্গে মেডিক্যাল লিভ-ও পাওয়া যাবে।"

৪ বছর চাকরি করার পর ২৫% প্রার্থীকে পরীক্ষা নিয়ে ১৫ বছরের চাকরির জন্য কেন্দ্রীয় সরকারের স্থায়ী পদে নিয়োগ করা হবে জুনিয়র কমিশন্ড অফিসার বা, অন্য র‍্যাঙ্কে। তখন জওয়ানের কর্মীর মতো পেনশনও পাবেন। বাকি ৭৫% কর্মীকে 'অগ্নিবীর স্কিল সার্টিফিকেট' দিয়ে চাকরি থেকে ছুটি দেওয়া হবে। তখন নিজের প্রাপ্য অগ্নিবীর করপাস ফান্ডের টাকা আর সরকারের দেওয়া করপাস ফান্ডের টাকা মিলিয়ে (সুদ-সহ) মোট প্রায় ১১ লাখ ৭১ হাজার টাকা এককালীন (এই প্যাকেজের নাম দেওয়া হয়েছে 'সেবা নিধি') দেওয়া হবে যা, আয়করের ছাড় দেওয়া হবে। এই সার্টিফিকেট দিয়ে অন্য কোনো সংস্থায় চাকরি পেতে পারেন কিংবা দ্বিতীয়বার কেরিয়ার তৈরির জন্য ব্যাঙ্ক লোন পেতে পারেন। কোনো গ্র্যাচুইটি ও পেনশন নেই।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে শারীরিক সক্ষমতার পরীক্ষা, শরীরের মাপজোখ ও দরকারি প্রমাণপত্র পরীক্ষা করা হবে।

১০০ নম্বরের শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে — : ১.৬ (১ মাইল) কিমি দৌড়। ৫ মিনিট ৩০ সেকেন্ডে সম্পূর্ণ করলে ৬০ নম্বর, ৫.৩১ মিনিট থেকে ৫.৪৫ মিনিটে সম্পূর্ণ করলে ৪৮ নম্বর পাবেন।

(২) বিম টেস্ট (পুল আপ)। ১০ বার বা, তার বেশি হলে ৪০ নম্বর, ৯ বার করলে ৩৩ নম্বর, ৮ বার করলে ২৭ নম্বর, ৭ বার করলে ২১ নম্বর, ৬ বার করলে ১৬ নম্বর। (৩) ৯ ফুট গর্ত পেরোনো। (৪) জিগ-জ্যাগ ব্যালান্স (ভারসাম্য) টেস্ট।

শারীরিক সক্ষমতার পরীক্ষায় সফল হলে ডাক্তারি পরীক্ষা হবে। তারপর 'কমন এন্ট্রান্স টেস্ট' হবে আগামী বছর জানুয়ারিতে।

প্রাক্তন সমরকর্মীর ছেলে ও প্রাক্তন সমরকর্মীরা আর খেলোয়াড়রা ২০, এনসিসি'র 'বি' সার্টিফিকেট কোর্স পাশ হলে ১০, 'এ' সার্টিফিকেট কোর্স পাশ হলে ৫ নম্বর বোনাস হিসাবে পাবেন। এনসিসি'র 'সি' সার্টিফিকেট কোর্স পাশ হলে অগ্নিবীর (জেনারেল ডিউটি, ট্রেডসম্যান) পদের বেলায় লিখিত পরীক্ষা দিতে হবে না। তবে অগ্নিবীর ক্লার্ক, স্টোরকীপার ও টেকনিক্যাল পদের বেলায় ১৫ নম্বর বোনাস হিসাবে পাবেন।

ডোয়েক থেকে 'ও' লেভেল কম্পিউটার কোর্স পাশের সার্টিফিকেট থাকলে 'অগ্নিবীর ক্লার্ক/স্টোরকীপার টেকনিক্যাল পদের বেলায় ১৫ নম্বর বোনাস হিসাবে পাবেন।

আই.টি.আই. কোর্স পাশ / ডিপ্লোমা যোগ্যতা থাকলে অগ্নিবীর (টেকনিক্যাল) পদের বেলায় ১ বছরের আই.টি.আই. কোর্স পাশ হলে ৩০ নম্বর, ২ বছরের আই.টি.আই. কোর্স পাশ হলে ৪০ নম্বর, ডিপ্লোমা কোর্স পাশ হলে ৫০ নম্বর বোনাস হিসাবে পাবেন।

আন্তর্জাতিক স্তরের খেলোয়াড়রা ২০ নম্বর, রাজ্য স্তরের খেলোয়াড়রা ১৫ নম্বর, জেলা স্তরের খেলোয়াড়রা প্রথম বা, দ্বিতীয় পর্যায়ে খেলাধুলা করে থাকলে সাধারণ ১০ নম্বর, বিশ্ববিদ্যালয় স্তরের প্রথম ও দ্বিতীয় পর্যায়ের খেলোয়াড়রা ৫ নম্বর পাবেন।

প্রার্থীদের প্রথমে নাম রেজিস্ট্রেশন করতে হবে, ৩ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : joinindianarmy.nic.in একটা বৈধ ই-মেল আইডি, ও বৈধ মোবাইল নম্বর থাকতে হবে। এছাড়াও পাসপোর্ট মাপের ফটো, সিগনেচার আর অন্যান্য প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের এই ওয়েবসাইটে গিয়ে দরকারি তথ্য দিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। র‍্যালি হওয়ার এক সপ্তাহ আগে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করে নেবেন।

র‍্যালির দিন সঙ্গে নিয়ে যাবেন নিচের এইসব প্রমাণপত্রের মূল ও গেজেটেড অফিসারের প্রত্যয়িত করা ৩ কপি জেরক্স :

(১) মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট ও অন্যান্য কোনো যোগ্যতা থাকলে তার রেজিস্ট্রেশন সার্টিফিকেট, অ্যাডমিট কার্ড, মার্কশীট ও বোর্ড সার্টিফিকেট,

(২) ক্লাস এইট পাশ কিংবা মাধ্যমিকে অকৃতকার্য হলে বা, মাধ্যমিক পাশ হলে ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর অব স্কুল ও ডিস্ট্রিক্ট এডুকেশন অফিসারের কাউন্টার সাইন করা স্কুল লিভিং বা, 'স্কুল ট্রান্সফার সার্টিফিকেট'।

(৩) গ্রাম সরপঞ্চ, গ্রাম প্রধান বা, চেয়ারম্যানের দেওয়া গোল স্ট্যাম্প (ডেজিগনেশন-সহ) করা ছবির ওপর ৬ মাসের পুরনো ক্যারেক্টার সার্টিফিকেট (ফটো সাঁটা থাকতে হবে) (২১ বছরের কম বয়স হলে এই ক্যারেক্টার সার্টিফিকেটে 'He is Unmarried' কথাটি লেখা থাকতে হবে),

(৪) নন-ক্রিমি প্রার্থীরা জেলাশাসক, অতিরিক্ত জেলাশাসক বা, এসডিও'র দেওয়া বাসিন্দা / নেটিভিটি সার্টিফিকেট,

(৫) জেলাশাসক/ অতিরিক্ত জেলাশাসক, এসডিএম, এসডিও'র দেওয়া ১ বছরের পুরনো স্থায়ী বাসিন্দা সার্টিফিকেট ( Permanent Residential Certificate) (নিজের পাসপোর্ট মাপের প্রত্যয়িত করা ফটো সাঁটা থাকতে হবে) (এই সার্টিফিকেট সই ও গোল স্ট্যাম্প এমনভাবে করবেন, যার কিছু অংশ ফটোর ওপর ও কিছু অংশ সার্টিফিকেটের ওপর পড়ে) (নির্দিষ্ট ফর্ম্যাটে এই সার্টিফিকেট আর্মি বা, ডিফেন্সের উদ্দেশ্যে ব্যবহৃত হবে ও তার সিরিয়াল নং থাকতে হবে)।

(৬) তপশিলী উপজাতি (আদিবাসী)রা দেবেন জেলা শাসক/ অতিরিক্ত জেলাশাসক, এসডিএম, এসডিও'র দেওয়া কাস্ট সার্টিফিকেট।

(৭) তিন মাসের মধ্যে তোলা ও প্রত্যয়িত ছাড়া ২০ কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো (ফটোর ব্যাকগ্রাউন্ড সাদা হতে হবে)।

(৮) এনসিসি'র 'এ', 'বি' বা, 'সি' সার্টিফিকেট,

(৯) রাজ্য বা, জাতীয় পর্যায়ে খেলাধুলায় প্রথম বা, দ্বিতীয় স্থানাধিকারীর সার্টিফিকেট, (১০) সেনাবাহিনীতে কর্মরত বা, প্রাক্তন সমরকর্মীদের আত্মীয়-স্বজন ইত্যাদির দেওয়া রিলেশন সার্টিফিকেট ও ডিসচার্জ সার্টিফিকেট।

(৯) নন-জুডিশিয়াল ১০ টাকার স্ট্যাম্প পেপারে নোটারিকে দিয়ে অ্যাটেস্টেড করিয়ে নেবেন।

(১০) সিঙ্গল ব্যাঙ্ক অ্যাকাউন্ট, প্যান কার্ড, আধার কার্ড। (১১) ই-অ্যাডমিট কার্ডের প্রিন্ট আউট।

আরো বিস্তারিত জানতে পারবেন এই ঠিকানায় : Recruiting Office (Headquarters), Kolkata, 1, Gokhale Road, Bhowanipore, Kolkata - 20. Email: victoria.queen@nic.in Ph: 033-22236881, 22237152.

## এনএসআইসি-তে ৫ চাকরিমুখী আইটিআই কোর্সে ভরতি

কেন্দ্রীয় সরকারের ক্ষুদ্র, ছোটো ও মাঝারি শিল্প মন্ত্রকের অধীন এনএসআইসি টেকনিক্যাল সার্ভিসেস সেন্টার ২০২২-২৪ সেশনে এনসিভিটি ও ডিজিটি অনুমোদিত এই ৫টি কারিগরি কোর্সে ভরতি নিচ্ছে — (১) ফিটার, (২) ওয়েল্ডার, (৩) সার্ভেয়ার, (৪) ড্রাফসম্যান মেকানিক ও (৫) মেশিনিস্ট। ওয়েল্ডার ট্রেডটি ১ বছরের। বাকি সব ট্রেড ২ বছরের। শিক্ষাগত যোগ্যতা : মাধ্যমিক বা সমতুল কোর্স পাশ। সীট সীমিত। আগে আসার ভিত্তিতে সুযোগ। অত্যাধুনিক পরিকাঠামোয় অভিজ্ঞ শিক্ষকরা ক্লাস নেবেন। অনজব ট্রেনিংয়ের সুযোগ আছে ও সফলদের প্লেসমেন্টের সাহায্য করা হবে। ভর্তির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : এনএসআইসি টেকনিক্যাল সার্ভিসেস সেন্টার, হাওড়া, পশ্চিমবঙ্গ। ফোন : ৯০৩৮৩৯৬৫৬৩, ৯১৫৩২৯৪৪৮৫, ৯৬৭৯২৪৪৮৪৪। ওয়েবসাইট : https://nsic.co.in/ntsc-Howrah.

## সরকার স্বীকৃত স্যানিটারি ইন্সপেক্টর ও ডিএমএলটি কোর্সে ভরতি

ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ হেলথ ট্রেনিং (আইআইএইচটি) কেন্দ্রীয় সরকার স্বীকৃত স্যানিটারি ইন্সপেক্টরের অ্যাডভান্স ডিপ্লোমা কোর্স ও মেডিক্যাল ল্যাবরেটরির ডিপ্লোমা কোর্সে ভরতি নিচ্ছে। যে কোনো শাখার উচ্চমাধ্যমিক বা সমতুল পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে বেসিক ট্রেনিং থাকলে স্যানিটারি ইন্সপেক্টরের অ্যাডভান্স ডিপ্লোমা কোর্সে ভরতির জন্য আবেদন করতে পারেন। ১ বছরের কোর্স। বিজ্ঞান শাখার উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা মেডিক্যাল ল্যাবরেটরির ডিপ্লোমা কোর্সে ভরতির ক্ষেত্রে যোগ্য। ২ বছরের কোর্স। এছাড়াও এখানে সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট (এসডব্লুএম) ও অন্যান্য স্বাস্থ্য সংক্রান্ত স্বল্পমেয়াদী কোর্সে ভরতি নেওয়া হচ্ছে।

আইআইএইচটি'র প্রিন্সিপ্যাল রাম নারায়ণ মণ্ডল জানান, 'প্রথম কোর্সটি পড়ে রেল, পুরসভা, পুলিশের, কম্পর, সিভিসি-সহ বিভিন্ন স্বাস্থ্য সংস্থায় চাকরি পাওয়া যায়। চাহিদার তুলনায় এ রাজ্যে দক্ষ লোকের এখনো যথেষ্ট অভাব আছে। ডিএমএলটি কোর্স করে সরকারি, বেসরকারি হাসপাতাল ও প্যাথোলজিক্যাল ল্যাব, ব্লাড ব্যাঙ্কে চাকরি পাওয়া যায়। এমনকি নিজেরাও ল্যাব খুলে ভালো আয় করতে পারেন।' আগে আসার ভিত্তিতে ভর্তির সুযোগ। সীট সীমিত। ভর্তির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : IIHT, ২২৬, বি.বি. গাঙ্গুলি স্ট্রিট, বৌবাজার, কলকাতা-৭০০ ০১২। ফোন : ৭০০৩৩২৮৪২৭, ৯০৫১২৬০৯২৪, ৯৮৩৬০৩৬৭৫৪। ওয়েবসাইট : www.iiht.in


ভর্তি চলছে
**SURESH GYAN VIHAR UNIVERSITY**
Centre for Distance and Online Education
UGC Recognised- NAAC "A" Grade

BA Psychology, English, Sociology, Political Science, Geography, Public Administration, History, Hindi, Economics, Philosophy, Journalism & Mass Communication.
BBA B.Com. MA Political Science, History, Economics, Sociology, English, Hindi
MBA HR, Finance, Marketing, Production, Business Analytics, Health Care Management.
REGULAR COURSES আমাদের সমস্ত রেগুলার কোর্স প্রয়োজনীয় নিয়ন্ত্রক সংস্থা যেমন NCTE, B.C.I, P.C.I, AICTE, INC দ্বারা স্বীকৃত।
B.Ed. D.El.Ed. B.PED. LLB LLM
D.Pharm B.Tech (lat). GNM B.Sc. Nursing
10th & 12th যেকোনো কারণে সময়মতো মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশ করতে পারেন নি? আমাদের সহায়তায় কেবলমাত্র সরকারি বোর্ড থেকে যেকোনো বয়সে, 10th-12th পাস করুন সহজে।
বিগত ১২ বছরে আমাদের প্রাক্তনীরা নিজ নিজ ক্ষেত্রে প্রতিষ্ঠিত। অনেকে প্রাইমারি স্কুল, আপার প্রাইমারি স্কুল শিক্ষক, অনেকে DPS, Narayana প্রভৃতি প্রাইভেট স্কুল শিক্ষক। কেউ আবার TCS, Wipro, Cognigent এর মতো বড়ো কর্পোরেটে চাকরি করেন, কেউ আবার প্রতিষ্ঠিত আইনজীবী। বিশদে জানতে আমাদের অফিসে আসুন।
DCS EDUCARE www.dcseducare.com | সল্ট লেক বিএ-১৮৬ সেক্টর-I | বারাসাত ৪৫ যশোর রোড, চাঁপাডালি | রানাঘাট মহাবীর মার্কেট, তৃতীয় তল
For Admission Call- 7439041864 | 9830824664



সবচেয়ে কম খরচে হোটেল ও হসপিটালিটি ম্যানেজমেন্ট
• ভর্তির সময় লিখিত JOB গ্যারান্টি পেপার
• কোর্স চলাকালীন কোর্স ফি ফেরত
• হোস্টেল ফ্রি
ডিগ্রি - Rs. 1,50,000
ডিপ্লোমা কোর্স ফি - Rs. 22,500 to Rs. 60,500
বিদেশ ও ক্রুজে চাকরি পাওয়ার সুযোগ
www.bshm.co.in
গড়িয়া 9836046860



**CCPTR, Maulana Abul Kalam Azad University of Technology (MAKAUT)**
ADMISSION OPEN
B.Sc. Agriculture Biotechnology
Eligibility : 10+2 Science / Vocational
BBA in Rural Management
Eligibility : 10 + 2 (Any)



☛ Best Faculty ☛ Best Infra ☛ 100% Placement* ☛ Live Industrial Training ☛ Hostel Facility
Gurukul Edutech Education & Research Foundation
Langalberia LASKUS Campus, Kolkata- 700145, Near Narendrapur Ramakrishna Mission
M : 9804720425 / 7059918186 / 9051352337
Website- www.gurukulinstitute.org.in



**ANY RANK – DIRECT ADMISSION**
**SEBA INSTITUTE OF NURSING**
Recognized by Govt. of W.B, Affiliated by WBNC & INC
Bolpur (Santiniketan), Birbhum- 731236
Admission Open 2022



উচ্চ মাধ্যমিক পাশের পর ভবিষ্যৎ সুনিশ্চিত করতে পশ্চিমবঙ্গে নার্সিং কোর্সে মেয়েদেরকে পড়াশুনো করিয়ে নিজের পায়ে দাঁড়াতে শেখান
GNM ◆ B.Sc. Nursing











আমাদের বৈশিষ্ট্য :
☛ Course Fee কম এবং কোনো লুকানো Fee বা অতিরিক্ত খরচ নেওয়া হবে না। ☛ Student Credit Card এর মাধ্যমে ভর্তির সুবিধা। ☛ আমাদের কলেজ ক্যাম্পাস 80,000 বর্গফুট। ☛ শান্তিনিকেতনের মতো শান্ত পরিবেশে কলেজ। ☛ কলেজের মধ্যে Hostel-এর সুবিধা সহ ভালো খাবার এবং ঠান্ডা ও গরম জলের ব্যবস্থা আছে। ☛ INC নিয়ম অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা প্রয়োজন।
বল্লভপুর, বোলপুর (শান্তিনিকেতন), বীরভূম • M: 8927925499, 8250433066

# সাম্প্রতিক ঘটনাপ্রবাহ একনজরে

গত সপ্তাহের পর

**১ আগস্ট :** ভারতের জন্য 'বিশ্বব্যাঙ্ক'এর নতুন কান্ট্রি ডিরেক্টর হিসাবে মনোনীত হলেন অগাস্তে টানো কুয়ামে।

❑ 'প্রেস ইনফর্মেশন ব্যুরো'র প্রিন্সিপাল ডিরেক্টর জেনারেল হিসাবে মনোনীত হলেন সত্যেন্দ্র প্রকাশ।

❑ 'ইন্ডিয়ান কাউন্সিল অফ অ্যাগ্রিকালচারাল রিসার্চ'এর ডিরেক্টর জেনারেল হিসাবে মনোনীত হলেন ড.হিমাংশু পাঠক।

❑ পশ্চিমবঙ্গে নতুন ৭টি জেলার ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। দক্ষিণ ২৪ পরগনা জেলা ভেঙে হচ্ছে সুন্দরবন, নদিয়া জেলা ভেঙে হচ্ছে রাণাঘাট, বাঁকুড়া জেলা ভেঙে হচ্ছে বিষ্ণুপুর, মুর্শিদাবাদ জেলা ভেঙে হচ্ছে কান্দি ও বহরমপুর, উত্তর ২৪ পরগনা জেলা ভেঙে বনগাঁও ও বাগদা মিলিয়ে নতুন জেলা হচ্ছে ইছামতী আর বসিরহাটও হচ্ছে আলাদা জেলা, যার নামকরণ এখনও হয়নি। এর ফলে, ২৩টি জেলা থেকে পশ্চিমবঙ্গে জেলার সংখ্যা বেড়ে দাঁড়াচ্ছে ৩০।

❑ হায়দরাবাদে, বিশিষ্ট ওড়িয়া লেখিকা ড.প্রতিভা রায়কে 'ড.সি.নারায়ণ রেড্ডি জাতীয় সাহিত্য পুরস্কার' দিলেন কেন্দ্রীয় উপ-রাষ্ট্রপতি এম.ভেঙ্কাইয়া নাইডু।

❑ ভারতের ৫জি স্পেকট্রাম এয়ারওয়েভসের ৭ দিনের নিলাম শেষ হল। এই নিলামে ৮৮,০৭৮ কোটি টাকার প্রায় অর্ধেক এয়ারওয়েভ কিনে নিল মুকেশ আম্বানির মালিকানাধীন টেলিকম সংস্থা 'রিলায়েন্স জিও'। অন্যদিকে, ২১২ কোটি টাকার এয়ারওয়েভ কিনল গৌতম আদানির মালিকানাধীন সংস্থা 'আদানি গ্রুপ'। মোট ১,৫০,১৭৩ কোটি টাকার স্পেকট্রাম বিক্রি হয়েছে এই নিলামে। সরকারের প্রায় দেড় লাখ কোটি টাকা আয় হয়েছে এই নিলাম থেকে। এছাড়াও, 'ভারতী এয়ারটেল', 'ভোডাফোন আইডিয়া' এই স্পেকট্রামে অংশ নিয়েছিল।



পাক-ই-স্তান পুলিশের প্রথম হিন্দু মহিলা ডেপুটি সুপারিন্টেন্ডেন্ট হিসাবে মনোনীত হয়ে ইতিহাস গড়লেন মনীষা রোপেতা।

❑ ২০২৫ সালের মধ্যে 'ভারতীয় বিমান বাহিনী'র সব 'মিগ-২১' যুদ্ধবিমান পুরোপুরি বাতিল করে দেওয়ার সিদ্ধান্ত নিল কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রক। এখন ভারতীয় বায়ুসেনায় রয়েছে রাশিয়ার সঙ্গে যৌথভাবে তৈরি মিগ-২১ বাইসন যুদ্ধবিমানের ৪টি স্কোয়াড্রন। ৩০ সেপ্টেম্বর, সেগুলির মধ্যে একটি ও শ্রীনগরের ৫১ নম্বর স্কোয়াড্রনের বিমানগুলিকে অবসরে পাঠানো হবে। এরপর ২০২৫ সালের মধ্যে স্কোয়াড্রনের মিগ যুদ্ধবিমান ও প্রশিক্ষণে ব্যবহৃত বিমানগুলিকে পর্যায়ক্রমে অবসরে পাঠানো হবে। প্রসঙ্গত উল্লেখ্য, গত ছয় দশক ধরে ৪০০টিরও বেশি মিগ-২১ বিমান দুর্ঘটনার কবলে পড়েছিল। মারা গিয়েছিলেন প্রায় ২০০ জন পাইলট। ১৯৬৩ সালে প্রথমবার একক ইঞ্জিন মিগ-২১ যুদ্ধবিমান পেয়েছিল ভারতীয় বিমান বাহিনী। তারপর থেকে এই যুদ্ধবিমানের বিভিন্ন ধরনের ৮৭৪টি বিমান অন্তর্ভুক্ত হয়েছিল বিমান বাহিনীতে।



বাংলার প্রথম ক্রীড়াবিদ হিসাবে, 'বার্মিংহাম কমনওলেথ গেমস'এ পুরুষদের ভারোত্তোলনের ৭৩ কেজি বিভাগে সোনার পদক পেয়ে নজির গড়লেন হাওড়ার পাঁচলার দেউলপুর গ্রামের বাসিন্দা ২০ বছর বয়সি অচিন্ত্য শিউলি। স্ন্যাচে ১৪৩ কেজি ও ক্লিন অ্যান্ড জার্কে ১৭০ কেজি মিলিয়ে, মোট ৩১৩ কেজি ওজন তুলে এই পদক পেলেন তিনি, যা সার্বিকভাবে কমনওয়েলথ গেমস রেকর্ড।

❑ শিশুদের ভিক্ষাবৃত্তি থেকে মুক্ত করতে ও তাদের শিক্ষার ব্যবস্থা করতে, 'অপারেশন মুক্তি' নামে এক বিশেষ অভিযান শুরু করল উত্তরাখণ্ড পুলিশ। ৩০ সেপ্টেম্বর পর্যন্ত চলবে এই অভিযান। এই অভিযানের থিম 'ডোন্ট বেগ, গিভ এডুকেশন' ও 'সাপোর্ট টু এডুকেট এ চাইল্ড'। এই অভিযানের অধীনে, অর্থনৈতিকভাবে দুর্বল, নিঃস্ব শিশুদের ভিক্ষার পথ থেকে সরিয়ে এনে তাদের শিক্ষা দেওয়ার ব্যবস্থা করা হবে। প্রসঙ্গত উল্লেখ্য, ২০১৭ সালে প্রথম 'অপারেশন মুক্তি' অভিযান শুরু করেছিল উত্তরাখণ্ড পুলিশ।

❑ ফর্মুলা ওয়ান 'হাঙ্গেরিয়ান গ্র্যাঁ প্রি' জিতলেন রেড বুলের ম্যাক্স ভারস্তাপেন।

❑ জার্মানিকে ২-১ গোলে হারিয়ে, ২০২২ সালে মহিলাদের ইউরো কাপ জিতল ইংল্যান্ড।

**২ আগস্ট :** 'প্রাইম মিনিস্টার্স অফিস'এর ডিরেক্টর হিসাবে মনোনীত হলেন শ্বেতা সিং।

❑ 'ঔরঙ্গাবাদ স্মার্ট সিটি ডেভেলপমেন্ট কাউন্সিল লিমিটেড'এর মতে, ভারতের প্রথম শহর হিসাবে, 'গুগল' থেকে 'এনভায়রনমেন্টাল ইনসাইটস এক্সপ্লোরার' ডেটা প্রকাশ করল ঔরঙ্গাবাদ। নয়াদিল্লিতে অনুষ্ঠিত একটি ইভেন্টের সময়, ঔরঙ্গাবাদের জন্য ইআইই ড্যাশবোর্ড চালু করেছে গুগল। শহরের জন্য টেকসই সমাধান প্রণয়নে গবেষণা দলগুলিকে সাহায্য করবে এই ডেটা, যার ফলে শহরের পরিবেশ ও সমাজের উন্নতি ঘটবে। প্রসঙ্গত উল্লেখ্য, 'এনভায়রনমেন্টাল ইনসাইটস এক্সপ্লোরার' টুলটি তৈরি করেছে গুগল, যেটি জলবায়ু তথ্য ও প্রযুক্তি প্রদান করে ও কার্বন মুক্ত ভবিষ্যৎ তৈরিতে শহরগুলিকে সাহায্য করে।

❑ বিশ্বের বৃহত্তম ভাসমান সৌর বিদ্যুৎ কেন্দ্র তৈরি হতে চলেছে মধ্য প্রদেশের খাণ্ডোয়া জেলায়। রাজ্যের বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা বাড়ানোর লক্ষ্যে ও বিদ্যুতের সমস্যা সমাধানের লক্ষ্যে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই সৌর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রটি ২০২২-'২৩ সালের মধ্যে ৬০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করতে পারবে বলে মনে করা হচ্ছে। ওমকারেশ্বর বাঁধের ওপর, ৩,০০০ কোটি টাকারও বেশি খরচে এটি তৈরি হচ্ছে।

❑ স্বাস্থ্যকর পরিবেশকে প্রত্যেক মানুষের মানবাধিকার বলে স্বীকৃতি দিল 'রাষ্ট্রসঙ্ঘ'। রাষ্ট্রসঙ্ঘের সাধারণ পরিষদ'এর মাধ্যমে এই রেজোলিউশন গৃহীত হয়েছে। রেজোলিউশনে বলা হয়েছে, প্রাকৃতিক পরিবেশের উদ্বেগজনক পতন রোধে এই পদক্ষেপটি একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

❑ শিশুদের মধ্যে পুষ্টির মান উন্নত করতে, রাজ্যের নারী ও শিশু উন্নয়ন বিভাগের জন্য 'পোশাকা বাল্যম' (পুষ্টিকর শৈশব) নামে একটি প্রকল্পের উদ্বোধন করলেন কেরালার মুখ্যমন্ত্রী পিনারাই বিজয়ন। এই প্রকল্পের অধীনে, রাজ্যের সব অঙ্গনওয়াড়িতে দুধ ও ডিম সরবরাহ করা হবে। এজন্য এই আর্থিক বছরে ৬১.৫ কোটি টাকা বরাদ্দ করেছে রাজ্য সরকার। এর ফলে, রাজ্যের ৩৩,১১৫টি অঙ্গনওয়াড়ির ৩-৬ বছর বয়সি প্রায় ৪ লাখ শিশু সপ্তাহে দু'দিন ডিম ও দুধ পাবে।

❑ ধূমপান মুক্ত প্রজন্ম তৈরির লক্ষ্যে, বিশ্বে এই প্রথম তামাক বিরোধী বিল পাস করল নিউজিল্যান্ডের পার্লামেন্ট। এই বিল অনুযায়ী, নিউজিল্যান্ডে ১৮ বছর বয়স হলেও কোনো মানুষ সিগারেট খেতে পারবেন না। বলা হয়েছে, যাঁরা ২০০৮ সালের পরে জন্মেছেন, তাঁরা বৈধভাবে সিগারেট কিনতে পারবেন না। এর ফলে, তরুণরা আর নিউজিল্যান্ডে বৈধভাবে সিগারেট কিনতে পারবেন না।

❑ দক্ষিণ আফ্রিকাকে ১৭-১০ ব্যবধানে হারিয়ে, 'বার্মিংহাম কমনওয়েলথ গেমস'এ লন বলসে ঐতিহাসিক সোনার পদক জিতে ইতিহাস গড়ল ভারতীয় মহিলা দল।

❑ সিঙ্গাপুরকে ৩-১ ব্যবধানে হারিয়ে, 'বার্মিংহাম কমনওয়েলথ গেমস'এ টেবিল টেনিসে পুরুষদের দলগত বিভাগে সোনার পদক পেল ভারতের ছেলেদের টেবিল টেনিস দল।

❑ 'বার্মিংহাম কমনওয়েলথ গেমস'এ পুরুষদের ভারোত্তোলনের ৯৬ কেজি বিভাগে রুপোর পদক পেলেন ভারতের বিকাশ ঠাকুর। স্ন্যাচে ১৫৫ কেজি ও ক্লিন অ্যান্ড জার্কে ১৯১ কেজি মিলিয়ে মোট ৩৪৬ কেজি ওজন তুলে এই পদক পেলেন তিনি।

**৩ আগস্ট :** 'অয়েল ইন্ডিয়া লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে মনোনীত হলেন রঞ্জিত রথ।

❑ 'ভোডাফোন আইডিয়া'র চেয়ারম্যান হিসাবে মনোনীত হলেন রবিন্দর তক্কর।

❑ 'সেন্ট্রাল ভিজিল্যান্স কমিশনার'এর প্রধান হিসাবে মনোনীত হলেন সুরেশ এন.প্যাটেল।

❑ বর্ষীয়ান বলিউড অভিনেতা মিথিলেশ চতুর্বেদী (৬৭ বছর) মারা গেলেন। 'গদর এক প্রেম কথা', 'কোই মিল গয়া', 'ফাটা পোস্টার নিকলা হিরো'-সহ বহু চলচ্চিত্রে অভিনয় করেছেন তিনি।

❑ নতুন নীতি চালু করল 'এয়ার ইন্ডিয়া'। এই নীতি অনুযায়ী, অবসরপ্রাপ্ত পাইলটদের আবারও কাজে যোগ দেওয়ার সুযোগ দেবে এয়ার ইন্ডিয়া। ৫ বছরের মেয়াদে অবসরপ্রাপ্ত পাইলটদের নিয়োগের নতুন ঘোষণা করা হয়েছে। অবসরের পর যেসব পাইলটকে আবার নিয়োগ করা হবে, তাঁদের কম্যান্ডার হিসাবে চাকরিতে নেওয়া হবে। এ জন্য পারিশ্রমিক ও ফ্লাইং ভাতা পাবেন তাঁরা।

❑ পূর্ব ভারতে বিহারের মুজফফরপুরে অবস্থিত শতাব্দী প্রাচীন 'লঙ্গত সিং কলেজ'এর জ্যোতির্বিদ্যা ল্যাব 'ইউনেস্কো'র হেরিটেজ অবজার্ভেটরির তালিকায় স্থান পেল। তারপরই ল্যাবটি অধিগ্রহণ করে আবার চালু করার জন্য বিহার সরকারের কাছে দাবি জানিয়েছেন কলেজ কর্তৃপক্ষ। প্রসঙ্গত উল্লেখ্য, জ্যোতির্বিদ্যার পঠন-পাঠনের জন্য ১৮৯৯ সালে এই কলেজটি প্রতিষ্ঠিত হয়েছিল। পূর্ব ভারতে বিহারের এই কলেজেই প্রথম জ্যোতির্বিদ্যা নিয়ে পড়াশোনা চালু হয়। তবে, সংস্কারের অভাবে ল্যাবটির এখন ভগ্নপ্রায় দশা। তাই ইউনেস্কোর হেরিটেজ তালিকায় স্থান পাওয়ায় ল্যাবটির সংস্কারে যাতে বিহার সরকার এগিয়ে আসে, তারই আবেদন করা হয়েছে।



প্রথম ভারতীয় সিঙ্গলস স্কোয়াশ খেলোয়াড় হিসাবে, 'বার্মিংহাম কমনওয়েলথ গেমস'এ ব্রঞ্জ পদক পেয়ে ইতিহাস গড়লেন ভারতের সৌরভ ঘোষাল। ইংল্যান্ডের জেমস উইলস্ট্রপকে ১১-৬, ১১-১ ও ১১-৪ ব্যবধানে হারিয়ে এই পদক পেলেন তিনি।

❑ বাংলাদেশের ভূখণ্ড দিয়ে ভারতে জরুরি ভিত্তিতে পেট্রোলিয়াম পণ্য সরবরাহের জন্য, ঢাকায়, বাংলাদেশের সড়ক পরিবহণ ও হাইওয়ে বিভাগের সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করল 'ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেড'। এই চুক্তি অনুযায়ী, বাংলাদেশের সিলেট ও মৌলভীবাজারের সড়ক ব্যবহার করে অসম থেকে ত্রিপুরা ও মণিপুরে জ্বালানি তেল ও তরল পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) পৌঁছাবে। এজন্য কিছু প্রশাসনিক ফি, স্থানীয় টোল ও রাস্তা ব্যবহারের জন্য প্রতি কিলোমিটারে প্রতি টনে ১ টাকা ৮৫ পয়সা হারে চার্জ-সহ অন্যান্য খরচ নির্ধারণ করা হয়েছে, যা আইওসিএল বহন করবে। প্রসঙ্গত উল্লেখ্য, সম্প্রতি বন্যা ও ভূমিধসে যোগাযোগ ব্যবস্থার অবনতি হওয়ায় এই উদ্যোগ নিয়েছে কেন্দ্রীয় সরকার।

❑ দেশে নিজেদের পার্সেল ডেলিভারি পরিষেবার উন্নতি করতে, 'ভারতীয় রেলওয়ে'র সঙ্গে চুক্তি স্বাক্ষর করল ই-কমার্স সংস্থা 'আমাজন ইন্ডিয়া'। এই চুক্তির ফলে, ১১০টিরও বেশি আন্তঃশহর রুটে পণ্য পরিবহণে সক্ষম হবে 'আমাজন ইন্ডিয়া', যার ফলে গ্রাহকরা অর্ডার দেওয়া সামগ্রী ১ থেকে ২ দিনের মধ্যে ডেলিভারি পেয়ে যাবেন বলে মনে করা হচ্ছে।

**৪ আগস্ট :** ভারতের প্রধান বিচারপতি হতে চলেছেন উদয় উমেশ ললিত।



প্রথম ভারতীয় ক্রীড়াবিদ হিসাবে, হাইজাম্পে 'কমনওয়েলথ গেমস'এ পদক পেয়ে ইতিহাস গড়লেন তেজস্বিন শঙ্কর। সর্বোচ্চ ২.২২ মিটার লাফিয়ে ব্রঞ্জ পদক পেলেন তিনি। এর আগে, কমনওয়েলথ গেমসে হাইজাম্পে ভারতের কোনো ক্রীড়াবিদ কোনো পদক পাননি।

❑ ফিনটেক স্টার্টআপ 'ভারতপে'র চিফ ফিনান্সিয়াল অফিসার হিসাবে মনোনীত হলেন নলিন নেগি।

❑ নিজেদের প্রথম চন্দ্র মিশন চালু করল দক্ষিণ কোরিয়া, যা পৃথিবীর নিম্ন কক্ষপথের বাইরে তাদের প্রথম মিশন। আগে এই মিশনটি 'কোরিয়া পাথফাইন্ডার লুনার অরবিটার' নামে পরিচিত ছিল, যা এখন 'দানুরি' নামে পরিচিত। কেপ ক্যানাভেরাল স্পেস ফোর্স স্টেশন থেকে, 'স্পেসএক্স'এর 'ফ্যালকন ৯' রকেটে করে এটিকে মহাকাশে উৎক্ষেপণ করা হয়েছে। যৌথভাবে এই মিশনটি পরিচালনা করেছে মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা 'নাসা' ও 'কোরিয়ান অ্যারোস্পেস রিসার্চ ইনস্টিটিউট'। 'দানুরি'র লক্ষ্য হল, দক্ষিণ কোরিয়ার চন্দ্র মহাকাশযান প্রযুক্তি পরীক্ষা করা, যা ডিসেম্বরের মাঝামাঝি সময়ে চন্দ্রের কক্ষপথে পৌঁছাবে।

❑ কৃষি পরিকাঠামো তহবিলের ব্যবহারে শীর্ষ স্থান পেল আন্ধ্রা প্রদেশ।

❑ উত্তরাখণ্ডের ১৩টি জেলার প্রত্যেকটিতে অন্তত ১টি করে সংস্কৃতভাষী গ্রাম গড়ে তোলার সিদ্ধান্ত নিল রাজ্য সরকার, যেখানে কথ্যভাষা হবে সংস্কৃত। সে'সব গ্রামের বাসিন্দারা যোগাযোগ ও মনের ভাব প্রকাশের জন্য ব্যবহার করবেন শুধুমাত্র সংস্কৃত ভাষা। সেই প্রস্তুতির জন্য বিশেষ প্রশিক্ষক রাখারও সিদ্ধান্ত নিয়েছে প্রশাসন। এইসব গ্রামের নাম রাখা হবে 'সংস্কৃত গ্রাম', যেখানকার বাসিন্দাদের পড়ানো হবে বেদ পুরাণের মতো একাধিক পুঁথি, যা সংস্কৃত ভাষাকে নিখুঁতভাবে জানতে ও শিখতে সাহায্য করবে। প্রসঙ্গত-উল্লেখ্য, কর্ণাটকের শিমোগা জেলার মাথুর গ্রাম হল দেশের একমাত্র সংস্কৃতভাষী গ্রাম।

❑ প্রতিরক্ষা প্রযুক্তির বিকাশ ও দেশীয় প্রতিরক্ষা সরঞ্জাম উৎপাদনের লক্ষ্যে, আইআইটি-রুরকি'র সঙ্গে যুক্ত হল 'ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন'। ডিআরডিও'র 'ডিফেন্স ইলেক্ট্রনিক্স অ্যাপ্লিকেশন ল্যাবরেটরি'র সহযোগিতায়, প্রোগ্রামেবল রেডিওর ভবিষ্যৎ প্রয়োজনীয়তা মেটাতে, দেশীয় রেডিও ফ্রিকোয়েন্সি পাওয়ার অ্যাম্পলিফায়ার তৈরি করেছে আইআইটি রুরকি।

❑ 'বার্মিংহাম কমনওয়েলথ গেমস'এ মহিলাদের জুডোর ৭৮ কেজি বিভাগে রুপোর পদক পেলেন ভারতের তুলিকা মান।

❑ কমনওয়েলথ গেমসের ইতিহাসে প্রথম ভারতীয় হিসাবে পুরুষদের হেভিওয়েট প্যারা পাওয়ারলিফটিংয়ে সোনার পদক পেয়ে ইতিহাস গড়লেন সুধীর। মোট ১৩৪.৫ পয়েন্ট পেয়েছেন তিনি, যা গেমস রেকর্ড।

☞ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

# বিনামূল্যে তপশিলী জাতি ও আদিবাসী ছাত্রছাত্রীদের JEE / NEET-এর কোচিং

পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণি উন্নয়ন ও বিত্ত নিগমের পরিচালনায় বিনা খরচে তপশিলী জাতি ও আদিবাসী ছাত্রছাত্রীদের JEE / NEET-এর কোচিং করানো হচ্ছে। বিজ্ঞান বিভাগে উচ্চমাধ্যমিক পাঠরত ও স্নাতক স্তরের প্রথম বর্ষে পাঠরত ছাত্রছাত্রীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। তবে মাধ্যমিক বা, সমতুল পরীক্ষায় তপশিলী জাতিদের ক্ষেত্রে ৬০% ও উপজাতি বা আদিবাসীদের ক্ষেত্রে ৫০% নম্বর থাকতে হবে। পারিবারিক বার্ষিক আয় হতে হবে ৩,০০,০০০/-টাকার মধ্যে। প্রতিটি ছাত্রছাত্রীকে মাসিক ৩০০ টাকা স্টাইপেন্ড দেওয়া হবে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ২৭ আগস্ট। আবেদনপত্র প্রশিক্ষণ কেন্দ্রে পাওয়া যাবে। এছাড়াও www.anagrasarkalyan.gov.in / www.wbbcdev.gov.in ওয়েবসাইটে পাওয়া যাবে। প্রকল্প রূপায়ণে আছে 'এন.সি.এস.এম'। জেলাভিত্তিক প্রশিক্ষণ কেন্দ্রগুলি হল: **(১) উত্তর ২৪ পরগনা** — বাগদা (হেলেঞ্চা হাই স্কুল, ফোন :৯০৬২৫০৮০২০), বারাসাত (নোয়াপাড়া রাসবিহারী ইনস্টিটিউশন ফর গার্লস, ফোন : ৭৯৮০৪৯১২১৩), ব্যারাকপুর (নৈহাটী নরেন্দ্র বিদ্যানিকেতন, ফোন : ৮৯১০১৯৪৮০২), বসিরহাট (ভবলা ত্রস্ত এস আর হাই স্কুল, ফোন : ৯৫৪৭৬৯৩৩৬৫)। **(২) দক্ষিণ ২৪ পরগনা** — বারুইপুর (মদারাট পপুলার অ্যাকাডেমি, ফোন : ৯৬৭৪৪৬১২০৯), ডায়মন্ডহারবার (ভারত সেবাশ্রম সংঘ প্রণব বিদ্যাপীঠ এইচ.এস, ফোন : ৯৬১৪৪৫৯২৩৯)। **(৩) বাঁকুড়া** — বাঁকুড়া টাউন (বাঁকুড়া গার্লস হাই স্কুল, ফোন : ৮৪৩৬৯০৯৮২৭), খাতড়া (খাতড়া গার্লস হাই স্কুল, ফোন : ৯৯৩২৪৪১০৪৪)। **(৪) হাওড়া** — বাগনান (বাগনান গার্লস হাই স্কুল, ফোন : ৮৬৯৭৮০৩৫২০)। **(৫) ঝাড়গ্রাম** — ঝাড়গ্রাম (ঝাড়গ্রাম কুমুদকুমারী ইনস্টিটিউশন, ফোন : ৯৬৩৫২৩৮৭৩০। **(৬) পশ্চিম বর্ধমান** — দুর্গাপুর টাউন (দুর্গাপুর তারকনাথ হাই স্কুল, ফোন : ৯০৯১০৪৪৬২৪)। **(৭) পশ্চিম মেদিনীপুর** — মেদিনীপুর টাউন (কেরানিতলা শ্রী শ্রী মোহনানন্দ বিদ্যামন্দির, ফোন : ৯৮৩২১২৫০৮৭)। খড়গপুর (খড়গপুর ট্র্যাফিক হাই স্কুল, ফোন : ৬২৯৫৯৯৭০৮৩)। **(৮) পূর্ব মেদিনীপুর** — কন্টাই (কন্টাই কিশোরনগর শচীন্দ্র শিক্ষা সদন, ফোন : ৮২৫০৬৩৩৭৯৯)। খেজুরি (হেরিয়া শিবপ্রসাদ হাই স্কুল, ফোন : ৭৪০৭১৭১০২১)। **(৯) পুরুলিয়া** — মানবাজার (মানবাজার রাধামাধব ইনস্টিটিউশন, ফোন : ৯০৬৪৯১৬১১২। পুরুলিয়া টাউন (চিত্তরঞ্জন বয়েজ স্কুল, ফোন : ৮৬৭০৫৫৬১০৯)। **(১০) আলিপুরদুয়ার** — আলিপুরদুয়ার (আলিপুরদুয়ার হাই স্কুল, ফোন : ৯৪৩৪১৭৯৬৬৯। মাদারিহাট (মাদারিহাট হাই স্কুল, ফোন : ৯৪৩৪১৭৯৬৬৯)। **(১১) বীরভূম** — সিউড়ি (বীরভূম জেলা হাই স্কুল, ফোন : ৯৮০০১৮৯২৬৫)। **(১২) কোচবিহার** — কোচবিহার টাউন (কোচবিহার জেনকিন্স স্কুল, ফোন : ৯৬৭৯০৭৮১৬৯)। **(১৩) দক্ষিণ দিনাজপুর** — বালুরঘাট টাউন (বালুরঘাট হাই স্কুল, ফোন : ৯৯৩২৯২৩৫৩৪)। **(১৪) দার্জিলিং** — শিলিগুড়ি টাউন (শিলিগুড়ি বয়েজ হাই স্কুল, ফোন : ৮৯১৮৬৩৯৭৪২)। দার্জিলিং টাউন (মাইনোরিটি মিটিং হল, অফিস অফ দ্য ডি.এম, ফোন : ৮২৫০৪৯৬০২৭)। **(১৫) হুগলি** — তারকেশ্বর (তারকেশ্বর গার্লস প্রাইমারি স্কুল, ফোন : ৯৭৩২৬২৮৭৩৯)। **(১৬) জলপাইগুড়ি** — জলপাইগুড়ি টাউন (জলপাইগুড়ি হায়ার সেকেন্ডারি স্কুল, ফোন : ৮৩৯১১৯৩৫৭১১)। মালবাজার (মালবাজার আদর্শ বিদ্যাপীঠ, ফোন : ৯৮৩২০৮৬৭৪১)। **(১৭) কালিম্পং** — কালিম্পং (জুবিলি স্কুল, ফোন : ৮০০১৩৭৭২৪৯)। **(১৮) মালদা** — মালদা টাউন (মালদা বিভূতিভূষণ হাই স্কুল, ফোন : ৭৭৯৭৯১৯৫৮০)। চাঁচল (চাঁচল সিদ্ধেশ্বরী ইনস্টিটিউশন, ফোন : ৯৬৭৯৬৪১৮৪৬)। **(১৯) নদিয়া** — কৃষ্ণনগর (কৃষ্ণনগর এ.ভি হাই স্কুল, ফোন : ৯৬১৪৮৯৪০৯১)। কল্যাণী (ইউনিভার্সিটি এক্সপেরিমেন্টাল হাই স্কুল, ফোন : ৯৯০৩৭৪০০৭৫)। **(২০) পূর্ব বর্ধমান** — ইস্ট বর্ধমান (কৃষ্ণপুর হাই স্কুল, ফোন : ৮৯১৮৯৪৩২৩৪)। **(২১) উত্তর দিনাজপুর** — রায়গঞ্জ (সুদর্শনপুর দ্বারিকাপ্রসাদ উচ্চ বিদ্যাচক্র, ফোন : ৮৪৩৬৫১০০০৬)। **(২২) মুর্শিদাবাদ** — জঙ্গিপুর (জঙ্গিপুর হাই স্কুল, ফোন : ৭০০১৫৯৫৯২৮)। **(২৩) কলকাতা** — কলকাতা (যোধপুর পার্ক বয়েজ স্কুল, ফোন : ৬২৯১৬৯১৫৬৩)।


PARAMEDICAL COLLEGE
DURGAPUR
BMLT Medical Laboratory Technology
HOSPITAL MANAGEMENT OPTOMETRY
PHYSIOTHERAPY NUTRITION B.SC & M.SC
93337-09950
ADMISSION 2022
Hellen Keller Sarani, Sector - 2A
Bidhannagar, Durgapur - 713212, WB

Berhampore Science and Management College
Approved by Govt of W.B, Affiliated to MAKAUT, WB (Formerly WBUT)
BBA & BCA
Bachelor of Business Administration — Bachelor of Computer Application
CET-এর মাধ্যমে উচ্চমাধ্যমিক / ভোকেশনাল উত্তীর্ণদের Professional Graduation কোর্সে ভর্তির সুযোগ
Fees: ₹22500/- per Semester
Minimum 2 Placement Assistance Guaranteed
website:- https://berhamporesmc.org
সৈদাবাদ (আর্মেনিয়ান চার্চের সন্নিকটে), বহরমপুর, মুর্শিদাবাদ
Helpline :- 9434135557/ 9434029671

গ্র্যাজুয়েট ও উচ্চমাধ্যমিক পাশে স্থায়ী সম্মান ও উচ্চ বেতন মানেই সরকারি চাকরি
WBCS 2023
যোগ্যতা : শুধুমাত্র গ্র্যাজুয়েশন, বয়স : ২০-৩৯ বছর
বিজ্ঞপ্তি প্রকাশ শীঘ্রই
স্কুল সার্ভিস
২০ হাজারের বেশি শিক্ষক নিয়োগ হতে চলেছে, নতুন পদ্ধতিতে পরীক্ষা গ্রহণ।
স্টাফ সিলেকশনে ৭০ হাজার শূন্যপদে আবেদনগ্রহণ চলছে
কেন্দ্রীয় সরকারে আগামী ১৮ মাসের মধ্যেই ১০ লক্ষ চাকরি মাধ্যমিক থেকে গ্র্যাজুয়েশন, মাস্টার্স, ম্যানেজমেন্ট বা নার্সিং- সমস্ত যোগ্যতায় চলছে নিয়োগ
বিভিন্ন সরকারি চাকরির পরীক্ষায় GSCE-র ছাত্রছাত্রীদের সাফল্যের কারণ—
১০০% কমনযোগ্য স্টাডি মেটিরিয়াল ও অভিজ্ঞ ফ্যাকাল্টি টিম রয়েছে GSCE তে এবং প্রতিটি সরকারি চাকরির পরীক্ষায় ছাত্রছাত্রীদের সাফল্যের হার ৮৫%। সমস্ত সরকারি চাকরির পরীক্ষায় অনলাইন ও অফলাইন প্রস্তুতির সুযোগ রয়েছে এখানে। বিস্তারিত জানতে এখনই যোগাযোগ করুন আপনার নিকটবর্তী GSCE কেন্দ্রে।
Helpline : 9830277100/200/300 Website : www.gsceindia.org
GSCE কেন্দ্র
শিয়ালদহ HO : 9674087465, 9051040306
9830277023
9674033336
9830277598
জলপাইগুড়ি : 9674025600
9830277257
শিলিগুড়ি : 9674087473
9830277171
9674087472
9674087471
9674087470
9674083508
9674087459
9230056663
9230056673
9674087457
9230056667
9674087456
পূ: মেদিনীপুর : 9230056671
9674087374
বর্ধমান : 9674025700
9674012025
9230056669
9830277230
GSCE পড়লেই সরকারি চাকরি
George Telegraph • Since 1920

PMIT GROUP OF COLLEGES
ভর্তির শেষ সুযোগ
SESSION 22-23
100% চাকরীর সহায়তা
প্যারামেডিক্যাল — MAKAUT অনুমোদিত
BMLT (B. SC IN MEDICAL LAB TECHNOLOGY)
B.OPT (BACHELOR OF OPTOMETRY)
RADIOLOGY & IMAGING TECHNOLOGY
নার্সিং — WBNC | INC
GNM (10+2 Any Stream)
B.Sc NURSING (10+2 Science)
ফার্মেসী — PCI | MAKAUT | WBSCT & VE & SD
D.PHARM DIPLOMA IN PHARMACY (10+2 SCIENCE)
B.PHARM BACHELOR IN PHARMACY (10+2 Science)
CAMPUS AT KOLKATA
8335088888
care@pmitcolleges.org
www.pmitcolleges.org

# রেলের গ্রুপ 'ডি'



রেলে গ্রুপ-ডি পদের প্রথম ফেজ'এর অনলাইন টেস্ট হবে ১৭ আগস্ট থেকে ২৫ আগস্ট পর্যন্ত। দ্বিতীয় ফেজ'এর পরীক্ষা হবে ২৬ আগস্ট থেকে ৮ সেপ্টেম্বর পর্যন্ত। এই পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল সায়েন্স - ২৫ নম্বর, (২) অঙ্ক - ২৫ নম্বর, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩০ নম্বর, (৪) জেনারেল অ্যাওয়ারনেস অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স - ২০ নম্বর। সময় থাকবে মোট দেড় ঘণ্টা। এই পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলায়। এই পরীক্ষায় ঠিক যেমন ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১০০টি প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করে দেখালেন রাজ্য সরকারের মূল্যায়ণ পর্ষদে কর্মরত **নুরুল ইসলাম**।

1. ভারতের প্রথম আন্তর্জাতিক প্যাসেঞ্জার ট্রেন কোনটি?
(A) বন্ধন এক্সপ্রেস (B) মৈত্রী এক্সপ্রেস (C) মিতালী এক্সপ্রেস (D) সমঝোতা এক্সপ্রেস

2. 'ন্যাশনাল পিপলস পার্টি' ভারতের কোন রাজ্যের স্থানীয় রাজনৈতিক দল?
(A) গোয়া (B) নাগাল্যান্ড (C) মেঘালয় (D) মিজোরাম

3. 'রাজীব গান্ধী আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম' ভারতের কোন শহরে অবস্থিত?
(A) নিউ দিল্লি (B) শ্রীনগর (C) হায়দরাবাদ (D) চেন্নাই

4. ভারতে দূরশিক্ষা নিয়ন্ত্রণ করে নিচের কোন সংস্থা?
(A) IGNOU (B) DEC (C) DEB (D) CEBC

5. 'হোবারক্রাফট' কী?
(A) মহাকাশযান (B) স্যাটেলাইট (C) একধরণের যান, যেটি জল, স্থল ও বাতাসে চলতে সক্ষম (D) মিসাইল

6. 'কমনওয়েলথ গেমস' সম্পর্কে নিচের কোন তথ্যটি সঠিক নয়?
(A) 2022 সালে অনুষ্ঠিত কমনওয়েলথ গেমসটি ২২তম (B) এ'বছর কমনওয়েলথ গেমসটি বার্মিংহামে অনুষ্ঠিত হল (C) এ'বছর কমনওয়েলথ গেমসে মোট ১৯টি খেলা আয়োজিত হয়েছিল (D) ভারতের হয়ে এবার কমনওয়েলথে মোট সোনার পদক জয়ীর সংখ্যা ২০

7. অ্যাডাম মোসেরী নামটি নিচের কোন সোশ্যাল মিডিয়ার প্রধান কর্ণধার হিসাবে পরিচিত?
(A) ট্যুইটার (B) কু (C) ইনস্টাগ্রাম (D) টেলিগ্রাম

8. 'Atal Bihari Vajpayee' বইটি কার লেখা?
(A) রাজীব ভাটিয়া (B) সাগরিকা ঘোষ (C) কিরণ বেদী (D) চন্দ্রচূড় ঘোষ

9. IMPS-এর পুরো কথা কী?
(A) Immediate Payment Service (B) Indian Money Payment Service (C) Indian Money Payment Settlement (D) Immediate Pay settlement

10. বর্তমান কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব কোন রাজ্যের হয়ে সংসদে প্রতিনিধিত্ব করেন?
(A) ওড়িশা (B) বিহার (C) মহারাষ্ট্র (D) কর্ণাটক

11. আধুনিক পর্যায় সারণিতে পর্যায় বরাবর বাম দিক থেকে ডানদিকে গেলে ইলেক্ট্রন আসক্তির কীরকম পরিবর্তন ঘটবে?
(A) বাড়ে (B) কমে (C) কোনো পরিবর্তন হয় না (D) প্রথমে কমে তারপর বাড়ে

12. আপেক্ষিক তাপের একক কী?
(A) J/°C (B) Jkg/°C (C) J/Kg°C (D) J/m °C

13. একটি লিফট ত্বরণ-সহ নিচে নামছে, লিফটের মধ্যে থাকা কোনো ব্যক্তি কেমন ওজন অনুভব করবে?
(A) তার ওজনের সমান ওজন অনুভব করবে (B) তার ওজনের কম ওজন অনুভব করবে (C) তার ওজনের বেশি ওজন অনুভব করবে (D) তার ওজন শূন্য অনুভব করবে

14. প্রজাতান্ত্রিক মহাজনপদ কোনগুলি?
(A) অঙ্গ, মগধ (B) বৃজি, মল্ল (C) কাশি, কোশল (D) অশ্মক, শূরসেন

15. 'স্টারফিশ' কোন ফাইলামের অন্তর্গত?
(A) একাইনোডারমাটা (B) নিডারিয়া (C) অ্যানিলিডা (D) মোলাস্কা

16. 'ওডোমিটার' যন্ত্রের সাহায্যে কী পরিমাপ করা হয়?
(A) ইলেক্ট্রিক প্রবাহমাত্রা (B) সমুদ্রের গভীরতা (C) শব্দের গতিবেগ (D) কোনো গাড়ির মাধ্যমে অতিক্রান্ত পথ

17. পৃথিবীর উচ্চতম আগ্নেয়গিরি কোনটি?
(A) মৌনা লোয়া (B) ওজোস ডেল সালাডো (C) মাউন্ট ভিসুভিয়াস (D) মাউন্ট সেন্ট হেলেনস

18. কোন সন্ধির মাধ্যমে দ্বিতীয় ইঙ্গ মহীশূর যুদ্ধের অবসান ঘটে?
(A) মাদ্রাজের সন্ধি (B) বেসিনের সন্ধি (C) ম্যাঙ্গালোরের সন্ধি (D) সেরিঙ্গপত্তনামের সন্ধি

19. বলের গাণিতিক সমীকরণ F = ma নিউটনের কোন সূত্র থেকে জানা যায়?
(A) দ্বিতীয় সূত্র (B) প্রথম সূত্র (C) তৃতীয় সূত্র (D) চতুর্থ সূত্র

20. 'ইউরেনিয়াম কর্পোরেশন অফ ইন্ডিয়া'র সদরদফতর কোথায় অবস্থিত?
(A) হায়দরাবাদ (B) পুণে (C) জাদুগোরা (D) উদগমণ্ডলম

21. $K_2Cr_2O_7$-এ Cr-এর জারক সংখ্যা কত?
(A) +6 (B) +7 (C) +8 (D) +5

22. বায়ুমণ্ডলে কোন গ্রিন হাউস গ্যাসের পরিমাণ সর্বাধিক?
(A) $CO_2$ (B) $O_3$ (C) CFC (D) জলীয় বাষ্প

23. বৈদ্যুতিক বাতির ফিলামেন্ট কীসের তৈরি?
(A) টাংস্টেন (B) গ্রাফাইট (C) প্লাটিনাম (D) তামা

24. একটি পরিবাহীর দুই প্রান্তের বিভবপ্রভেদ 5V, তড়িৎপ্রবাহ মাত্রা 0.2A হলে, পরিবাহীর রোধ কত?
(A) 0.25Ω (B) 25Ω (C) 50Ω (D) 0.5Ω

25. দীর্ঘদৃষ্টি (Hypermetropia) সমস্যা কমাতে কোন লেন্স ব্যবহার করা হয়ে থাকে?
(A) উত্তল লেন্স (B) অবতল লেন্স (C) বেলনাকার লেন্স (D) কোনোটিই নয়

26. অপরিহার্য অ্যামাইনো অ্যাসিডের সংখ্যা ক'টি?
(A) 8 (B) 7 (C) 10 (D) 15

27. সবথেকে বেশি তড়িৎ ঋণাত্মক মৌল কোনটি?
(A) অক্সিজেন (B) ফ্লুওরিন (C) ক্লোরিন (D) সোডিয়াম

28. বায়ুতে শব্দের বেগ কত?
(A) 280 মিটার/সেকেন্ড (B) 350 মিটার/সেকেন্ড (C) 332 মিটার/সেকেন্ড (D) 420 মিটার/সেকেন্ড

29. $_{18}Ar^{40}$, $_{19}K^{40}$, $_{20}Ca^{40}$ এরা পরস্পর পরস্পরের —
(A) আইসোটোন (B) আইসোটোপ (C) আইসোডায়াফার (D) আইসোবার

30. 'প্রতিধ্বনি'র জন্য শব্দ উৎস ও প্রতিফলকের মধ্যে ন্যূনতম দূরত্ব কত মিটার?
(A) 18 মিটার (B) 16.6 মিটার (C) 14 মিটার (D) 20 মিটার

31. 'টঙ্কা' ও 'জিতল' মুদ্রা দু'টি কে প্রচলন করেন?
(A) বলবন (B) ইলতুৎমিস (C) ফিরোজ শাহ তুঘলক (D) শেরশাহ সূরি

32. 'আইন অমান্য আন্দোলন' কত সালে শুরু হয়?
(A) 1930 (B) 1920 (C) 1932 (D) 1942

33. 'বাল্মিকী জাতীয় উদ্যান' ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(A) কর্ণাটক (B) ওড়িশা (C) বিহার (D) পশ্চিমবঙ্গ

34. কেন্দ্রীয় সরকারের সর্বোচ্চ আইনি পদ কোনটি?
(A) আইনমন্ত্রী (B) লোকসভার অধ্যক্ষ (C) অ্যাটর্নি জেনারেল (D) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি

35. পঞ্চায়েত ও পুরসভা নির্বাচনের দায়িত্বে থাকে কে?
(A) কেন্দ্রীয় নির্বাচন কমিশন (B) রাজ্য সরকার (C) কেন্দ্রীয় সরকার (D) রাজ্য নির্বাচন কমিশন

36. ভারতের কোন প্রতিবেশী দেশের জাতীয় পতাকায় ড্রাগনের ছবি দেখতে পাওয়া যায়?
(A) শ্রীলঙ্কা (B) নেপাল (C) ভুটান (D) মায়ানমার

37. 'সাইক্লিং' কোন গ্রাউন্ডে অনুষ্ঠিত হয়?
(A) ডায়মন্ড (B) কোর্ট (C) ভেলোড্রোম (D) ট্র্যাক

38. প্রধানমন্ত্রী আবাস যোজনার মেয়াদকাল কত সাল পর্যন্ত বাড়ানো হল?
(A) ২০২৫ (B) ২০২৪ (C) ২০২৩ (D) ২০২৬

39. ২০২১ সালে কে সাহিত্যে 'নোবেল' পুরস্কার পেয়েছেন?
(A) মারিয়া রেসা (B) লুইস গ্ল্যাক (C) ডেভিড জুলিয়াস (D) আব্দুলরাজাক গুরনাহ

40. ২০১১ সালের জনগণনা অনুযায়ী, ভারতের কোন রাজ্যে সাক্ষরতার হার সবথেকে বেশি?
(A) উত্তর প্রদেশ (B) কেরালা (C) কর্ণাটক (D) তামিলনাড়ু

41. $Y^2$ : 4 : : $V^2$ : ?
(A) 16 (B) 49 (C) 25 (D) 9

42. 13, 35, 57, 79, 911, ?
(A) 1110 (B) 1112 (C) 1113 (D) 1315

43. CFED : PSQR : : JMLK : ?
(A) YXZW (B) YVZX (C) WXYZ (D) UVXZ

44. যদি AT = 20 ও BAT = 40 হয়, তাহলে 'CAT'এর মান নির্ণয় করুন।
(A) 30 (B) 50 (C) 60 (D) 70

45. প্রদত্ত শব্দের অক্ষর ব্যবহার করে কোন শব্দটি গঠন করা যায় না, তা নির্বাচন করুন —
SATISFACTORY
(A) SCATTER (B) FASCIST (C) FACTORS (D) SCARIFY

46. —ZY— ZXY —YXZX — ZYX — XY
(A) YXZYZ (B) ZXYZX (C) YZXYX (D) XYZZY

47. কোন সংখ্যাটি প্রদত্ত সিরিজটি সম্পূর্ণ করবে?
242, 393, 4164, ?
(A) 5525 (B) 5255 (C) 5236 (D) 5325

48. 4831 : 8 : : 5437 : ?
(A) 6 (B) 8 (C) 10 (D) 9


49. 165, 195, 255, 285, 345, ?
(A) 390 (B) 420 (C) 375 (D) 405

50. Sheep : Mutton : : Deer : ?
(A) Venison (B) Meat (C) Flesh (D) Veal

51. 10, 43, 175, ———, 2815
(A) 315 (B) 633 (C) 703 (D) 1320

52. যদি 'STRONG'কে লেখা হয় 'ROTNSG', তাহলে একই কোডে 'NAGPUR'কে কীভাবে লেখা হবে?
(A) PGUARN (B) GPAUNR (C) PGAURN (D) GPUANR

53.




(A) 32 (B) 460 (C) 624 (D) 853

54. AZ : YC : : CX : ?
(A) WE (B) DV (C) VD (D) XF

55. নিচের কোনটি আলাদা?
(A) 55 × 5 (B) 15 × 15
(C) 5 × 45 (D) 25 × 9

56. M × N : 13 × 14 : : F × R : ?
(A) 5 × 17 (B) 6 × 18 (C) 14 × 15 (D) 16 × 18

57. 8 : 336 : : 6 : ?
(A) 132 (B) 168 (C) 240 (D) 120

58. নিচের কোনটি আলাদা?
(A) 10 + 7 (B) 25–8 (C) 17 × 0 (D) 85 ÷ 5

59. Eye : Wink : : Heart : ?
(A) Move (B) Throb (C) Pump (D) Quiver

60.




(A) 149 (B) 419 (C) 941 (D) 194

61. সঠিক উত্তরটি '?' জায়গায় বসান।
3, 3, 9, 15, 33, ?
(A) 66 (B) 63 (C) 67 (D) 65

62. 0, 7, 26, 63, 124, 215, ?
(A) 324 (B) 272 (C) 342 (D) 296

63. পদ ও সংখ্যা সারিতে ভুল পদটি নির্বাচন করুন।
3, 2, 8, 9, 13, 22, 18, 32, 23, 42
(A) 8 (B) 9 (C) 13 (D) 22

64. AYBZC, DWEXF, GUHVI, JSKTL, ?
(A) MQNPO (B) MQNRO (C) NQMRO (D) QMONR

65. XDA, VEC, TGF, RJH, ?
(A) PNK (B) QGL (C) TOL (D) QNL

66–67 নং প্রশ্নের বেমানানটি নির্বাচন করুন —

66. (A) টাইফয়েড (B) কলেরা (C) জন্ডিস (D) এইডস

67. (A) সিডনি (B) আমস্টারডাম (C) হেলসিঙ্কি (D) বুদাপেস্ট

68. নিচের ছবিতে কতগুলি ত্রিভুজ আছে?



(a) 11 (B) 9 (C) 8 (D) 10

69. ইংরিজি বর্ণমালাকে যদি বিপরীতক্রমে লেখা হয়, তাহলে 'J'এর বাঁদিকে 9th বর্ণের ডানদিকে 15th বর্ণের আগের বর্ণটি কী হবে?
(A) D (B) C (C) T (D) E

70. —bcdbc —dcabd —bcdbc —dc—bd
(A) aaaaa (B) aabca (C) bcadc (d) abcda

71. A, 20% লোকসান করে B-কে একটি দ্রব্য বিক্রি করল ও B, দ্রব্যটি C-কে 20% লাভে বিক্রি করল। C, যে মূল্য দিয়েছে সেই মূল্যে যদি A বিক্রি করত, তবে তার শতকরা কত ক্ষতি হবে?
(A) 4% (B) 5% (C) 6% (D) 8%

72. পিনের মূল্য প্রতি ডজনে 2 পয়সা কমলে 42 পয়সায় আরও 6টি পিন বেশি পাওয়া যায়। প্রতি ডজন পিনের বর্তমান মূল্য কত পয়সা?
(A) 10 (B) 11 (C) 12 (D) 14

73. কোনো দুর্গে 1,000 সৈন্য ও তাদের 80 দিনের খাদ্য আছে। 20 দিন পরে ওই দুর্গে 200 সৈন্য এলে, অবশিষ্ট খাদ্যে সব সৈন্যের কত দিন চলবে?
(A) 50 (B) 60 (C) 70 (D) 75

74. $P = 3 + \frac{1}{P}$ হলে, $P^4 + \frac{1}{P^4}$ এর মান কত হবে?
(A) 119 (B) 120 (C) 121 (D) 122

☞ এরপর ১২ পাতায়

# পশ্চিমবঙ্গ সরকার

## অনগ্রসর শ্রেণী কল্যাণ ও আদিবাসী উন্নয়ন বিভাগ

## রাজ্যের তপশিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত ছাত্র-ছাত্রীদের বিনা মূল্যে JEE / WB JEE / NEET - 2023 এর কোচিং

**দ্বাদশ শ্রেণী (Class XII) বিজ্ঞান বিভাগ এবং স্নাতক স্তরের প্রথম বর্ষে পাঠরত ছাত্র-ছাত্রীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে।**

**আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ : ২৭/০৮/২০২২**

**আবেদনকারীর ন্যূনতম যোগ্যতা :**

1. মাধ্যমিক / সমতুল পরীক্ষায় অন্তত ৬০% (SC) / ৫০% (ST) নম্বর প্রয়োজন। 2. পরিবারের বার্ষিক আয় অনূর্দ্ধ : ৩,০০,০০০/- ।

**300 টাকা মাসিক স্টাইপেন্ড দেওয়া হবে।**

**জেলাভিত্তিক প্রশিক্ষণ কেন্দ্র**

| Sl. No | District | Location | Address | Contact No |
|---|---|---|---|---|
| 1 | 24 Parganas (North) | Bagdah | Helencha High School | 9062508020 |
| 2 | 24 Parganas (North) | Barasat | Noapara Rashbihari Institution For Girls | 7980491213 |
| 3 | 24 Parganas (North) | Barrackpore | Naihati Narendra Vidyaniketan | 8910194802 |
| 4 | 24 Parganas (North) | Bashirhat | Bhabla Tantra S R High School | 9547693365 |
| 5 | 24 Parganas (South) | Baruipur | Madarat Popular Academy | 9674461209 |
| 6 | 24 Parganas (South) | Diamond Harbour | Bharat Sevashram Sangha Pranab Vidyapith HS | 9614459239 |
| 7 | Bankura | Bankura Town | Bankura Girl's High School | 8436909827 |
| 8 | Bankura | Khatra | Khatra Girl's High School | 9932441044 |
| 9 | Howrah | Bagnan | Bagnan Girl's High School | 8697803520 |
| 10 | Jhargram | Jhargram | Jhargram Kumudkumari Institution | 9635238730 |
| 11 | Paschim Bardhaman | Durgapur Town | Durgapur TarakNath High School | 9091044624 |
| 12 | Pashchim Medinipur | Medinipore Town | Keranitola Shree Shree Mohanananda Vidyamandir | 9832125087 |
| 13 | Pashchim Medinipur | Kharagpur | Kharagpur Traffic High School | 6295997083 |
| 14 | Purba Medinipur | Contai | Contai Kishorenagar Sachindra SikshaSadan | 8250633799 |
| 15 | Purba Medinipur | Khejuri | Heria Sibaprasad High School | 7407171021 |
| 16 | Purulia | Manbazar | Manbazar Radhamadhab Institution | 9064916112 |
| 17 | Purulia | Purulia Town | Chittaranjan Boy's School | 8670556109 |
| 18 | Alipurduar | Alipurduar | Alipurduar High School | 9434179669 |
| 19 | Alipurduar | Madarihat | Madarihat High School | 9434179669 |
| 20 | Birbhum | Suri | Birbhum Zilla High School | 9800189265 |
| 21 | Coochbehar | Coochbehar Town | Coochbehar Jenkins School | 9679078169 |
| 22 | Dakshin Dinajpur | Balurghat Town | Balurghat High School | 9932923534 |
| 23 | Darjeeling | Siliguri Town | Siliguri Boy's High School | 8918639742 |
| 24 | Darjeeling | Darjeeling Town | Minority Meeting Hall, Office of the DM | 8250496027 |
| 25 | Hooghly | Tarakeshwar | Tarakeswar Girls Primary School | 9732628739 |
| 26 | Jalpaiguri | Jalpaiguri Town | Jalpaiguri Higher Secondary School | 8391935711 |
| 27 | Jalpaiguri | Malbazar | Malbazar Adarsha Vidyapith | 9832086741 |
| 28 | Kalimpong | Kalimpong | Jubilee School | 8001377249 |
| 29 | Malda | Malda Town | Malda Bibhutibhusan High School | 7797919580 |
| 30 | Malda | Chanchal | Chanchal Sidheswari Institution | 9679641846 |
| 31 | Nadia | Krishnanagar | Krishnagar AV High School | 9614894091 |
| 32 | Nadia | Kalyani | University Experimental High School | 9903740075 |
| 33 | Purba Bardhaman | East Burdwan | Krishnapur High School | 8918943234 |
| 34 | Uttar Dinajpur | Raiganj | Sudarsanpur Dwarika Prasad Uchcha Vidyachakra | 8436510006 |
| 35 | Murshidabad | Jangipur | Jangipur High School | 7001595928 |
| 36 | Kolkata | Kolkata | Jodhpur Park Boy's School | 6291691563 |

আবেদনপত্র প্রশিক্ষণ কেন্দ্রে পাওয়া যাবে। এছাড়াও www.anagrasarkalyan.gov.in / www.wbbcdev.gov.in Website - এ পাওয়া যাবে।

05/08/2022 থেকে 27/08/2022 তারিখের মধ্যে আবেদনপত্র নির্দিষ্ট প্রশিক্ষণ কেন্দ্রে জমা করতে হবে।

অথবা Online এ আবেদনের জন্য www.wbbcdev.gov.in দেখুন।

প্রশিক্ষণ রূপায়ণে ncsm

**Head Office:**
166/A Canal South Road,
Beliaghata, Kolkata - 700105

বিশদ জানতে যোগাযোগ করুন:
9903740075
9433444999

# রেলের গ্রুপ 'ডি'

১০ পাতার পর

75. একটি বাক্সে কিছু বল ও মার্বেল আছে। মার্বেলের সংখ্যার বর্গ করলে বলের সংখ্যার থেকে 38 বেশি হয়। যদি আরও 4টি মার্বেল বাক্সে রাখা হত, তাহলে বল ও মার্বেলের সংখ্যা সমান হত। বাক্সে বল ও মার্বেলের সংখ্যা যথাক্রমে কত হবে?

(A) 11, 7 (B) 12, 7 (C) 7, 12 (D) 7, 11

76. একজন সেনা জেনারেল তার সৈন্যদের এমনভাবে সাজান যাতে সারির সংখ্যা কলামের সংখ্যার সমান হয়। এটি করতে গিয়ে, তিনি দেখতে পান যে ৫৫ জন সৈন্য বাদ পড়েছে। মোট সৈন্য সংখ্যা ৬৪৫৫ হলে, প্রতিটি সারিতে সৈন্য সংখ্যা নির্ণয় করুন।

(A) 75 (B) 80 (C) 70 (D) 85

77. দুটি পাইপ A ও B যথাক্রমে $37\frac{1}{2}$ মিনিটে ও 45 মিনিটে একটি চৌবাচ্চা ভর্তি করতে পারে। দুটি পাইপ খুলে দেওয়া হল। B পাইপটি কতক্ষণ পরে বন্ধ করলে চৌবাচ্চাটি আধ ঘণ্টার মধ্যে পূর্ণ হত?

(A) 5 মিনিট (B) 9 মিনিট (C) 10 মিনিট (D) 15 মিনিট

78. স্থির জলে একটি নৌকার গতিবেগ ঘণ্টায় 15 কিলোমিটার ও স্রোতের বেগ ঘণ্টায় 3 কিলোমিটার। তাহলে 12 মিনিটে স্রোতের অভিমুখে কত কিলোমিটার দূরত্ব ভ্রমণ করা যাবে?

(A) 1.2 (B) 1.8 (C) 2.4 (D) 3.6

79. কোনো বার্ষিক পরীক্ষায় 25% বাংলায়, 30% ইংরিজিতে ও 35% অঙ্কে অকৃতকার্য হয়। তিন বিষয়েই অকৃতকার্য হয় 20% ও কোনো পরীক্ষার্থীই শুধুমাত্র দুই বিষয়েই অকৃতকার্য হয়নি। পরীক্ষার্থীর সংখ্যা 420 জন হলে, সব বিষয়েই কৃতকার্য হয়েছে কত জন?

(A) 200 (B) 205 (C) 210 (D) 220

80. একজন লোক স্থির জলে ঘণ্টায় 5 কিলোমিটার বেগে সাঁতার কাটতে পারে। যদি স্রোতের গতিবেগ প্রতি ঘণ্টায় 1 কিলোমিটার হয় ও একটি জায়গায় সাঁতার কেটে ফিরে আসতে 1 ঘণ্টা সময় লাগে, তাহলে জায়গাটির দূরত্ব কত কিলোমিটার?

(A) 2.5 (B) 2.4 (C) 3 (D) 3.6

81. একটি পাইপ অন্য আরেকটি পাইপের থেকে তিনগুণ দ্রুত একটি ট্যাঙ্ক পূরণ করতে পারে। যদি একসঙ্গে দুটি পাইপ 36 মিনিটের মধ্যে ট্যাঙ্কটি পূরণ করতে পারে, তবে ধীরগতির পাইপটি একা কত মিনিটে ট্যাঙ্কটি পূরণ করতে সক্ষম হবে?

(A) 81 (B) 108 (C) 144 (D) 192

82. একটি মাঠের ঘাস প্রতিদিন সমহারে বাড়ে। এই মাঠের ঘাস 30টি ষাঁড় 80 দিনে ও 36টি ষাঁড় 60 দিনে খেতে পারে। 45 দিনে এই মাঠের ঘাস খাবে কটি ষাঁড়?

(A) 40 (B) 42 (C) 45 (D) 44

83. কুকুরের 3 লাফ খরগোশের 4 লাফের সমান, কিন্তু কুকুর যে সময়ে 4 লাফ দেয়, খরগোশ সেই সময়ে 5 লাফ দেয়। কুকুর ও খরগোশের গতির অনুপাত কত?

(A) 15 : 16 (B) 16 : 15 (C) 8 : 5 (D) 5 : 8

84. এক দোকানদার 20% ক্ষতিতে একটি দ্রব্য বিক্রি করল। যদি আরও 200 টাকা বেশি মূল্যে বিক্রি করত 5% লাভ হত, তবে দ্রব্যটির ক্রয়মূল্য কত টাকা?

(A) 700 (B) 750 (C) 780 (D) 800

85. একজন বিক্রেতা তার সামগ্রীতে ক্রয়মূল্যের ওপর 25% বাড়িয়ে দাম লিখে রাখেন ও বিক্রির সময় লিখিত মূল্যের ওপর 10% ছাড় দেন। তার লাভের শতকরা হার কত হবে?

(A) $12\frac{1}{2}$% (B) 20% (C) 25% (D) 30%

86. এক ব্যক্তি ব্যাঙ্ক থেকে 10% সরল সুদে 1,200 টাকা ঋণ নেন। দুবছর পর তিনি 600 টাকা ব্যাঙ্কে ফেরত দেন। আগের ঋণ শোধ করার জন্য 5 বছরের শেষে তার কত টাকা ব্যাঙ্কে ফেরত দিতে হবে?

(A) 600 (B) 2,100 (C) 1,200 (D) 1,020

87. 11 মিটার উঁচু একটি বাড়ির ছাদ থেকে দেখলে একটি বাতিস্তম্ভের চূড়া ও পাদদেশের অবনতি কোণ যথাক্রমে 30° ও 60°। বাতিস্তম্ভটির উচ্চতা কত মিটার?

(A) 11 (B) $11\sqrt{3}$ (C) $7\frac{1}{3}$ (D) $3\frac{1}{7}$

88. এক ব্যবসায়ী ঘোষণা করলেন যে, তিনি তাঁর সব বস্তুর কেনা দামের ওপর 10% লাভ রেখে বিক্রি করবেন। কিন্তু তাঁর ব্যবহৃত 1 কিলোগ্রাম বাটখারাটি প্রকৃতপক্ষে ছিল $\frac{15}{16}$ কিলোগ্রাম। এই বাটখারা ব্যবহার করে ব্যবসা করলে ওই ব্যবসায়ীর প্রকৃত লাভ কত হবে?

(A) $1\frac{15}{16}$% (B) $17\frac{1}{3}$% (C) 10% (D) কোনোটিই নয়

89. কোনো ঘড়ির মিনিটের কাঁটার দৈর্ঘ্য 7 সেন্টিমিটার হলে 90° পরিমাপের কোণ ঘুরতে কাঁটাটির প্রান্তভাগ কত সেন্টিমিটার যাবে?

(A) 7 (B) 8 (C) 11 (D) 22

90. দুটি ঝুড়ির ফলের সংখ্যার অনুপাত 5 : 3, প্রতি ঝুড়ি থেকে 5টি ফল বের করে নিলে, ফলের সংখ্যার অনুপাত হয় 7 : 4, ঝুড়ি দুটিতে ফলের সংখ্যা নির্ণয় করুন।

(A) 80 ও 50 (B) 90 ও 60 (C) 85 ও 55 (D) 75 ও 45

91. 6 জন বালক 6 সেকেন্ডে 6টি ফুল তুলতে পারে। 12 জন বালক 12 সেকেন্ডে কটি ফুল তুলতে পারবে?

(A) 23 (B) 24 (C) 12 (D) কোনোটিই নয়

92. সমগ্র ভূখণ্ডের স্থল ও জলের অনুপাত 1 : 3। কিন্তু উত্তর গোলার্ধে এটি 2 : 3, দক্ষিণ গোলার্ধে জল ও স্থলের অনুপাত কত?

(A) 2 : 9 (B) 9 : 1
(C) 9 : 2 (D) 1 : 9

93. কোনো দোলক ঘড়ির 6টার ঘণ্টা বাজতে 6 সেকেন্ড সময় লাগলে, 12টার ঘণ্টা বাজতে কত সেকেন্ড সময় লাগবে?

(A) 13 (B) $13\frac{1}{5}$ (C) 12 (D) $12\frac{1}{5}$

94. একটি চৌবাচ্চার তিনটি নলের মধ্যে প্রথম দুটি দিয়ে চৌবাচ্চাটি যথাক্রমে 3 ঘণ্টা, 3 ঘণ্টা 45 মিনিটে জলপূর্ণ হয় ও তৃতীয়টি দিয়ে 1 ঘণ্টায় ভরতি চৌবাচ্চা খালি হয়। যদি নল তিনটি যথাক্রমে 1টা, 2টা ও 3টায় খোলা হয়, তবে কখন চৌবাচ্চাটি সম্পূর্ণ খালি হবে?

(A) 5টা 10 মিনিটে (B) 5টা 15 মিনিটে
(C) 5টা 20 মিনিটে (D) 5টা 44 মিনিটে

95. $9^{9^9}$ -এর একক স্থানীয় অঙ্কটি কত?

(A) 1 (B) 2 (C) 9 (D) কোনোটিই নয়

96. একজন ছাত্র প্রতি ঘণ্টায় 5 কিলোমিটার বেগে সাইকেলে চড়ে ও তার স্কুলে 3 মিনিট দেরিতে পৌঁছয়। পরের দিন সে তার গতিবেগ বাড়িয়ে ঘণ্টায় 7 কিলোমিটার করে ও 3 মিনিট আগে স্কুলে পৌঁছয়। তার বাড়ি থেকে স্কুলের দূরত্ব কত কিলোমিটার?

(A) 3 (B) 2.75 (C) 5 (D) কোনোটিই নয়

97. 120 ফুট উঁচু একটি উল্লম্ব খুঁটি কিছু ওপরে ভেঙে গেল। এর ওপরের অংশ সম্পূর্ণ বিচ্ছিন্ন না হয়ে ভূমির সঙ্গে 30° কোণে মিলিত হল। খুঁটিটি কত ফুট উঁচুতে ভেঙেছিল?

(A) 30 (B) 50 (C) 40 (D) 60

98. পিতা ও পুত্রের বর্তমান বয়সের সমষ্টি 50 বছর। পুত্রের বয়স যখন পিতার বর্তমান বয়সের সমান হবে, তখন তাদের বয়সের সমষ্টি 110 বছর হবে। পুত্রের বর্তমান বয়স কত বছর?

(A) 40 (B) 20 (C) 10 (D) 30

99. একটি ট্রেন 36 সেকেন্ডে একটি স্টেশনের প্ল্যাটফর্ম অতিক্রম করে ও 20 সেকেন্ডে প্ল্যাটফর্মে দাঁড়িয়ে থাকা একজন ব্যক্তিকে অতিক্রম করে। ট্রেনের গতি ঘণ্টায় 54 কিলোমিটার হলে, প্ল্যাটফর্মের দৈর্ঘ্য কত মিটার?

(A) 120 (B) 240
(C) 300 (D) কোনোটিই নয়

100. 16টি ক্রমিক পূর্ণসংখ্যার প্রথম 8টি সংখ্যার সমষ্টি 108 হলে, শেষ 8টি সংখ্যার সমষ্টি কত হবে?

(A) 171 (B) 172 (C) 174 (D) 175

## উত্তর

1(B). 2(C). 3(C). 4(C). 5(C). 6(D). 7(C). 8(B). 9(A). 10(A). 11(A). 12(C). 13(B). 14(B). 15(A). 16(D). 17(B). 18(C). 19(A). 20(C). 21(A). 22(D). 23(A). 24(B). 25(A). 26(C). 27(B). 28(C). 29(D). 30(B). 31(B). 32(A). 33(C). 34(C). 35(D). 36(C). 37(C). 38(B). 39(D). 40(B).

41(C). $2^2 = 4$ → (y-এর পেছন দিক দিয়ে Position No. 2)

$5^2 = \boxed{25}$ → (V-এর পেছন দিক দিয়ে Position No.–5)

42(C). 13, 35, 57, 79, 911, ?

4, 8, 12, 16, 20, 1113

তাহলে, প্রত্যেক সংখ্যাকে যোগ করে 4 করে Difference হবে। যেমন : 13 মানে 1+3 = 4, 35 মানে 3+5 = 8 ......, 1113 মানে 11+13 = 24 হবে।

43(C). CFED : PSQR : : JMLK : WXYZ

প্রথম Word, চতুর্থ Word, তৃতীয় Word, দ্বিতীয় Word পরপর করলে সম্পূর্ণ হচ্ছে। (1st and 3rd).

2nd and 4th-এর ক্ষেত্রে প্রথম, তৃতীয়, চতুর্থ, দ্বিতীয় Word পরপর সাজালে WXYZ হচ্ছে।

44(C). AT = 20 হলে BAT = 40 হচ্ছে কারণ, B-এর Position No. 2 ও AT = 20 বলা আছে। তাই 20× 2 = 40. একইভাবে CAT হবে = 3×20 = 60.

45(A). SATISFACTORY-এর মধ্যে থেকে SCATTER ছাড়া বাকি শব্দ গুলি গঠন করা যাচ্ছে।

46(A). Total 20টি word আছে ও word গুলিকে 5টি করে মোট 4টি ভাগে ভাগ করে নিয়ে word বসিয়ে দিলাম।

47(B). 242 = 2×2 = 4
393 = 3×3 = 9
4164 = 4×4 = 16
] প্রথম সংখ্যা x শেষের সংখ্যা = মাঝের সংখ্যা

48(D). 4831 : 8 = 8+3+1 = 12–4 = 8

5437 = 4+3+7 = 14–5 = 9

49(C).

50(A). Sheep – Mutton (ভেড়ার মাংস)

Deer – Venison (হরিণের মাংস)

51(C).

52(B).

1 2 3 4 5 6 — 3 4 2 5 1 6
S T R O N G — R O T N S G
N A G P U R — G P A U N R
1 2 2 4 5 6 — 3 4 2 5 1 6

53(D). 4×3+1 = 13

4×13+1 = 53

53×4+1 = 213

213×4+1 = 853

54(A). AZ : YC : : CX : $\boxed{WE}$

A → 1 No. Position, Z → Last-এর দিকের 1 নং Position.

Y → 2 No. Position (Last), C → 3 No. Position (First-এর দিকের)। তাহলে, এটার 1 ঘর বাড়ল তাই,

W → 4 নং পজিশন (Last-এর দিকের) ও

E → 5 নং পজিশন (First-এর দিকের) 1 ঘর বাড়ানো হল।

55(A). 55×5 = 275, 15×15 = 225

5×45 = 225, 25×9 = 225

— প্রথমটা ছাড়া বাকিগুলো গুণ করলে একই হচ্ছে।

56(B). M : N : 13×14
F : R : 6 : 18
] Position No.

57(D). 8 : 336 = 8×7×6

6 : (6×5×4) = 120

58(C). (a)10+7 = 17 (b) 25–8 = 17

(c) 17×0 = 0 (d) 85÷5 = 17

তাহলে, (c) option ছাড়া বাকিগুলো 17 হচ্ছে।

59(B). Eye —work→ Wink

Heart — Throb

60(A). 61(B). 62(C). 63(B). 64(B). 65(A). 66(D). 67(A). 68(B). 69(D). 70(A). 71(A). 72(D). 73(A). 74(A). 75(A). 76(B). 77(B). 78(D). 79(C). 80(B). 81(C). 82(D). 83(B). 84(D). 85(A). 86(D). 87(C). 88(B). 89(C). 90(D). 91(B). 92(D). 93(B). 94(C). 95(C). 96(D). 97(C). 98(C). 99(B). 100(B).

## বিনা খরচায় ইঞ্জিনিয়ারিং পড়ে নৌবাহিনীতে চাকরি

নিজস্ব সংবাদদাতা : ভারতীয় নৌবাহিনী ১০+২ ক্যাডেট (বি.টেক.) এন্ট্রি স্কিমে পার্মানেন্ট কমিশনে 'অফিসার' পদে ৩৬ জন অবিবাহিত ছেলে নিচ্ছে। নেওয়া হবে এডুকেশন ব্রাঞ্চ ও এক্সিকিউটিভ অ্যান্ড টেকনিক্যাল ব্রাঞ্চে।

ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা ওই তিন বিষয়ে মোট অন্তত ৭০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। মাধ্যমিক বা, উচ্চমাধ্যমিকে ইংরিজি বিষয়ে অন্তত ৫০% নম্বর থাকতে হবে। ২০২২ সালের জে.ই.ই. (মেন)-এর র‍্যাঙ্ক প্রার্থীরাই আবেদনের যোগ্য।

বয়স হতে হবে ১৭ থেকে সাড়ে ১৯ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০৩ থেকে ১-১-২০০৬'এর মধ্যে। শারীরিক মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন। দৃষ্টিশক্তি হতে হবে দূরের বেলায় প্রতি চোখে ৬/৬, ৬/৯, যা চশমা পরে ৬/৬, ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। শুরুতে ১৬ সপ্তাহের ন্যাভাল ওরিয়েন্টেশন ট্রেনিং হবে আগামী বছর জানুয়ারিতে, কেরলের ইঝিমালার ন্যাভাল অ্যাকাডেমিতে। তখন ওইসব প্রার্থীদের 'ক্যাট' পরীক্ষা হবে। সফল হলে ন্যাভাল আর্কিটেকচারের বি.টেক. পড়ার জন্য কোচি ইউনিভার্সিটি অফ সায়েন্স অ্যান্ড টেকনোলজিতে পাঠানো হবে। এরপর বিশাখাপত্তনমে ৬ মাসের ওয়্যারশিপ ডিজাইনের কোর্স করার সুযোগ পাবেন। সফল হলে আই.আই.টি. দিল্লিতে ন্যাভাল আর্কিটেকচারের দেড় বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পড়তে পারবেন। অন্যান্যদের বেলায় ৪ বছরের ইঞ্জিনিয়ারিং কোর্স পড়ানো হবে লোনাভালার আই.এন.এস. শিবাজীর ন্যাভাল কলেজ অফ ইঞ্জিনিয়ারিংয়ে। সব ক্ষেত্রে কোর্স পড়ার সময় ইঞ্জিনিয়ারিং বা, ইলেক্ট্রিক্যাল ব্রাঞ্চে চাকরি হবে। সফল হলে দিল্লির জওহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়ের বি.টেক. ডিগ্রি পাবেন। প্রথমে সাব-লেফটেন্যান্ট পদে চাকরি। মূল মাইনে : ৫৬,১০০-১,১০,৭০০ টাকা। ধাপে ধাপে পদোন্নতি পেয়ে ভাইস অ্যাডমিরাল হওয়ার সুযোগ আছে। শূন্যপদ : এডুকেশন ব্রাঞ্চে ৫টি ও এক্সিকিউটিভ অ্যান্ড টেকনিক্যাল ব্রাঞ্চে ৩১টি। প্রার্থী বাছাই হবে জে.ই.ই. (মেন) পরীক্ষায় পাওয়া অল ইন্ডিয়া র‍্যাঙ্ক দেখে। এরপর ইন্টারভিউ হবে সেপ্টেম্বর-অক্টোবরের মধ্যে বেঙ্গালুরু, ভোপাল, কলকাতা ও বিশাখাপত্তনমে। ইন্টারভিউ নেবে সার্ভিস সিলেকশন বোর্ড। মোট ৫ দিনের ইন্টারভিউয়ের প্রথম দিন থাকবে ইন্টেলিজেন্স টেস্ট, পিকচার পার্সেপশন ও গ্রুপ ডিসকাশন। সফল হলে সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টাস্ক ও ইন্টারভিউ। ইন্টারভিউয়ের প্রথম দিন সফল না হলে বাড়ি ফেরার ট্রেন ভাড়া দেওয়া হবে। সফল হলে ডাক্তারি পরীক্ষা। দরখাস্ত করবেন অনলাইনে, ২৮ আগস্ট পর্যন্ত। এই ওয়েবসাইটে www.joinindiannavy.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো জে.পি.ই.জি. বা, জে.পি.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে 'Officer Entry'-তে গিয়ে ক্লিক করলে Apply Online-এ গিয়ে যাবতীয় তথ্য দিয়ে 'সাবমিট' করলে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম ও রোল নম্বর স্ক্রিনে পাবেন। এবার ওই সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের ২ কপি প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# কয়েকশো জুনিয়র ইঞ্জিনিয়ার

১ পাতার পর

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রিক্যাল বা, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা সি.পি.ডব্লু.ডি.'র 'জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল)' পদের জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা প্রতিরক্ষা মন্ত্রকের বর্ডার রোডস অর্গানাইজেশনের 'জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল)' পদের জন্য যোগ্য। সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা প্ল্যানিং, এক্সিকিউশন বা, মেন্টেন্যান্সের কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকলেও আবেদনের যোগ্য। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রিক্যাল বা, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা প্রতিরক্ষা মন্ত্রকের অধীন বর্ডার রোডস অর্গানাইজেশনের 'জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল) পদের জন্য আবেদন করতে পারেন। ইলেক্ট্রিক্যাল, অটোমোবাইল বা, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা প্ল্যানিং, এক্সিকিউশন বা, মেন্টেন্যান্সের কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকলেও আবেদনের যোগ্য। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসের 'জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল)' পদের জন্য যোগ্য। সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা সিভিল ইঞ্জিনিয়ারিং ওয়ার্ক্স, প্ল্যানিং, এক্সিকিউশন ও মেন্টেন্যান্সের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলেও যোগ্য। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রিক্যাল বা, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসের 'জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল)' পদের জন্য যোগ্য। ইলেক্ট্রিক্যাল বা, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা ইলেক্ট্রিক্যাল বা; মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ওয়ার্ক্স, প্ল্যানিং, এক্সিকিউশন ও মেন্টেন্যান্সের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলেও যোগ্য। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে ফারাক্কা ব্যারেজের 'জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল)' শাখার জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে ফারাক্কা ব্যারেজের 'জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল)' শাখার জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে ফারাক্কা ব্যারেজের 'জুনিয়র ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল)' শাখার জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে সেন্ট্রাল ওয়াটার অ্যান্ড পাওয়ার রিসার্চের 'জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল)' শাখার জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে সেন্ট্রাল ওয়াটার অ্যান্ড পাওয়ার রিসার্চের 'জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল)' শাখার জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে সেন্ট্রাল ওয়াটার অ্যান্ড পাওয়ার রিসার্চের 'জুনিয়র ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল)' শাখার জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে সেন্ট্রাল ওয়াটার কমিশনের 'জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল)' শাখার জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে সেন্ট্রাল ওয়াটার কমিশনের 'জুনিয়র ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল)' শাখার জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা ডিরেক্টরেট অফ কোয়ালিটি অ্যাসিওরেন্সের (ন্যাভাল) 'জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল)' শাখার জন্য যোগ্য। ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকলেও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশ হলে ডিরেক্টরেট অফ কোয়ালিটি অ্যাসিওরেন্সের (ন্যাভাল) 'জুনিয়র ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল)' শাখার জন্য যোগ্য। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকলেও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে ন্যাশনাল টেকনিক্যাল রিসার্চ অর্গানাইজেশনের 'জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল)' শাখার জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে ন্যাশনাল টেকনিক্যাল রিসার্চ অর্গানাইজেশনের 'জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল)' শাখার জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে ন্যাশনাল টেকনিক্যাল রিসার্চ অর্গানাইজেশনের 'জুনিয়র ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল)' শাখার জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে বন্দর মন্ত্রকের অধীন শিপিং অ্যান্ড ওয়াটারওয়েজ (আন্দামান লাক্ষাদ্বীপ হারবার ওয়ার্ক্সের 'জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল)' শাখার জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে বন্দর মন্ত্রকের অধীন শিপিং অ্যান্ড ওয়াটারওয়েজ (আন্দামান লাক্ষাদ্বীপ হারবার ওয়ার্ক্সের 'জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল)' শাখার জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে বন্দর মন্ত্রকের অধীন শিপিং অ্যান্ড ওয়াটারওয়েজ (আন্দামান লাক্ষাদ্বীপ হারবার ওয়ার্ক্সের 'জুনিয়র ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল)' শাখার জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

সব পদের বেলায় বয়স হতে হবে ১-১-২০২২'র হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, শারীরিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি হলে ১৩) বছর ও কর্মরত আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। প্রার্থীদের শারীরিক ও মানসিক সক্ষমতা থাকা দরকার। এজন্য ডাক্তারি পরীক্ষাও হবে ও সেই পরীক্ষায় সফল না হতে পারলে চাকরি পাবেন না। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। চাকরি হবে জেনারেল সেন্ট্রাল সার্ভিস (টেকনিক্যাল) গ্রুপ 'বি' নন-গেজেটেড অফিসার পদে।

প্রার্থী বাছাই করবে 'স্টাফ সিলেকশন কমিশন'। ২০২২ সালের 'জুনিয়র ইঞ্জিনিয়ার্স (সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, কোয়ান্টিটি সার্ভেয়িং অ্যান্ড কন্ট্রাক্টস) পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে দু'টি ধাপে। প্রথমে অবজেক্টিভ টাইপের কম্পিউটার বেসড পরীক্ষা হবে নভেম্বরে। তাতে সফল হলে ডেসক্রিপ্টিভ টাইপের পরীক্ষা হবে। প্রথমে প্রথম পত্রের অবজেক্টিভ টাইপের সর্বভারতীয় কম্পিউটার বেসড পরীক্ষ হবে পূর্ব-ভারতে এইসব কেন্দ্রে (ব্রাকেটে কোড নং দেওয়া হল) : কলকাতা (কোড ৪৪১০), শিলিগুড়ি (কোড ৪৪১৫), আসানসোল (কোড ৪৪১৭), কল্যাণী (কোড ৪৪১৯), বর্ধমান (কোড ৪৪২২), দুর্গাপুর (কোড ৪৪২৬), গ্যাংটক (৪০০১), ভুবনেশ্বর (৪৬০৪), পোর্ট ব্লেয়ার (৪৮০২), রাঁচী (৪২০৫), পটনা (৩২০৬), আগরতলা (৫৬০১), গুয়াহাটি (দিসপুর) (৫১০৫), ইটানগর (৫০০১), ইম্ফল (৫৫০১), আইজল (৫৭০১), কোহিমা (৫৩০২) ও শিলঙে (৫৪০১)।

৫০০ নম্বরের কম্পিউটার বেসড এই পরীক্ষায় অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, ৫০ নম্বরের পরীক্ষা। (২) জেনারেল অ্যাওয়ারনেস, ৫০ নম্বরের পরীক্ষা। (৩) জেনারেল ইঞ্জিনিয়ারিং (সিভিল অ্যান্ড স্ট্রাকচারাল/জেনারেল ইঞ্জিনিয়ারিং (ইলেক্ট্রিক্যাল / মেকানিক্যাল), ১০০ নম্বরের পরীক্ষা।

সফল হলে দ্বিতীয় পত্রের পরীক্ষা। এই পরীক্ষায় প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের। কবে পরীক্ষা হবে তা পরে জানানো হবে।

দ্বিতীয় পেপারে ২ ঘন্টার ৩০০ নম্বরের ডেসক্রিপ্টিভ টাইপের পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল ইঞ্জিনিয়ারিং (সিভিল অ্যান্ড স্ট্রাকচারাল / ইলেক্ট্রিক্যাল /মেকানিক্যাল) শাখার। প্রশ্ন হবে ইঞ্জিনিয়ারিং শাখায় এইসব পরিচ্ছেদের : (ক) সিভিল — বিল্ডিং মেটেরিয়াল, সার্ভেয়িং, সয়েল মেকানিক, হাইড্রলিক্স, এনভায়রণমেন্টাল ইঞ্জিনিয়ারিং। (খ) স্ট্রাকচারাল — থিওরি অফ স্ট্রাকচার, কংক্রিট টেকনোলজি, আর.সি.সি. ডিজাইন, স্টিল ডিজাইন। (গ) ইলেক্ট্রিক্যাল — বেসিক ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ইলেক্ট্রিক্যাল মেজারমেন্ট, সার্কিট ল, এ.সি. ফান্ডামেন্টাল, মেজারমেন্ট অ্যান্ড মেজারিং ইনস্ট্রুমেন্টস, ইলেক্ট্রিক্যাল মেশিন, সিনক্রোনাস মেশিন্স, ম্যাগনেটিক সার্কিট, জেনারেল ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন, পাওয়ার ফ্যাক্টর, বেসিক ইলেক্ট্রনিক্স অফ ইলেক্ট্রিক্যাল এনার্জি। (ঘ) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং — মেশিন অ্যান্ড মেশিন ডিজাইন, থার্মাল ইঞ্জিনিয়ারিং, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, বয়লার্স, এয়ার কম্প্রেশর, ফ্লুয়িড স্ট্যাটিক্স, হাইড্রোলিক টারবাইন, সেন্ট্রিফিউগ্যাল পাম্প, মেকানিক্স অ্যান্ড স্ট্রেংথ অফ মেটেরিয়ালস ইত্যাদি। আরো বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে: www.ssc.nic.in

প্রথম পেপারে কোয়ালিফাইং নম্বর পেলে তবেই দ্বিতীয় পেপারের উত্তরপত্র দেখা হবে। সফল হলে ১০০ নম্বরের ইন্টারভিউ (পার্সোন্যালিটি টেস্ট)। পরীক্ষার ২ সপ্তাহ আগে ই-অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ২ সেপ্টেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : http://ssc.nic.in অনলাইনে দরখাস্ত করতে হলে প্রথমে 'পার্ট-।' রেজিস্ট্রেশন করতে হবে। 'পার্ট-।' রেজিস্ট্রেশন করার পর রেজিস্ট্রেশন নম্বর-সহ প্রিন্ট করে নেবেন। এবার পার্ট-।। রেজিস্ট্রেশনে গিয়ে পেমেন্ট ডিটেলস, ফটোগ্রাফ ও স্ক্যান সিগনেচার দিতে হবে।

পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা দিতে হবে নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে কিংবা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানের মাধ্যমে। টাকা নগদে চালানের মাধ্যমে দিতে চাইলে পার্ট-। রেজিস্ট্রেশন করার পর চালান প্রিন্ট করে নেবেন। টাকা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে দিতে চাইলে পার্ট-। রেজিস্ট্রেশন করার পর সরাসরি পার্ট-।। রেজিস্ট্রেশন করার সময় দিতে পারবেন। অনলাইনে টাকা জমা দেবেন ৩ সেপ্টেম্বরের মধ্যে। অফলাইনে টাকা জমা দেবেন ৩ সেপ্টেম্বরের মধ্যে। এরপর জে.পি.জি. ফর্মাটে ফটো ও স্ক্যান করা সিগনেচার লাগবে। সবশেষে রেজিস্ট্রেশন করার পর প্রিন্ট করে নেবেন। একজন প্রার্থী একটিই দরখাস্ত পাঠাবেন। একাধিক দরখাস্ত পাঠালে সব দরখাস্তই বাতিল হবে। তপশিলী, মহিলা, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। ফর্ম সংশোধন ও পেমেন্ট সংক্রান্ত সংশোধন করতে পারবেন ৪ সেপ্টেম্বর। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

JIS GROUP
Educational Initiatives
TECHNO INDIA GROUP
Accreditations, Affiliation & Approvals
AICTE | MAKAUT (Formerly, WBUT)
ASANSOL ENGINEERING COLLEGE
ESTD 1998
ASANSOL ENGINEERING COLLEGE (AEC)
ADMISSIONS OPEN 2022
B.Sc in Data Science
BBA in Hospital Management
SCAN ME
APPLY NOW
www.aecwb.edu.in
CONTACT 9073683912 8100191408
93% Placement in 2022
250+ Recruiters
Kanyapur, Vivekananda Sarani, Asansol - 713 305

## পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশে ২০২০ সালের কনস্টেবল পদের মেন পরীক্ষার ফল বেরিয়েছে কি? ইন্টারভিউ কবে থেকে শুরু হবে? — পার্থ মুখার্জী, হাড়োয়া, উত্তর ২৪ পরগনা। বিকাশ দাস, বসিরহাট, উত্তর ২৪ পরগনা।*

■■ পশ্চিমবঙ্গ পুলিশের ২০২০ সালের কনস্টেবল পদের মেন পরীক্ষার ফল বেরিয়েছে। সফলদের এরপর ইন্টারভিউ শুরু হবে ১৭ আগস্ট থেকে। ই-ভাইভা ও সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.wbpolice.gov.in

■ *পশ্চিমবঙ্গ পুলিশে ২০১৯ সালের এক্সাইজ কনস্টেবল-এর চূড়ান্ত তালিকা বেরিয়েছে কি? — চন্দ্রনাথ বড়ুয়া, তারকেশ্বর, হুগলি।*

■■ হ্যাঁ, ফল বেরিয়েছে। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.wbpolice.gov.in

## স্কুল সার্ভিসের

■ *কর্মশিক্ষা ও শারীরশিক্ষা বিষয়ে ১,৬০০ শূন্যপদ শিগগিরই পূরণ হবে আগের প্যানেল থেকে। এই নিয়োগেরপর নতুন বিজ্ঞপ্তি কবে বেরোবে? শারীরশিক্ষা ও কর্মশিক্ষা বিষয়ের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? কম্পিউটার সায়েন্সে বি.টেক. করেছি। কর্মশিক্ষা বিষয়ে পরীক্ষা দিতে পারব কি? বি.এড. কি বাধ্যতামূলক? — পিন্টু দত্ত, ঘোষপাড়া, হুগলি। সামিম আহমেদ, বারুইপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ এই মুহূর্তে নবম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত স্কুলের জন্য শিক্ষক-শিক্ষিকা নেওয়া হবে। কর্মশিক্ষা ও শারীরশিক্ষা বিষয়ের পুরনো প্যানেল থেকে নিয়োগের পর নতুন করে বিজ্ঞপ্তি বেরোবে। কিন্তু কবে বেরোবে তা এখনো ঠিক হয়নি। কর্মশিক্ষা বিষয়ের জন্য নিচের যে কোনো একটি যোগ্যতা থাকলে আবেদন করতে পারবেন : (ক) যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা এন.সি.টি.ই.'র স্বীকৃত প্রতিষ্ঠান থেকে পোস্ট গ্র্যাজুয়েট বেসিক ট্রেনি (পি.জি.বি.টি.) কোর্স কিংবা এন.সি.টি.ই.'র স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ওয়ার্ক এডুকেশন মেথড বিষয় হিসাবে নিয়ে বি.এড. কোর্স পাশ হলে যোগ্য। (খ) গ্র্যাজুয়েটরা আর্ট অ্যান্ড ক্র্যাফটের ডিপ্লোমা / ডিগ্রি কোর্স পাশ হলে। (গ) গ্র্যাজুয়েটরা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে টেলারিং অ্যান্ড নিডিল ওয়ার্কের ডিপ্লোমা /ডিগ্রি কোর্স পাশ হলে। (ঘ) হোম সায়েন্স /অ্যাগ্রিকালচারের ডিগ্রি কিংবা কম্পিউটার সায়েন্স /ইনফর্মেশন টেকনোলজি / সফটওয়্যার সিস্টেমের ডিগ্রি কোর্স পাশ হলে। (ঙ) গ্র্যাজুয়েটরা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ওয়ার্ক এডুকেশনের ২ বছরের ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে। (চ) গ্র্যাজুয়েটরা ডিগ্রি কোর্সে কম্পিউটার সায়েন্স / কম্পিউটার অ্যাপ্লিকেশন বিষয়ে অন্তত ৩০০ নম্বর নিয়ে পড়াশোনা করে থাকলে।

**এছাড়াও নিচের এইসব যোগ্যতার প্রার্থীরাও 'কর্মশিক্ষা' বিষয়ের জন্য আবেদন করতে পারবেন :** (১) ভিশ্যুয়াল আর্টের ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা ক্র্যাফট অ্যান্ড ডিজাইনের সার্টিফিকেট কোর্স পাশ হলে। (২) ভিশ্যুয়াল আর্ট / ফাইন আর্টস / ফাইন আর্টস (পেইন্টিং)' এর ডিগ্রি কোর্স পাশ হলে। (৩) ফাইন আর্টস (পেইন্টিংয়ের) মাস্টার ডিগ্রি কোর্স পাশ হলে। (৪) লেডি ব্রেবোর্ন থেকে টেলরিং অ্যান্ড নিডিল ওয়ার্কের ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে। (৫) বেঙ্গল টেলারিং থেকে টেলারিংয়ের ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে। (৬) টেলারিং অ্যান্ড ড্রেস ডিজাইনিংয়ের ২ বছরের অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্স পাশ হলে। (৭) টেলারিং, এমব্রয়ডারি, ফ্যাশন অ্যান্ড ড্রেস ডিজাইনিংয়ের ২ বছরের ডিপ্লোমা / অ্যাপারেল ডিজাইনিং অ্যান্ড ফ্যাশন টেকনোলজির পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ হলে। (৯) আই.টি.আই. থেকে টেলারিংয়ের ২ বছরের কোর্স পাশ হলে। (১০) টেলারিংয়ের ২ বছরের সার্টিফিকেট / ডিপ্লোমা কোর্স পাশ হলে। (১১) হ্যান্ডলুম টেক্সটাইল / হ্যান্ডলুম ওয়েভিং / ফার্নিচার টেকনোলজি অ্যান্ড ইন্টেরিয়র ডিজাইন / উড ওয়ার্কের ডিপ্লোমা কোর্স পাশ হলে। (১২) পটারি অ্যান্ড সেরামিকের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে। (১৫) হোম সায়েন্স, হর্টিকালচার, অ্যাগ্রিকালচার বা, মিউজিকের ডিগ্রি কোর্স পাশ হলে। (১৬) বি.এসসি. মেজর (অ্যাগ্রো সার্ভিস)'এর ৩ বছরের কোর্স পাশ হলে। (১৭) ফুড অ্যান্ড নিউট্রিশন, হিউম্যান ডেভেলপমেন্ট অ্যান্ড সোশ্যাল সায়েন্স কম্বিনেশন নিয়ে ডিগ্রি / ডান্স বা, ড্রামার ডিগ্রি / কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজির ডিগ্রি কোর্স পাশ হলে। (১৯) বি.এসসি. কোর্সে HARP, SSCP & CCTP, হাউসহোল্ড আর্ট (পাস), সোশ্যাল সায়েন্স, চাইল্ড কেয়ার অ্যান্ড ট্রেনিং কম্বিনেশন বিষয় হিসাবে হোম সায়েন্স পাশ হলে। (২৪) কম্পিউটার সায়েন্সের বি.এসসি. বা. ডিগ্রি কোর্সে ৩০০ নম্বর নিয়ে কম্পিউটার সায়েন্স বিষয় থাকলেও যোগ্য। (২৫) বি.সি.এ. কোর্স পাশ হলে। (২৬) ইনফরমেশন টেকনোলজির বি.ই. বা, বি.টেক., (২৭) ইনফরমেশন টেকনোলজির এম.এসসি. কোর্স পাশ হলে। (২৮) কম্পিউটার অ্যাপ্লিকেশনের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ হলে। (২৯) ওয়ার্ক এডুকেশন মেথড বিষয় হিসাবে নিয়ে বি.এড. কোর্স পাশ হলে। সব ক্ষেত্রেই বি.এড. কোর্স পাশ হলে ভালো হয়।

**শারীরশিক্ষা বিষয়ের জন্য :** নিচের যে কোনো ১টি যোগ্যতা থাকলে আবেদনের যোগ্য : (ক) মোট অন্তত ৫০% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা ফিজিক্যাল এডুকেশনের সার্টিফিকেট বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে। (খ) উচ্চমাধ্যমিক পাশরা স্কুল /কলেজ /. জেলা স্তরের স্পোর্টস / গেমসে প্রতিনিধিত্ব করে থাকলে আর ফিজিক্যাল এডুকেশনের সার্টিফিকেট বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে।

ওপরের সব শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রেই এন.সি.টি.ই.'র স্বীকৃত কোনো প্রতিষ্ঠান থেকে অন্তত ২ বছরের ফিজিক্যাল এডুকেশনের ডিপ্লোমা / সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে। এছাড়াও শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে তপশিলী, ও.বি.সি. ও প্রতিবন্ধীরা নম্বরে ৫% ছাড় পাবেন। এছাড়াও সব ক্ষেত্রে ২ বছরের বি.পি.এড. বা, ৩ বছরের বি.পি.এড. কোর্স পাশ হলেও যোগ্য। সব পদের বেলায় বয়স হতে হবে ২০ থেকে ৪০ বছরের মধ্যে।

## জিজ্ঞাসা

সাম্প্রতিক তথ্যে ভরা

***চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।***

***এইবিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।***

## রেলে চাকরির

■ *রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য কি? — তাপস ঘোষ, দত্তপুকুর, উত্তর ২৪ পরগনা।*

■■ মাধ্যমিক পাশরা স্বীকৃত আই.টি.আই. থেকে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ইন্সট্রুমেন্ট মেকানিক, মিল রাইট মেন্টেন্যান্স মেকানিক, মেকানিক রেডিও অ্যান্ড টি.ভি., ইলেক্ট্রনিক্স মেকানিক্স, মেকানিক মোটর ভেহিক্যাল, ওয়ারম্যান, ট্রাক্টর মেকানিক, আর্মেচার অ্যান্ড কয়েল ওয়াইন্ডার, মেকানিক ডিজেল, হিট ইঞ্জিন, টার্নার, মেশিনিস্ট বা, রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক ট্রেডে সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, অটোমোবাইল বা, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য। ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স বা, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ের উচ্চ শিক্ষাগত যোগ্যতার (বি.ই. বা, বি.টেক.) ছেলেমেয়েরাও আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার A-1.

■ *ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিংয়ের কোন কোন শাখার প্রার্থীরা রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের জন্য যোগ্য? চোখে চশমা থাকলে এই পদে যোগ্য কি? — তমাল চক্রবর্তী, ৩১২, সিরাজ মন্ডল রোড, কাঁচরাপাড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ ওপরের প্রশ্নের উত্তর দেখুন। চশমা থাকলেও এই পদে যোগ্য। তবে দৃষ্টিশক্তি হতে হবে A-1

■ *রেলের গ্রুপ-ডি পদের পরবর্তী সি.বি.টি. টেস্ট কবে হবে? পূর্ব রেলের পরীক্ষা কবে হবে? — সজল বিশ্বাস, মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা।*

■■ রেলের গ্রুপ-ডি পদের প্রথম ফেজের অনলাইন পরীক্ষা হবে ১৭ আগস্ট থেকে ২৫ আগস্ট পর্যন্ত। দ্বিতীয় ফেজের পরীক্ষা হবে ২৬ আগস্ট থেকে ৮ সেপ্টেম্বর পর্যন্ত। দ্বিতীয় ফেজের পরীক্ষা হবে দক্ষিণ-পূর্ব রেল, পশ্চিম মধ্য রেল, উত্তর-মধ্য রেল, উত্তর-পশ্চিম রেলের রেলওয়ে রিক্রুটমেন্ট সেলের অধীনে। সারা ভারতে পরীক্ষা হবে। কবে কাদের পরীক্ষা হবে তার ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন পরীক্ষার ৪ দিন আগে থেকে। লিঙ্ক ওয়েবসাইটে পাবেন।

**রেলের গ্রুপ-ডি পদের দ্বিতীয় ফেজের অনলাইন পরীক্ষা হবে ২৬ আগস্ট থেকে ৮ সেপ্টেম্বর পর্যন্ত দক্ষিণ-পূর্ব রেল (কলকাতা), পশ্চিম মধ্য রেল, উত্তর-মধ্য রেল, উত্তর-পশ্চিম রেলের রেলওয়ে রিক্রুটমেন্ট সেলের অধীনে। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন পরীক্ষার ৪ দিন আগে থেকে।**

## পি.এস.সি.'র

■ *২০২১ সালের ডব্লু.বি.সি.এস. মেন পরীক্ষার ফল কবে বেরোবে? — দেবাঞ্জন সরকার, বহরমপুর, মুর্শিদাবাদ।*

■■ ফল নভেম্বরে বেরোনোর সম্ভাবনা আছে।

■ *কৃষি প্রযুক্তি সহায়ক পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা ও বয়স থাকা দরকার? —সারজুম সরেণ, ইন্দপুর, ভুয়াকানা, বাঁকুড়া।*

■■ যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। গ্র্যাজুয়েট বা, পোস্ট গ্র্যাজুয়েট ছেলেমেয়েরাও আবেদনের যোগ্য। বাংলা ভাষার-লিখতে, বলতে ও পড়তে জানা দরকার। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

**রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।**

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| দিল্লির সাব-অর্ডিনেটে শিক্ষক, ম্যানেজার, অ্যাটেন্ড্যান্ট | গ্র্যাজুয়েট মাস্টার ডিগ্রি | ৫০২ | ২৭-৮-২২ | http://dsssbonline.nic.in |
| টি.এইচ.ডি.সি. লিমিটেডে ইঞ্জিনিয়ার | গ্র্যাজুয়েট | ১০২ | ১৯-৮-২২ | www.thdc.co.in |
| আই.বি.পি.এস. পরীক্ষার মাধ্যমে ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার, ম্যানেজমেন্ট ট্রেনি | গ্র্যাজুয়েট | ৬,৪৩২ | ২২-৮-২২ | www.ibps.in |
| জিওলজিক্যাল সার্ভেতে ড্রাইভার | মাধ্যমিক ও ড্রাইভিং | ৬৪ | ১২-৯-২২ | www.gsi.gov.in |
| সি.এস.আই.আর.-এ অ্যাসিস্ট্যান্ট, স্টেনো | উচ্চমাধ্যমিক | ১৭ | ২৪-৮-২২ | http://iicb.res.in |
| ইন্দো তিব্বত সীমান্ত পুলিশে অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট | গ্র্যাজুয়েট | ১১ | ৯-৯-২২ | www.recruitment.itbpolice.nic.in |
| সেনাবাহিনীতে টেকনিক্যাল অফিসার | গ্র্যাজুয়েট | ১৮৯ | ২৪-৮-২২ | www.joinindianarmy.nic.in |
| বহরমপুরে আর্মির র‍্যালি ১৬-২৪ নভেম্বর | এইট পাশ মাধ্যমিক, HS | - | ৩-৯-২২ | joinindianarmy.nic.in |
| কলকাতা সিটি NUHM -এ নার্স | নার্সিং যোগ্যতা | ২৮৫ | ২০-৮-২২ | www.kmcgov.in |
| হেডকোয়ার্টার্স আন্দামান-নিকোবর কম্যান্ডে ট্রেডসম্যান | আই.টি.আই. | ১১২ | ৬-৯-২২ | http://erecruitment.andaman.gov.in |
| আই.টি.বি.পি.-তে কনস্টেবল | আই.টি.আই. | ১০৮ | ১৭-৯-২২ | www.recruitment.itbpolice.nic.in |
| এল.আই.সি. হাউজিং ফিনান্সে অ্যাসিস্ট্যান্ট, ম্যানেজার | গ্র্যাজুয়েট | ৮০ | ২৫-৮-২২ | www.lichousing.com |

এখন থেকে নতুন ভাবে
WBCS / IAS
পাশ করতে গেলে লাগবেই...
Appointment & Career News
রাজ্য ও কেন্দ্রীয় সরকারের সিভিল সার্ভিস পরীক্ষায় গত ২ বছরে চাকরি পাওয়া আধিকারিকদের পরীক্ষা প্রস্তুতি, টিপস, স্টাডি মেটেরিয়াল, পরীক্ষা হলের স্ট্র্যাটেজি সহ একগুচ্ছ প্রতিবেদন নিয়ে বেরোল
ঘরে বসে সরাসরি পেতে যোগাযোগ করুন : 9830624170

## ৫ কেন্দ্রীয় পুলিশ সংস্থায়

১ পাতার পর

১-১-২০০২'এর মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, বিধবা-বিবাহ বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ৩৫ (তপশিলী হলে ৪০, ও.বি.সি. হলে ৩৮) বছর পর্যন্ত আর প্রাক্তন সমরকর্মী ও বিভাগীয় প্রার্থীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। প্রতিবন্ধীরা আবেদনের যোগ্য নন। এন.সি.সি.'র 'B' বা, 'C' সার্টিফিকেট থাকলে কিংবো খেলাধূলায় অসাধারণ কৃতিত্ব থাকলে ভালো হয়। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৭০ (গোর্খা, সিকিমি বা, উত্তর-পূর্বাঞ্চল রাজ্যগুলির পার্বত্য এলাকার ছেলেরা ১৬৫, তপশিলী উপজাতি হলে ১৬২.৫) সেমি আর বুকের ছাতি না-ফুলিয়ে ৮০ (তপশিলী উপজাতি হলে ৭৭) সেমি ও ফুলিয়ে ৮৫ (তপশিলী উপজাতি হলে ৮২) সেমি। মেয়েদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ (গোর্খা, সিকিমি ও পার্বত্য এলাকার মেয়েরা ১৫৫, তপশিলী উপজাতি হলে ১৫৪) সেমি। সব ক্ষেত্রেই ওজন থাকতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। দৃষ্টিশক্তি হতে হবে কাছের বেলায় ভালো চোখে N6, খারাপ চোখে N9. দূরের বেলায় ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/৯। ভাঙা হাঁটু, পায়ের চ্যাটালো পাতা, শিরাস্ফীতি, ট্যারা দৃষ্টি, বর্ণান্ধতা কিংবো শারীরিক বা, মানসিক ত্রুটি থাকলে আবেদনের যোগ্য নন। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। শূন্যপদ : দিল্লি পুলিশের সাব-ইন্সপেক্টর পদে ৩৪০টি। এর মধ্যে ছেলে ২২৮টি (জেনাঃ ৭৯, ও.বি.সি. ৪২, তঃজাঃ ২৪, তঃউঃজাঃ ১২, ই.ডব্লু.এস. ২৩, প্রাঃসঃকঃ ১৩, প্রাঃসঃকঃ (স্পেশাল ক্যাটেগরি) ১২, বিভাগীয় ২৩। মেয়েদের জন্য ১১২টি (জেনাঃ ৫১, ও.বি.সি. ২৭, তঃজাঃ ১৫, তঃউঃজাঃ ৮, ই.ডব্লু.এস. ১১)।

সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সের সাব-ইন্সপেক্টর (জি.ডি.) পদে শূন্যপদ : ৩,৯৬০টি। মোট শূন্যপদের মধ্যে সি.আর.পি.এফ.'এর সাব-ইন্সপেক্টর পদে ৩,১১২টি। এর মধ্যে ছেলেদের জন্য ৩০০৬টি (জেনাঃ ১,২১৭, ই.ডব্লু.এস. ৩০১, ও.বি.সি. ৮১২, তঃজাঃ ৪৫০, তঃউঃজাঃ ২২৬) ও মেয়েদের ১০৬টি (জেনাঃ ৪৩, ই.ডব্লু.এস. ১০, ও.বি.সি. ২৯, তঃজাঃ ১৬, তঃউঃজাঃ ৮)। বি.এস.এফ.'এর সাব-ইন্সপেক্টর পদে ৩৫৩টি। এর মধ্যে ছেলেদের জন্য ৩৩৬টি (জেনাঃ ১৩৩, ই.ডব্লু.এস. ২০, ও.বি.সি. ১০৪, তঃজাঃ ৫৮, তঃউঃজাঃ ২১) ও মেয়েদের ১৭টি (জেনাঃ ৭, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৫, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১)। সি.আই.এস.এফ.'এর সাব-ইন্সপেক্টর পদে ৮৬টি। এর মধ্যে ছেলেদের জন্য ৭৭টি (জেনাঃ ৩৩, ই.ডব্লু.এস. ৭, ও.বি.সি. ২১, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ৫) ও মেয়েদের ৯টি (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। আই.টি.বি.পি.'এর সাব-ইন্সপেক্টর পদে ১৯১টি। এর মধ্যে ছেলেদের জন্য ১৬২টি (জেনাঃ ৬৬, ই.ডব্লু.এস. ১৪, ও.বি.সি. ৫১, তঃজাঃ ২২, তঃউঃজাঃ ৯) ও মেয়েদের ২৯টি (জেনাঃ ১২, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৯, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২)। এস.এস.বি.'এর সাব-ইন্সপেক্টর পদে ২১৮টি। এর মধ্যে ছেলেদের জন্য ২১০টি (জেনাঃ ৬৫, ই.ডব্লু.এস. ২১, ও.বি.সি. ৫৬, তঃজাঃ ৪৪, তঃউঃজাঃ ২৪) ও মেয়েদের ৮টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২)।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Recruitment of Sub-Inspector in Delhi Police and Central Armed Police Forces Examination, 2022' পরীক্ষার মাধ্যমে। প্রার্থী বাছাইয়ের পরীক্ষা হবে দু'টি পর্যায়ে। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড পরীক্ষা হবে নভেম্বরে। এইসব কেন্দ্রে : কলকাতা (৪৪১০), পোর্ট ব্লেয়ার (৪৮০২), ভুবনেশ্বর (৪৬০৪), রাঁচি (৪২০৫), গুয়াহাটি (দিসপুর) (৫১০৫), ইটানগর (৫০০১), ডিব্রুগড় (৫১০২), জোড়হাট (৫১০৭), শিলচর (৫১১১), ইম্ফল (৫৫০১), শিলং (৫৪০১), আইজল (৫৭০১), কোহিমা (৫৩০২), আগরতলা (৫৬০১), পটনা (৩২০৬), মজঃফরপুর (৩২০৫), ভাগলপুর (৩২০১)।

লিখিত পরীক্ষায় থাকবে দু'টি পেপার। প্রথম পেপারে ২০০ নম্বরের ২০০টি প্রশ্ন হবে এই সব বিষয়ে : পার্ট-এ : জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, পার্ট-বি: জেনারেল নলেজ ও জেনারেল অ্যাওয়ারনেস, পার্ট-সি: কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট, পার্ট-ডি: ইংলিশ কমপ্রিহেনশন। প্রতিটি পার্টে থাকবে ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় থাকবে ২ ঘন্টা। এরপর দ্বিতীয় পেপারের পরীক্ষা হবে। এই পেপারে ২০০ নম্বরের ২০০টি প্রশ্ন হবে ইংলিশ ল্যাঙ্গোয়েজ ও কমপ্রিহেনশন বিষয়ে। সময় থাকবে ২ ঘন্টা। সব পেপারেই প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে।

এরপর হবে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা। এই পরীক্ষায় থাকবে ছেলেদের বেলায় ১৬ সেকেন্ডে ১০০ মিটার দৌড়, ৬.৫ মিনিটে ১.৬ কিমি. দৌড়, ৩ সুযোগে ৩.৬৫ মিটার লং জাম্প, ৩ সুযোগে ১.২ মিটার হাই জাম্প, ৩ সুযোগে ৪.৫ মিটার শট পাট।

মেয়েদের বেলায় ১৮ সেকেন্ডে ১০০ মিটার দৌড়, ৪ মিনিটে ৮০০ মিটার দৌড়, ৩ সুযোগে ২.৭ মিটার লং জাম্প, ৩ সুযোগে ০.৯ মিটার হাই জাম্প। সফল হলে এরপর হবে ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩০ আগস্ট পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ssc.nic.in, www.ssconline.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো (২০ কেবির মধ্যে) ও সিগনেচার (১২ কেবির মধ্যে) স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কোনো শাখায় চালানের মাধ্যমে জমা দিতে হবে। রেজিস্ট্রেশন করার পর রেজিস্ট্রেশন নম্বর প্রিন্ট করে নেবেন। তপশিলী, প্রাক্তন সমরকর্মী ও মহিলাদের ফী লাগবে না। আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবসাইটে পাবেন। চালানের মাধ্যমে স্টেট ব্যাঙ্কে টাকা জমা দেবেন ৩১ আগস্টের মধ্যে। অ্যাপ্লিকেশন ফর্ম সংশোধন করতে পারবেন ১ সেপ্টেম্বর।

## সরকারি চাকরির প্রশিক্ষণে সাড়া ফেলেছে ICE Academy

**নিজস্ব প্রতিনিধি :** বিভিন্ন সরকারি চাকরির পরীক্ষায় ১০০% প্রস্তুতির জন্য সম্পূর্ণ বিজ্ঞানভিত্তিক প্রশিক্ষণ দিচ্ছে ICE Academy. সকল চাকরিপ্রার্থীদের মেধার ভিত্তিতে তাদের উপযুক্ত চাকরি বাছাই করতে ভরতির আগে এখানে ফ্রিতে স্পেশাল কাউন্সেলিং এর ব্যবস্থা রয়েছে। প্রতিটি বিষয়ের অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী ও রিসার্চ বেসড স্টাডি মেটেরিয়াল এর সম্ভার এই প্রতিষ্ঠানের অন্যতম সম্পদ। বর্তমানে রাজ্য ও কেন্দ্রের বিভিন্ন সরকারি দপ্তরে কর্মরত প্রাক্তন ছাত্রছাত্রীরা এই প্রতিষ্ঠানের সাফল্যের খতিয়ান বহন করে। মাত্র ৩ মাস থেকে ১ বছরের মধ্যেই অনলাইন বা অফলাইনে সঠিক প্রশিক্ষণ নিয়ে এবার আপনিও পূরণ করতে পারেন সরকারি চাকরির স্বপ্ন। প্রশিক্ষণ কেন্দ্রের ঠিকানা — ICE Academy, ২২৭এ, রাসবিহারী অ্যাভিনিউ, বালিগঞ্জ, কলকাতা-১৯ (বালিগঞ্জ রেলওয়ে স্টেশনের পাশে)। আসন্ন স্কুল সার্ভিস, WBSC, PSC, Rail, Bank সহ বিভিন্ন পরীক্ষার ১০০% প্রস্তুতির জন্য যোগাযোগ করতে হবে এই নম্বরে — 9804412898, 70445175091.












# গত দু'মাসে সফল RICE-এর বিপুল সংখ্যক ছাত্রছাত্রীর সাফল্য প্রমাণ করল উপযুক্ত প্রশিক্ষণ ও স্বচ্ছ পদ্ধতির মধ্যে দিয়ে আজও সরকারি চাকরি পাওয়া যায়

**প্রফেসর সমিত রায়,** ফাউন্ডার চেয়ারম্যান, রাইস গ্রুপ

যাঁর নেতৃত্বে দীর্ঘ ৩৭ বছর ধরে প্রায় দেড় লক্ষের বেশি ছাত্রছাত্রী কেন্দ্রীয় ও রাজ্য সরকারের চাকরি পাওয়ার ক্ষেত্রে সফল হয়েছে।

## কেন্দ্রীয় সরকারের ১০ লক্ষ শূন্যপদে কর্মী নিয়োগের ঘোষণা তুমি কি প্রস্তুত?

বিশ্বস্ত সূত্রের ঘোষণা অনুযায়ী, আগামী দেড় বছরের মধ্যে রেল, পোস্ট অফিস, প্রতিরক্ষামন্ত্রক (সিভিল) রাজস্ব (রেভেনিউ) স্বরাষ্ট্রমন্ত্রক সহ কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দপ্তরে প্রায় ১০ লক্ষ শূন্যপদে কর্মী নিয়োগ করা হবে। কেন্দ্রীয় সরকারের এইপদগুলির নিজেকে উপযুক্ত করে চাকরির পরীক্ষায় সফল হতে এখন থেকেই নিজেকে তৈরি করে নাও রাইসের সুনির্দিষ্ট প্রশিক্ষণে। গ্র্যাজুয়েশন পড়তে পড়তেই শুরু করা দরকার ভবিষ্যতের সুনির্দিষ্ট ভাবনা।

কেন প্রস্তুতি শুরু করা দরকার আগে থেকেই ?
● অনেকগুলি বিষয় পড়তে হয়, তাই অন্তত ২-৩ বছরের দরকার ● প্রতিযোগিতা খুব বেশি তাই দরকার অভিজ্ঞ নির্দেশ, সঠিক পদ্ধতি ও উন্নত পরিকল্পনা ● আসনসংখ্যা ক্রমশই বাড়ছে ● চাকরি পাওয়ার দৌড়ে এগিয়ে থাকার জন্য প্রতিদিনই সময়টা কাজে লাগানো দরকার। আর সরকারি চাকরির মতো নিশ্চিত ভবিষ্যৎ কোথাও নেই।

**UPCOMING EXAMS**
IBPS Clerk 2022 Preli
**September 2022**
IBPS RRB Officers and Office Assistant 2022
**August 2022**

### গত মাসে সরকারি চাকরির পরীক্ষায় চূড়ান্ত সফল RICE-এর জেলার ছাত্রছাত্রীদের মধ্যে কিছু সংখ্যক ছাত্রছাত্রীর সাফল্যের তথ্য প্রকাশ করা হল



**ATMADIP SAU**
INSPECTOR OF LEGAL METROLOGY IN THE W.B.G.S-2020 (PSC), ROLL-101318, RANK-5
SURYANAGAR, PURBA BARDHAMAN
নিয়মিত ক্লাস, পরীক্ষা, হ্যান্ডআউট প্রস্তুতিতে সহায়ক হয়েছে



**TAMAL CHAKRABORTY**
INSPECTOR OF LEGAL METROLOGY IN THE W.B.G.S-2020 (PSC), ROLL-108012, RANK-7
SUBHASGRAM, KOLKATA
ক্লাসে বুঝতে না পারলে স্যাররা ডাউটক্লিয়ার ক্লাসে বুঝিয়ে দিতেন



**ANIRBAN PANDA**
WB POLICE- STAFF OFFICER-CUM-INSTRUCTOR IN CIVIL DEFENCE ORGANISATION-2019, ROLL-304200887
GHATAL, PASCHIM MIDNAPORE
স্টাডি মেটেরিয়ালস ও নিয়মিত ক্লাস আত্মবিশ্বাস বাড়িয়ে দিয়েছে



**MOSTAKIN HOSSAIN**
WB POLICE- STAFF OFFICER-CUM-INSTRUCTOR IN CIVIL DEFENCE ORGANISATION- 2019, ROLL-164200086
RAIGANJ, UTTAR DINAJPUR
বিশাল সিলেবাস, কঠিন প্রতিযোগিতায় সাফল্য কী করে পেতে হয়, এখানে এসেই দেখলাম



**DEBLEENA NAG**
PSC CLERKSHIP-2019, REGIONAL,IRRIGATION & WATERWAYS DEPT-LDC, ROLL-805765
SARAT CHATTERJEE RD, HOWRAH
কম্পিটিটিভ পরীক্ষা সংক্রান্ত বইয়ের লাইব্রেরি আমায় প্রচুর হেল্প করেছে



**NINDIYA SHERPA**
PSC CLERKSHIP-2019, REGIONAL,Directorate of Textiles - Accounts Clerk-LDC, ROLL-2519020
MIRIK, DARJEELING
জেনারেল পড়ার সাথে কম্পিটিটিভ প্রিপারেশনের অনেক ফারাক।



**MADHUPARNA SEN**
PSC CLERKSHIP-2019, REGIONAL, AGRICULTURE DEPT-LDC, ROLL-1932183
JHALJHALIA, MALDA
স্যারদের পড়ানো ও ক্লাস নোট অসাধারণ



**UTTAM BARMAN**
PSC CLERKSHIP-2019, REGIONAL, Directorate of Health Service-LDC, ROLL-2426030
PATTCHARA COOCHBEHAR
প্রথমে ভয় পেলেও স্যাররাই সাফল্যের পথ দেখিয়েছিলেন



**DEBJOYATI MANDAL**
WB POLICE- STAFF OFFICER-CUM-INSTRUCTOR IN CIVIL DEFENCE ORGANISATION- 2019, ROLL-264200718
BASANTI, SOUTH 24 PARGANAS
প্রতিযোগিতামূলক পরীক্ষায় সঠিক উত্তর এবং টাইম ম্যানেজমেন্ট একটা বড় ফ্যাক্টর



**ARUP HALDER**
WB POLICE- STAFF OFFICER-CUM-INSTRUCTOR IN CIVIL DEFENCE ORGANISATION-2019, ROLL-244200527
SANTIPUR, NADIA
সব সময় স্যাররা সব রকমভাবে পড়াশুনায় হেল্প করেছেন।



**SABANA SULTANA**
WB POLICE- STAFF OFFICER-CUM-INSTRUCTOR IN CIVIL DEFENCE ORGANISATION-2019, ROLL-234201060
GOGHAT, HOOGHLY
প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতির সিস্টেমটাই আলাদা



**SOUMYA PAN**
WB POLICE- STAFF OFFICER-CUM-INSTRUCTOR IN CIVIL DEFENCE ORGANISATION-2019, ROLL-324200904
ARIADAHA, KOLKATA
সব সময় নিজের পড়ার প্রতি সজাগ থেকেছি



**PRATIP GUIN**
WB POLICE- STAFF OFFICER-CUM-INSTRUCTOR IN CIVIL DEFENCE ORGANISATION-2019, ROLL-194200156
ISLAMPUR, MURSHIDABAD
মোটিভেশন ক্লাস সাহস জুগিয়ে ছিল



**DIPANJAN MANDAL**
PSC CLERKSHIP-2019, REGIONAL, Directorate of Agriculture-LDC, ROLL-647128
MADHYAMGRAM, NORTH 24 PARGANAS
প্রথম দিন থেকেই চ্যালেঞ্জ ছিল পারব



**SOURAV KR. DAS**
WB POLICE- STAFF OFFICER-CUM-INSTRUCTOR IN CIVIL DEFENCEORGANISATION-2019, ROLL-294200838
TAMLUK, PURBA MEDINIPUR
সরকারি চাকরি পাওয়ার স্বপ্ন সফল করতে পেরেছি রাইসে পড়াশুনা করেই



**ASHIA KHATOON**
PSC CLERKSHIP-2019, REGIONAL, SCHOOL EDUCATION DEPT-LDC, ROLL-223589
MAHESHTALA, SOUTH 24 PARGANAS
ক্লাস টেস্ট, মকটেস্ট ভুল ত্রুটি শুধরে নিতে সাহায্য করেছে

**নিজস্ব মেথডোলজিতে RICE-এর অনলাইন ও অফলাইন কোর্সের বিভিন্ন মৌলিক সুবিধা**

• সবচেয়ে অভিজ্ঞ প্রশিক্ষক • উন্নত স্টাডি মেটেরিয়াল • গ্রুপ ডিসকাশন • মক টেস্ট • দৈনিক, সাপ্তাহিক, মাসিক ও সেমেস্টার পরীক্ষা • ইন্টারভিউ, প্রেজেন্টেশন পার্সোনালিটি টেস্টের স্পেশাল গ্রুমিং • লাইব্রেরি

সাফল্যের তালিকায় নিজের নাম দেখতে হলে যোগাযোগ করুন আজই **62921 90230** | ricesmart.in

বেলঘরিয়া (হেড অফিস) 84799 02085 / 84799 18051 | শিয়ালদহ (সিটি অফিস) 84799 17959 / 84799 02091 | বেহালা 84799 17961 | সোনারপুর 84799 17962
হাওড়া ময়দান 84799 17956 | বারাসাত 84799 00574 | শিলিগুড়ি 84799 17965 | কোচবিহার 84799 00576 | মালদা 84799 17953 | বহরমপুর 84799 17952
বর্ধমান 84799 00575 | আসানসোল 84799 00577 | দুর্গাপুর 84799 00578 | খড়গপুর 84799 17955 | মেদিনীপুর | 84799 17954 | তমলুক 84799 17957

RICE EDUCATION | ricesmart
TOGETHER IN SUCCESS

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. Phone No. : (033) 2460 6211/12, Fax No. : (033) 2460-8233. E-Mail : karmsang@gmail.com